ইটেডি। রাজা গাধিনা, প্থবীকেণ ভদাব্যেন যজেন, ইট্বা দেবান্ প্জয়িছা, তে সহস্রসংখ্যকা এবাখাঃ, দিলাভিষু ত্রাদ্দণেষ্ দ্রাঃ। তদা চ তৈঃ হ ধ্যখ-দিবোদাসোশীনবৈ-দ্রিভিঃ পাথিবৈঃ, তেভ্যো দিজাভিড্যঃ ক্রীছা, প্রত্যেকং দে দে শতে প্রাপ্তে ॥৭॥

অপবাণীতি। হে দিলসভ্য। অপবাণ্যপি চতাবি হয়ানাং শতানি, দিলাতিভিনীয়-মানানি, সম্মত্যনেনেভি সন্তাবং পদাতিশ্বিন্, ইতস্ততো দহ্যভিন্ন তাঞ্চাসন্ ॥৮॥

এবনিতি। ইমাং ক্লাম্, বাভ্যামখণভাজ্যাং ব্যোবখণভয়োনিমিতে, তাঁখ বিখানিতায় দিবেদম দেছি। গতসমোহতিরোহিতবিবাদঃ। অসি ভবিশুসি ।৯—১০॥

'ভাহাই হইবে' এই কথা বলিয়া ঋচীকমূনি বক্লণালয়ে গমন করিলেন এবং সেখানে অশ্বতীর্থে সেইরূপ সহস্র অশ্ব লাভ করিয়া (ভাহা আনিয়া) গাধি-রাজাকে দান করিলেন ॥৬॥

গাধিরাজা পৃত্তরীক্যক্ত কবিয়া সেই অশ্বগুলি ব্রাহ্মণগণকে দিয়াছিলেন; তথন সেই হর্যাশ, দিবোদাস ও উশীনববাজা ব্রাহ্মণদের নিকট হইতে ক্রের্ম কবিয়া প্রত্যেকে হুই শত কবিয়া অশ্ব পাইয়াছিলেন (সেই গুলিই তুমি শুক্রপে পাইয়াছ) ॥৭॥

ছিলশ্রেষ্ঠ ! প্রাক্ষণেরা অবশিষ্ট চাবি শত অশ্ব লইয়া চলিয়াছিলেন, এমন সময়ে পথে নানাদিক্ হইতে দস্যুবা আসিধা সেগুলিকে অপহবণ করিযা-ছিল ॥৮॥

গালব ! এই কাবনে সেৰূপ অথ আর পাওয়া কখনও সম্ভবপর নহে। অভএব ধর্মাত্মন্! অবশিষ্ট ছুই শভ অথেব পবিবর্ত্তে এই কল্যাটাকে সেই ছয় শত গালবস্তং তথেত্যুক্ত্বা স্থপর্ণসহিতস্ততঃ।
আদায়াশ্বাংশ্চ কন্সাঞ্চ বিশ্বামিত্রমূপাগমৎ ॥১১॥
আশানাং কাজ্জিতার্থানাং বড়িমানি শতানি বৈ।
শতদ্বয়েন কন্সেয়ং ভবতা প্রতিগৃহ্ছতাম্ ॥১২॥
আশাং রাজর্ষিভিঃ পুত্রা জাতা বৈ ধার্দ্মিকাস্ত্রয়ঃ।
চতুর্থং জনমত্বেকং ভবানপি নর্রোক্তমম্ ॥১৩॥
পূর্ণান্থেবং শতান্সক্ষোঁ ভূরগাণাং ভবস্তু তে।
ভবতো হুনুণো ভূত্বা তপঃ কুর্য্যাং যথাস্থখম্ ॥১৪॥
বিশ্বামিত্রস্ত তং দৃষ্ট্বা গালবং সহ পক্ষিণা।
কন্সাঞ্চ তাং বরারোহামিদং বচনমত্রবীৎ ॥১৫॥

ভাবতকোমুদী

গালব ইতি। স্বপর্ণেন গকডেন সহিতঃ। স্ববাক্যসমর্থনার্থং গরুডসাহিত্যম্॥১১॥ গালব আহ শ্ব অখানামিতি। কাজ্জিতার্থানামিটরপাণাম্। শতব্য়েন তদর্থে॥১২॥ অস্তামিতি। বাজবিভির্ধ্যখাদিভিত্তিভিঃ কবণৈঃ। একং পুত্রম্॥১৩॥

পূর্ণানীতি। তুবগাণাম্ 'একতঃ ভাষকর্ণানাম্' ইত্যাদিনা ভবত্তকরপাণাম্। হর্ব্যখাদিভি-বেব বান্ধভিঃ কন্তায়া দ্বিশতামতুল্যতাস্বীকারাদিতি ভাবঃ ॥১৪॥

অধেব সহিত বিশ্বামিত্রেব নিকট সমর্পণ কব। দ্বিজগ্রেষ্ঠ! তাহা হইলেই তোমাব বিষাদ যাইবে এবং তুমি কৃতকার্য্য হইবে'॥৯—১০॥

'ভাহাই হউক' এই কথা গৰুড়কে বলিষা গালব সেই ছয় শত অশ্ব এবং ক্ষন্তাটীকে লইয়া গৰুড়েব সহিত যাইয়া বিশ্বামিত্রের নিকট উপস্থিত হইলেন (এবং বলিলেন—) ॥১১॥

'গুৰুদেব! আপনাব অভীষ্ট এই ছয় শত অশ্ব এবং অবশিষ্ট ছুই শত অধেব পৰিবৰ্ত্তে এই কন্সাটী আপনি গ্ৰহণ কৰুন ॥১২॥

হৰ্যশ্ব, দিবোদাস ও উশীনব এই তিন জন ৰাজৰ্ষি ইহাৰ গৰ্ভে তিনটা ধাৰ্মিক পুত্ৰ উৎপাদন কৰিয়াছেন; আপনিও ইহাৰ গৰ্ভে চতুৰ্থ নবোত্তম একটা পুত্ৰ উৎপাদন কৰুন ॥১৩॥

এইভাবে আপনারও আট শত অং পূর্ণ হউক, আমিও আপনাব নিকট অনুণী হইয়া যথাস্থথে ভপস্তা কবি' ॥১৪॥

বিশ্বামিত্র গকড়েব সহিভ গালবকে এবং সেই ববাবোহা কন্যাটীকে দেখিয়া এই কথা বলিলেন—॥১৫॥

⁽১৫) -ববাবোহামিদসিভাত্রবীছচ:--বা ব বা নি।

কিমিযং পূর্বমেবেছ ন দত্তা মম গালব !। পুত্রা মমৈব চত্বারো ভবেযুঃ কুলভাবনাঃ ॥১৬॥ প্রতিগৃহ্লামি তে কন্সামেকপুত্রফলায় বৈ। অখাশ্চাপ্রমমাসাত্য চরস্তু মম সর্বশঃ ॥১৭॥

নারদ উবাচ।

দ তয়া রমমাণোহথ বিশ্বামিত্রো মহাত্যুতিঃ।
আত্মজং জনমানাদ মাধবীপুত্রমফকম্ ॥১৮॥
জাতমাত্রং স্তব্ধ তব্ধ বিশ্বামিত্রো মহামুনিঃ।
দংযোজ্যাথৈন্তথা ধর্মেরখৈন্তেঃ দমযোজ্যুৎ ॥১৯॥
অথাফকঃ পুবং প্রায়ান্তদা দোমপুরপ্রভন্।
নির্যাত্য কন্সাং শিস্থায় কৌশিকোহপি বনং যথো ॥২০॥

ভাবতকোমূদী

विष्यि । शक्तिभा शक्तरा । ववात्वाशम्ख्यनि ज्याम् ॥১৫॥

কিমিতি। কুলভাবনা বংশকবা:। তস্তা: পুত্তচতুষ্টয়ব্যেবাবগমাদিত্যাশয়: ॥১৬॥

প্রতীতি। একঃ পুত্র এব ফলং তব্যৈ। সর্বশঃ সর্বত্র ॥১৭॥

শ ইভি। অটকং নাম, দৰ্ববত্ত তথৈবোল্লেখাৎ ॥১৮॥

षाতেতি। অর্থের নৈ:, ধর্মো: ক্ষরিয়োচিতৈ: ॥১৯॥

অথেতি। পুবং বিধামিত্রশৈষ্টেব :নগবন্, সোমপুরপ্রভং চন্দ্রনগরত্লাশুলোজ্জনম্। নির্বাত্য প্রত্যর্প্য, কন্তাং মধিবীম্, শিক্ষায় গালবান, বিশামিত্র: কৌশিক: ॥২০॥

ভাবতভাবদীপঃ

গালবমিতি ॥১—৭॥ সম্বাবে মার্গে ॥৮—১৯॥ নির্বাত্য প্রত্যর্প্য, শিক্সায় গালবায় ॥২০—২৪॥

ইতি উদ্যোগপর্বণি নৈলকন্ঠীয়ে ভারতভাবদীপে দশাধিকশততমোহব্যায়: ॥১১০॥

'গালব। তুমি পূর্বেই কেন এই কন্যাটীকে আমাব নিকট সমর্পণ কর নাই? তাহা হইলে আমাবই ত বংশকব চাবিটী পুত্র হইত ॥১৬॥

সে যাহা হউক, একটা পুত্রেব জন্মই আমি তোমাব কন্সাটীকে গ্রহণ কবিলাম; আব অশ্বগুলি আমাব আশ্রমে আসিয়া সর্বত্র বিচৰণ ককক'॥১৭॥

নাবদ বলিলেন—'ভাহাব পব মহাতেঞা বিশ্বামিত্র সেই কন্যাটীব সহিত বমণ কবিতে থাকিয়া যথাসময়ে ভাহার গর্ভে 'অন্তক্ত-'নামে একটা পুত্র উৎপাদন কবিলেন ॥১৮॥

নহামুনি বিশ্বানিত্র সেই পুত্রটী জ্বিদাবামাত্রই ভাহাকে ধন ও ক্ষত্রিযধর্শন দান শ্বিয়া সেই অশ্বগুলিও দান ক্বিলেন ॥১৯॥ গালবোহপি স্থপর্ণেন সহ নির্যাত্য দক্ষিণাম্।
মনসাতিপ্রতীতেন কন্সামিদমুবাচ হ ॥২১॥
জাতো দানপতিঃ পুত্রস্ত্রমা শূরস্তথাহপরঃ।
সত্যধর্ম্মরতশ্চান্সো যজা চাপি তথা পরঃ॥২২॥
তদাগচ্ছ বরারোহে! তারিতস্তে পিতা স্থতৈঃ।
চত্মারশ্চৈব রাজানস্তথা চাহং স্থমধ্যমে!॥২৩॥

নারদ উবাচ।

গালবস্ত্বভাসুজ্ঞায় স্থপর্ণং পদ্মগাশনম্। পিতুনির্যাত্য তাং কন্যাং প্রযথো বনমেব হ ॥২৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ববিণি ভগবদ্যানে গালবচরিতে দশাধিকশততমোহধ্যাযঃ ॥ ॰॥ #

ভাবতকোমূদী

গালব ইতি। স্থপর্ণেন সহ মিলিখা, নির্ধাত্য বিশামিত্রায় দম্বা। অতিপ্রতীতেন অতিসম্ভটেন, ক্লাং মাধ্বীম্ ॥২১॥

জাত ইভি। দানপতির্বস্থমনাং, শূবং প্রতর্দনং, সত্যধর্মবতং শিবিং, যজা চু অটকং, উৎপত্তিক্রমাৎ তথৈব বিবৰণাচ্চ ॥২২॥

তদিতি। তে তথা, পিতা যযাতি:। চত্বাবো বাজান:—হর্ষ্যখ-দিবোদাসোশীনব-বিখামিত্রা:। বিখামিত্রতা ভূতপূর্ব্বাজত্বাদ্রাজমধ্যোক্তি:। আত্মনন্তাবণঞ্চ গুকদক্ষিণাত: ॥২০॥
গালব ইতি। পিতৃর্ঘাতেবস্তিকে, নির্ঘাত্য প্রত্যপ্য, তাং কল্লাং মাববীম্ ॥২৪॥
ইতি মহামহোপাধ্যায-শ্রীহ্বিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাবাং মহাভাবতটীকাবাং
ভাবতকৌমূদীসমাধ্যাবামৃদ্যোগপর্বণি ভগবদ্যানে দশাধিকশততমোহধ্যাব: ॥০॥

তাহাব পৰ অষ্টক যথাসমযে চন্দ্ৰনগবেব স্থায় শুভ্ৰবৰ্ণ ও উজ্জল বিশ্বামিত্ৰেব ভূতপূৰ্ব বাজধানীতে গমন কবিলেন এবং বিশ্বামিত্ৰও মাধবীকে পুনবায় গালবেৰ হস্তে প্ৰত্যৰ্পণ কবিয়া বনে চলিয়া গেলেন ॥২০॥

গালবও গৰুড়েব সহিত মিলিত হইযা গুৰুদদ্দিণ। দান কবিষা অতিসন্তুষ্ট চিত্তে মাধবীকে এই কথা বলিলেন—॥২১॥

'বংসে! তোমাব প্রথমপুত্র (বস্থমনা) অসাধাবণ দাতা, দ্বিতীযপুত্র (প্রত-দ্দন) মহাবীব, তৃতীয়পুত্র (শিবি) সত্যধর্মে নিবত এবং চতুর্থপুত্র (অষ্টক) যাজিক ইইয়া জনিয়াছে ॥২২॥

অতএব ববাবোহে! স্থুমধ্যমে। তুমি আইস, তুমি পুত্রগণদাবা পিত। য্যাতিকে, চাবি জন বাজাকে এবং আমাকে উদ্ধাব কবিযাছ' ॥২৩॥

একোনবিংশত্যধিকশততমোহধ্যায়
 'বা ব বা নি ।

একাদশাধিকশততমোহধ্যায়ঃ।

नांबन छैवां ।

স তু রাজা পুনস্তস্থাঃ কর্ত্ত্বামঃ স্বয়ংবরম্।
উপগন্যাশ্রমপদং গঙ্গাধামুনসঙ্গমে ॥১॥
গৃহীতমাল্যদামাং তাং রথমারোপ্য মাধবীম্।
পুরুর্বজ্ব ভগিনীমাশ্রমে পর্যধাবতাম্ ॥২॥
নাগ্যক্ষমসুস্থাণাং গন্ধর্বমৃগপক্ষিণাম্।
শৈলক্রমবনোকানামাসীক্তর সমাগমঃ ॥০॥
নানাপুরুষদেশ্যানামীশ্বরেশ্চ সমাকুলম্।
ঋষিভিত্র স্কর্বস্লেশ্চ সমস্তাদার্তং বনম্ ॥৪॥

ভাবতকোমুদী

শেষং মাধবীচবিতমাহ স ইতি। বাজা যথাতিঃ, কর্ত্তুকামঃ অভবদিতি শেষঃ। ঋষিববেণ ভদানীমপি মাধবাাঃ পুনঃ ক্যাকপত্বেন স্বযংববায়োজনং ন দোষায় ॥১॥

গৃহীতেতি। পৃকর্ষত্ব যবাতিপুত্রো। পর্যাধাবতাং ক্রতমগচ্ছভাম্ ॥২॥ নাগেতি। শৈলা ক্রমবনানি চ গুকা আশ্রয়া যেষাং ভেষাং বাক্ষসাদীরাম্ ॥৩॥ নানেতি। নানাপুক্ষদেখানাং নানাদেশীয়পুক্ষধাধাম্, ঈশ্ববৈ বাজভিঃ ॥৪॥

নাবদ বলিলেন—'ভাহাব পব গালব, সর্পভোজী গকড়েব অনুমভিক্রমে সেই মাধবীকে যযাভিব নিকট প্রভার্প্ণ কবিয়া উপোবনেই চলিয়া গেলেন' ॥২৪॥

নাবদ বলিলেন—'যযাতিবাজা প্রযাগেব আশ্রমে যাইযা পুনবায় কন্সা মাধবীৰ স্বয়ংবৰ কবিবাৰ ইচ্ছা কবিলেন ॥১॥

-•@•----

তখন তাঁহাব পুত্ৰ যত্ন ও পুক ষয়ংববমাল্যধাবিণী ভগিনী মাধ্বীকে বথে তুলিয়া লইয়া সম্বৰ সেই আশ্রমে চলিয়া গেলেন ॥২॥

সেখানে নাগ, যক্ষ, মনুয়া, গন্ধর্ব্ব, পশু, পক্ষী এবং পর্ববভবাসী ও বনবাসী প্রাণিগণেব সমাগম হইল ॥৩॥

আব নানাদেশীয় বাজগণ আসিয়া সে তপোবনটীকে পবিপূর্ণ কবিলেন এবং ব্রহ্মাব তুল্য ঋষিবা আসিয়া সকলদিকে আবৃত কবিলেন ॥৪॥

⁽১) - शक्षायम् नमक्त्य-- ि वा व वा ।

নির্দিশ্যমানেয় তু সা বরেয় বরবর্ণনী।
বরামুৎক্রম্য সর্বাংস্তান্ বরং রুতবতী বনম্ ॥৫॥
অবতীর্য্য রথাৎ কন্যা নমস্কত্য চ বন্ধুয়ু।
উপগম্য বনং পুণ্যং তপস্তেপে য্যাতিজ্ঞা ॥৬॥
উপবাসৈশ্চ বিবিধৈলীক্ষাভিনিয়মৈস্তথা।
আত্মনো লঘুতাং কৃত্বা বভূব মুগচারিণী ॥৭॥
বৈদুর্য্যাক্ষরকল্পানি মৃদূনি হরিতানি চ।
চরন্তী শ্লক্ষমশপ্পাণি তিক্তানি মধুবাণি চ॥৮॥
অবন্তীনাঞ্চ পুণ্যানাং হ্রব্যানি শুচীনি চ।
পিবন্তী বারিমুখ্যানি শীতানি বিমলানি চ॥৯॥
বনেয় মুগবাসেয় সিংহবিপ্রোমিতেয় চ।
দাবামিবিপ্রম্কেয় শুন্সেয় গহনেয় চ॥১০॥
চবন্তী হবিণৈঃ সার্দ্ধং মুগীব বনচারিণী।
চচার বিপুলং ধর্ম্মং ব্রক্ষচর্য্যেণ সংস্কৃতম্ ॥১১॥ (ক্লাপক্ষ্)

ভাবতকোমুদী

নিবিতি। উৎক্রমা বিহায়। ববং তদানীং শ্রেষ্ঠং বনমেৰ বৃতবভী ।৫।

অবেতি। বন্ধু পিত্রাদিষ্। যদাভিজ। মাধবী ॥৬॥

উপেতি। আশ্বনো দেহত চিত্তত চ, লঘুতাং কুশতাং বাগাদিশ্রতাঞ্চ ॥ ॥

বৈদুর্ব্যতি। প্লক্ষণশাণি মন্থণতৃণানি। অবন্তীনাং নদীনাম্। মৃগাণাং হবিণানাং বাসো যেষ্ তেষ্, সিংহা বিপ্রোষিতা দ্বং গতা যেভাতেষ্, দাবাগিনা বিপ্রম্ভেষ্ পবিত্যক্তেষ্, শ্রেষ্ অপবথাপদবহিতেষ্, গহনেষ্ নিবিডেষ্। সংবৃত্যু আর্তং বক্ষিতমিতি যাবং ॥৮-১১॥

তখন লোকেবা ববদিগকে নির্দেশ কবিয়। দিতে লাগিলে, বববর্ণিনী মাধবী দেই সকল ববকে পবিত্যাগ কবিয়া তপোবনকেই ববনপে ববণ কবিলেন ॥৫॥

য্যাতিনন্দিনী মাধবী বথ হইতে নামিয়। বন্ধুগণকে নমস্কাব কবিয়া পবিত্র তপোবনে যাইয়া তপস্থা কবিতে আবম্ভ কবিলেন ॥৬॥

তিনি নানাবিধ উপবাস, দীক্ষা ও নিয়মদাব। দৈহ ও মনেব লঘুতা সম্পাদন কবিয়া মুগযুথমধ্যে বিচৰণ কবিতে লাগিলেন ॥৭॥

ক্রমে মাধবী ব্রহ্মচাবিণী হইয়া কখনও ক্ষুদ্র ক্ষুদ্র বৈদ্র্য্যমণিব তুল্য, কোমল, হবিদ্বর্ণ, তিক্ত, মধুব ও মস্থা তৃণসমূহেব উপব দিয়া বিচৰণ কবিতেন; কখনও পবিত্র নদীসমূহেব সুস্বাদ, পবিত্র, শীতল ও নির্মাল উত্তম জল পান কবিতেন;

⁽১০) বনেষ্ মূগবাজেষ্ ব্যাছবিপ্রোষিতেষ্ চ। দাবানিবিপ্রযুক্তেষ্ বা ব বা নি।

যযাতিরপি পূর্বেষাং রাজ্ঞাং রভমন্থান্তিতঃ।
বছবর্ষসহস্রায়ুর্যুজে কালধর্মণা ॥১২॥
পৃকর্যজ্ল দে বৌ বংশে বর্দ্ধমানো নরোভ্রমো।
তাজ্যাং প্রতিষ্ঠিতো লোকে পরলোকে চ নাহুষঃ ॥১৩॥
মহীপতে। নরপতির্যযাতিঃ স্বর্গমান্থিতঃ।
মহিষকল্লো নৃপতিঃ স্বর্গাগ্র্যফলভূথিভুঃ ॥১৪॥
বহুবর্ষসহস্রাথ্যে কালে বহুগুণে গতে।
রাজ্যিয়ু নিষধ্যেয়ু মহীয়ঃয়্র মহিষয়ু ॥১৫॥

ভাবতকোমুদী

ষ্যাতিবিতি। বৃত্তং চবিত্রম্, অন্থ লক্ষ্যীক্বত্য স্থিতঃ সন্। কালধর্মণা মৃত্যুনা ॥১২॥
পুকবিতি। বংশক্ব্রা বর্দ্ধমানো অভ্নাম্। নাহ্যো য্যাতিঃ ॥১৩॥
মহীতি। নৃপতিবিশি মহর্ষিক্রঃ। স্বর্গস্থ অগ্রায়লভূক্ শ্রেষ্ঠস্থভোগী ॥১৪॥
বহ্বিতি। বহুগুণে বহুস্থস্যে। নিয়প্তেই উপবিষ্টেষ্। মৃঢ়ম্মের বিগতং জ্ঞানং যথা
সঃ। যেন হি নিজগৌববেণ বিস্ফাবিইচেতন আসীং। ন চ স্বপ্ণাকীর্ত্তনক্পাপবাধেন
ভাবতভাবদীপঃ

স তু বাজা আশ্রমপদম্পগন্য কর্জুকাম: অভূদিতি শেষ: ॥১॥ পর্যধাবক্তাং ববাদেষণাযেত্যর্থ: ॥২—৫॥ বনং বনবাসম্ ॥৬॥ আজ্মনঃ চিত্তস্ত লঘুতাং বাগদেয়াদিমলবাহিত্যেন ক্র্যার্থভেদনে শীঘ্রতাম্ ॥৭—১॥ ব্যাঘ্রাণাং বিপ্রোবিতং পর্যটনং বেষ্ ॥১০—১১॥ যুষ্জে যোগং প্রাপ্তবান্ কালবর্মণা মৃত্যুন। ॥১২॥ নাহ্বং যয়তি: ॥১০—২২॥

ইতি উদ্যোগপৰ্কণি নৈলক্ষ্ঠীয়ে ভাৰতভাবদীপে একাদশাধিকশততমোহধ্যায়ঃ ॥১১১॥

আব কখনও সিংহপ্রভৃতিহিংশ্রজন্ত দাবাগ্নিবহিত ও হবিণযুক্ত নিবিড় বনে বনচাবিণী হবিণীব স্থায হবিণগণেব সহিত ভ্রমণ কবিতেন। এই ভাবে তিনি বিপুল ধর্ম সঞ্চয কবিতে লাগিলেন ॥৮—১১॥

এদিকে যথাতিও বহুবংসৰ আয়ু লাভেব পৰে প্রাচীন ৰাজাদেৰ চবিত্র অনু-সাবে আশ্রমে থাকিষা মৃত্যুমুখে পতিত হইলেন ॥১২॥

যযাতিনন্দন নবশ্রেষ্ঠ ষষ্ঠ ও পূক ইহাবা ছই জন বংশবৃদ্ধি কবিতে থাকিযা যযাতিকে ইহলোকে প্রতিষ্ঠিত কবিয়াছিলেন, পরে প্রলোকেও প্রতিষ্ঠিত কবিলেন ॥১৩॥

বাজা। নবপাল হইষাও মহর্ষিকল্প যযাতিবাজা স্বর্গে যাইয়া স্বর্গেব উত্তম সুথ সকল ভোগ কবিতে লাগিলেন ॥১৪॥

^{(:} ৫) মহীশংস্থ মহর্ষিষ্—বাব বানি।

অবমেনে নরান্ সর্বান্ দেবানৃষিগণাংস্তথা।

যথাতিমূ ঢ়বিজ্ঞানো বিশ্বয়াবিউচেতনঃ ॥১৬॥ (যুগ্মকম্)

ততন্তং বুবুধে দেবঃ শক্রো বলনিষ্দনঃ।

তে চ রাজর্ষয়ঃ সর্বে ধিগ্ধিগিত্যেবমক্রবন্ ॥১৭॥

বিচারশ্চ সমূৎপন্নো নিবীক্ষ্য নহুষাত্মজ্ঞম্।

কো স্বয়ং কস্থা বা রাজ্ঞঃ কথং বা স্বর্গমাগতঃ ॥১৮॥

কর্মণা কেন সিদ্ধোহয়ং ক বাহনেন তপশ্চিতম্।

কথং বা জ্ঞায়তে স্বর্গে কেন বা জ্ঞায়তেহপ্যুত ॥১৯॥

এবং বিচারয়ন্তন্তে রাজানং স্বর্গবাসিনঃ।

দৃষ্ট্বী পপ্রচ্ছুরন্থোত্যং য্যাতিং নৃপ্তিং প্রতি ॥২০॥

বিমানপালাঃ শতশো স্বর্গদারাভিরক্ষিণঃ।

পৃষ্টা আসনপালাশ্চ ন জানীনেত্যথাক্রবন্ ॥২১॥

ভাবতকোমুদী

শতনমিত্যাদিপর্বান্তবিবোধ ইতি বাচ্যম্ উভযোবেব পতনকাবণত্বাৎ অংশততত্ত্ব অংশত-শ্চাত্রোক্তত্বাৎ ॥১৫—১৬॥

ডত ইতি। বুৰুধে ষ্ণাতিত্বেন জ্ঞাতবান্॥১৭॥

বিচাব ইতি। বিচাবো বিতর্কঃ। কন্ম বা বাজ্ঞঃ পুত্র ইতি শেষঃ ॥১৮॥

কর্মণেতি। চিতম্ অঙ্গিতম্। কথং কেন প্রকাবেণ ॥১৯॥

এবমিডি। বিচাবয়স্তো বিতর্কয়ন্তঃ, বাঙ্গানং য্যাতিম্ ॥২০॥

এইভাবে সেথানে সূথময় বহুসহত্র বংসব অতীত হইলে, একদা য্যাতি আত্মগৌববে বিস্মযাপন্ন হওয়ায় মূঢ়েব মত জ্ঞানশৃত্য হইয়া সমস্ভ দেবতা, ঋষি ও মনুষ্যুকে অবজ্ঞা করিলেন ॥১৫—১৬॥

ভাহাব পব বলদৈত্যহন্তা দেববাজ যথাতিকে চিনিতে পাবিলেন। কিন্তু সেই বাজধিবা সকলে 'ধিক্ ধিক্' এইকপ বলিলেন ॥১৭॥

য্যাতিকে দেখিয়া বাজৰিদেব মধ্যে বিতৰ্ক উপস্থিত হইল—এ ব্যক্তিটা কে ? কোন্ বাজাবই বা পুত্ৰ ? কি প্ৰকাবেই বা এ স্বৰ্গে আসিল ? ॥১৮॥

কোন্ কাধ্যদ্বাবা এ সিদ্ধি লাভ কবিল ? কোথায়ই বা এ তপস্থা কবিয়া-ছিল ? কিপ্ৰকাবেই বা ইহাকে স্বৰ্গে জানা যাইবে ? কোন্ ব্যক্তিই বা ইহাকে জানে ? ॥১৯॥

স্বৰ্গবাসী সেই বাজৰ্ষির। যথাতিব বিষয়ে এইনপ বিভৰ্ক কবিতে থাকিয়া তাঁহাব প্রতি দৃষ্টিপাত কবিয়া প্রস্পার প্রশ্ন কবিতে লাগিলেন ॥২০॥ সর্বে তে স্থার্তজ্ঞানা নাভ্যজ্ঞানন্ত তং নৃপম্।

শ মুহূর্ত্তাদথ নৃপো হতৌজ্ঞাশ্চাভবত্তদা ॥২২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামূদ্যোগপর্বাণি
ভগবদ্যানে য্যাতিমোহে একাদশাধিকশতত্তমোহ্ধ্যায়ঃ॥০॥ *

ত্বাদশাধিকশতত্যোহধ্যায়ঃ।

নারদ উবাচ।

অথ প্রচলিতঃ স্থানাদাসনাচ্চ পরিচ্যুতঃ।
কম্পিতেনেব মনসা ধর্ষিতঃ শোকবহ্নিনা॥১॥
মানঅগ্অফবিজ্ঞানঃ প্রঅফাত্রগান্তরঃ।
বিঘূর্ণন্ অস্তসর্বাঙ্গঃ প্রঅফাতরণান্তরঃ॥২॥
অদৃশ্যমানস্তান্ পশ্যমপশ্যংশ্চ পুনঃ পুনঃ।
শৃশ্যঃ শৃন্যেন মনসা প্রপতিষ্যন্ মহীতলম্॥৩॥

ভাৰতকোমূদী

বিমানেতি। পৃষ্টা বাজবিপ্রভৃতিভি:। ন জানীস এনমিতি শেষ: ॥২১॥
সর্ব ইতি। আবৃতজ্ঞানা: তিবোহিতাতীক্রিয়বোধা:। হতৌজাত্তৈরের ॥২২॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহবিদাসসিদ্ধান্তবাঙ্গীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভাবতকৌস্দীসমাধ্যায়ামৃদ্যোগপর্কণি ভগবদ্যানে একাদশাধিকশততমোহধ্যায়:॥৽॥

প্রসাদ্যবাতিচরিতথেষ্যাই অথেতি। ধবিত আকুলীক্বতঃ। স্লান্সক্ বিক্নত্যাল্যঃ।
ক্রমে শত শত বিমানপালক, স্বর্গছাববক্ষক এবং আসনপালককেও ভাঁহারা
প্রশ্ন কবিলেন; তখন তাহারা বলিল—'আমরা ইহাকে চিনি না' ॥২১॥

বাজর্ষিদেব জ্ঞান তিবোহিত হইযাছিল বলিয়া তাঁহারা ষ্যাতিকে চিনিতে পাবিলেন না। এদিকে য্যাতিরাজা তখন সুহূর্ত্তের পরই তেজোবিহীন হইয়া পড়িলেন' ॥২২॥

নারদ বলিলেন—'তাহার পব য্যাতিরাজা আসন হইতে বিচ্যুত হইয়া স্বস্থান হইতে শ্বলিত হইলেন, শোকানলে আকুল হইয়া পড়িলেন, তাহার মন

 ^{&#}x27;…বিংশভাধিকশততমোহধ্যায়' বা ব বা নি ।

কিং ময়া মনসা ধ্যাতমশুভং ধর্মদূষণম্।
যেনাহং চলিতঃ স্থানাদিতি রাজা ব্যচিন্তয়ৎ ॥৪॥ (কলাপকম্)
তে তু তত্ত্বৈর রাজানঃ সিদ্ধাশ্চাপ্সরসন্তথা।
অপশ্যস্ত নিরালম্বং তং য্যাতিং পরিচ্যুতম্ ॥৫॥
অথেত্য পুরুষঃ কশ্চিৎ ক্ষীণপুণ্যনিপাতকঃ।
য্যাতিমত্রবীদ্রাজন্! দেবরাজস্য শাসনাৎ ॥৬॥
অতীব মদমত্ত্বং ন কঞ্জিরাবমন্যসে।
মানেন ভ্রম্বঃ স্বর্গস্তে নার্হস্বং পার্থিবাত্মজ্ঞ।।
ন চ প্রজ্ঞায়সে গচ্ছ পত্তম্বতি তমত্রবীৎ ॥৭॥

ভাবতকৌমূদী

তম্সাবৃত্তাদলৈ বৃত্তামান:। শৃতঃ স্বর্গাশাবহিতঃ। ধর্মদ্যণং পুণ্যনাশক্ষ্। বাজা য্যাতিঃ ॥১---।

ত ইতি। তত্ৰ স্বৰ্গে স্থিতা এব। নিবালম্বং নিবাশ্ৰয়ম্ ॥৫॥ অথেতি। ক্ষীণপুণ্যান্ জনান্ নিপাত্যতীতি ক্ষীণপুণ্যনিপাতকঃ ॥৬॥

অতীবেতি। নার্হোন স্বর্গবাসবোগ্যা। প্রজ্ঞাবনে পবিচীবনে। বটুপাদোহয়ং প্লোকঃ ॥१॥ বেন কাঁপিতে লাগিল, মালা স্লান হইল, জ্ঞান চলিয়া গেল, মুকুট ও কেযুব-প্রভৃতি অলঙ্কাব খুলিযা পড়িল, অঙ্গ সকল শিথিল হইল, এবং বল্ল স্থানচ্যুত হইয়া গেল; ক্রমে তিনি ঘুবিতে লাগিলেন, অন্ধকাবে আবৃত হওয়ায় তাঁহাকে কেহ দেখিতে পাইল না, অথ চ তিনি বাব বাব তাঁহাদিগকে দেখিতে লাগিলেন, আবার কথনও কখনও দেখিতে পাইলেনও না। এই অবস্থায় য্যাতিবাজা শৃত্যমনে স্বর্গবাসেব আশা ত্যাগ কবিলেন এবং ভূতলে পভিত হইবার পূর্বের্গ এইবাপ চিন্তা কবিতে লাগিলেন—'আমি মনে মনে পুণ্যনাশক কোন্ অমঙ্গল চিন্তা করিলাম, যাহাতে আমি স্থানচ্যুত হইলাম ?'॥১—৪॥

কিন্তু সেই রাজগণ, সিদ্ধগণ ও অপ্সবোগণ সেই স্থানে থাকিয়াই য্যাতি-বাজাকে স্বৰ্গচ্যুত ও নিৰাশ্ৰয় অবস্থায় দেখিতে লাগিলেন ॥৫॥

তাহার প্র ক্ষীণপুণ্য লোকদিগেব নিপাতনকারী কোন পুক্ষ আসিয়া দেব-রাজের আদেশক্রমে য্যাতিকে বলিল—॥৬॥

'বাজপুত্র! তুমি অত্যস্ত-মদ-মত্ত হইয়া কাহাকেও যে অবজ্ঞা কব নাই, এমন নহে। স্কুত্বাং তুমি অভিমানবশতঃ স্বর্গবাসের যোগ্য নহ বলিয়া তোমাব স্বর্গ জন্ত হইল। তোমাকে কেহ চিনিতেও পাবেন নাই। অতএব যাও পতিত হও' এই কথা দেবদূত য্যাতিকে বলিল॥৭॥ পতেষং সৎস্থিতি বচস্তমুক্ত্যা নহুষাত্মজঃ।
পতিষ্যংশ্চিন্তয়ামাস গতিং গতিমতাং বরঃ ॥৮॥
এতস্মিমেব কালে তু নৈমিষে পাথিবর্ষভান্।
চতুরোহপশ্যত নৃপস্তেষাং মধ্যে পপাত হ ॥৯॥
প্রতর্জনো-বহুমনাঃ শিবিরোশীনরোহকীকঃ।
বাজপেয়েন যজেন তর্পয়ন্তি হুরেশ্বন্ম্ ॥১০॥
তেষামধ্বৰজং ধূমং স্বর্গদারমুপস্থিতম্।
য্যাতিরুপজিন্তান্ বৈ নিপপাত মহীং প্রতি ॥১১॥
ভূমো স্বর্গে চ সম্বদ্ধাং নদীং ধূমময়ীমিব।
গঙ্গাং গামিব গচ্ছন্তীমালস্ব্য জগতীপতিঃ ॥১২॥

ভাবতকোমূদী

পতেবমিতি। সংস্থ সক্ষনমধ্যে। গতিং গমনস্থানম্ ॥৮॥
এতশিলিতি। নৈমিষে নৈমিষাবণ্যে। পপাত পতনং নিৰূপ্যামাস ॥৯॥
প্রতদ্দন ইতি। উশীনবস্থাপত্যমৌশীনবঃ শিবিবিত্যেক এব ॥ ১০॥
তেষামিতি। উপস্থিতমূপগতম্ ॥ ১১॥

ভ্নাবিতি। সম্বন্ধ শ্বিচ্ছিন্নপ্ৰবাহাম্। গাং পৃথিবীং গচ্ছন্তীং গদানিব চ স্থিতাম্, ভাৰতভাবদীপঃ

দথেতি ॥১—৩॥ ধর্মদ্বণং পুণ্যনাশকম্ ॥৪—१॥ প্রজ্ঞার্মে হীনভেছ্ছেন অপ্রকাশহাৎ
॥৮—৯॥ শিবিবৌশীনব ইত্যেবং ॥১০—১১॥ এক ইবশবং পাদপূর্ণাথং। গঙ্গাং নদীমিব
'আমি সজ্জনগণেব মধ্যেই পতিত হইতে চাই' এই কথা বলিযা ধার্মিক-শ্রেষ্ঠ য্যাতি পতিত হইবাব পূর্বে পত্নস্থানেব চিন্তা ক্বিলেন ॥৮॥

এই সম্বেই য্যাতি নৈমিষাবণ্যে চাবি জন প্রধান বাজাকে দেখিতে পাই-লেন এবং তাহাদেব মধ্যেই পতিত হইবেন বলিয়া স্থিব কবিলেন ॥১॥

প্রতর্দন, বস্থননা, উশীনবপুত্র শিবি ও জষ্টক এই চাবিজন বাজা বাজপেয-যক্তদাব। তৎকালে দেববাজেৰ ভৃপ্তি সাধন কবিতেছিলেন ॥১০॥

তাঁহাদেব যজেব ধ্ম যাইযা স্বৰ্গদাবে উপস্থিত হইতেছিল। স্থতরাং যথাতি সেই ধূমেব আছাণ কবিতে কবিতে ভ্তলেব দিকে পতিত হইতে লাগি-লেন ॥১১॥

সেই ধ্নেব ধাবা ভূতলে ও স্বর্গে সংযুক্ত হইয়াছিল; স্কুতবাং তাহা ধ্ন-ন্মী একটা নদীৰ আয় এবং ভূতলপাতিনী গন্ধাৰ তুল্য দেখা যাইতেছিল।

⁽b) दह्खिक्टा वावगनि।

শ্রীমংশ্ববস্থাগ্রোর চতুর্ প্রতিবন্ধুর।
মধ্যে নিপতিতো রাজা লোকপালোপমের সং ॥১০॥ (র্যাকম্)
চতুর্ হুতকল্পের রাজসিংহমহাগ্রির।
পপাত মধ্যে রাজর্ষির্যাতিঃ প্রাসংক্ষয়ে ॥১৪॥
তমাহুঃ পার্থিবাঃ সর্বে দীপ্যমানমিব শ্রোয়া।
কো ভবান্ কস্থ বা বন্ধদে শস্থ নগরস্থ বা ॥১৫॥
যক্ষো বাহপ্যথবা দেবো গন্ধর্বো রাক্ষসোহপি বা।
ন হি মানুষরপোহসি কো বাহর্থঃ কাজ্জ্যতে ত্বয়া ॥১৬॥
যযাতিক্রবাচ।

যযাতিরশ্মি রাজ্যিঃ ক্ষীণপুণ্যশ্চ্যুতো দিবঃ।

পতেয়ং সৎস্থিতি খ্যায়**ন্ ভবৎস্থ** পতিতন্ততঃ ॥১৭॥

ভাবতকৌমুদী

ধুমধাবামালম্য। শ্রীমংস্থ কান্তিমংস্থ, অবভূথেন মানেন অগ্যা: শ্রেষ্ঠান্তেষ্, প্রতিবন্ধ্র্ দৌহিত্রমাৎ প্রমবন্ধ্র্ ॥১২—১৩।

চতুর্দিতি। ত্তকল্পের্ হোমাস্পদীক্বতাগ্নিত্লোর্, বান্দসিংহা এব মহাগ্রবন্তের্ ॥১৪॥ তমিতি। দেশস্থ নগবস্থ বা লোক ইতি শেষঃ ॥১৫॥

যক ইতি। হি যশাং। অর্থো বস্তু ॥১৬॥

যযাতিবাজা সেই ধুমধাবা অবলম্বন কবিয়া লোকপালতুল্য কান্তিশালী, অবভৃথস্নানপবিত্র এবং পরমবন্ধু সেই চাবি জন বাজাব মধ্যে যাইয়া পতিত হইলেন ॥১২—১৩॥

পুণ্যক্ষয় হইলে বান্ধৰ্ষি যযাতি, চাবিটী হুতাগ্নিতুল্য চাবি জন বাজভোঠকপ মহাগ্নির মধ্যস্থানেই পতিত হুইয়াছিলেন ॥১৪॥

তাহাব পব তিনি আপন কাস্তিতে যেন দীপ্তি পাইতে লাগিলেন; তখন বাজারা সকলে তাহাকে বলিলেন—'আপনি কে? কাহাব বন্ধৃ? কোন্ দেশেব বা কোন্ নগবের লোক ? ॥১৫॥

আপনি কোন যক্ষ, কিংবা দেবতা, অথবা গন্ধর্ব, বা বাক্ষস হইবেন। কারণ, আপনার ত মানুবেব মত রূপ নহে। সে যাহা হউক, আপনি কোন্ বস্তু লাভ করিবার ইচ্ছা কবেন ?'॥১৬॥

যবাতি বলিলেন—'আমি বার্জবি যবাতি, আমাব পুণ্যক্ষয় হইযাছে বলিযা আমি স্বৰ্গ হইতে বিচ্যুত হইয়াছি। সজনদিগের মধ্যে পতিত হইব ইহা ভাবিয়াই স্বৰ্গ হইতে আপনাদের মধ্যে আসিয়া পতিত হইয়াছি ॥১৭॥

রাজান উচুঃ।

সত্যমেতম্ভবতু তে কাহ্মিতং পুরুষর্যত।। সর্বেষাং নঃ ক্রতুফলং ধর্মান্চ প্রতিগৃহতাম্ ॥১৮॥

যযাতিরুবাচ।

নাহং প্রতিগ্রহধনো ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো হৃহম্। ন চ মে প্রবণা বৃদ্ধিঃ প্রপুণ্যবিনাশনে ॥১৯॥

নারদ উবাচ।

এতস্মিনেব কালে জু মৃগচর্য্যাক্রমাগতাম।
মাধবীং প্রেক্ষ্য রাজানস্তেহভিবাতেদমক্রবন্ ॥২০॥
কিমাগমনকৃত্যং তে কিং কুর্মাঃ শাসনং তব ।
ভাজ্ঞাপ্যা হি বয়ং সর্বে তব পুত্রাস্তপোধনে । ॥২১॥
নারদ উবাচ। গ

তেষাং তদ্ভাষিতং শ্রুত্থা মাধবী পরয়া মুদা। পিতরং সমুপাগচ্ছদ্যযাতিং সা ববন্দ চ ॥২২॥

ভাবতকোমূদী

যথাতিবিতি। সংস্থ সজ্জনানাং মধ্যে, থাগন্ চিন্তবন্, ততো দিব: ॥১৭॥
সত্যমিতি। সত্যং সফলম্। নং অস্মাকম্, ক্রত্কলং ক্রতুফলরপং ॥১৮॥
নেতি। প্রতিগ্রহাদ্ধনং বস্তু সং। প্রবণা উৎস্কা ॥১৯॥
এতসিমিতি। মৃগেয় চর্ঘা বিচবণং তৎক্রমেণাগতাম্। তে প্রতর্দনাদবং ॥২০॥
কিমিতি। আগমনস্ত ক্রতাং প্রয়োজনম্। শাসনমাদেশম্ ॥২১॥

বাজাবা বলিলেন—'পুকষশ্রেষ্ঠ! আপনাব এই অভীষ্ট বিষয় সফল হউক; আপনি আমাদের সকলেব যজ্ঞফলকাপ ধর্ম গ্রহণ ককন' ॥১৮॥

যযাতি বলিলেন—'আমি প্রতিগ্রহকারী ব্রাহ্মণ নহি, আমি ক্ষত্রিয়। বিশেষতঃ আমার মন পবেব পুণ্য লোপ কবিতে উৎস্কুকও নহে'॥১৯॥

নারদ কহিলেন—'এই সমযেই মৃগমধ্যে বিচবণক্রমে সমাগতা মাধবীকে দেখিয়া তাঁহাকে অভিবাদন কবিয়া সেই রাজাবা এই কথা বলিলেন—॥২০॥

'তপোধনে! আপনাব আসিবাব প্রযোজন কি ? আমবা আপনাব কোন্ আদেশ পালন কবিব ? আমবা সকলেই আপনাব পুত্র। স্কৃতবাং আপনি আমাদিগকে আদেশ করিতে পাবেন'॥২১॥

নারদ বলিলেন—'মাধবী ভাঁহাদেব সেই কথা শুনিয়া অত্যস্ত আনন্দে পিতা যযাতির নিকট গমন কবিলেন এবং ভাঁহাকে প্রণাম কবিলেন ॥২২॥

স্পৃষ্ট্বা মুর্দ্ধনি তান্ পুতাংস্তাপদী বাক্যমত্রবীৎ। দৌহিত্রান্তব রাজেন্দ্র ! মম পুত্রা ন তে পরাঃ ॥২৩॥ ইমে ত্বাং তারয়িয়ন্তি দৃষ্টমেতৎ পুরাতনে। অহং তে ছুহিতা রাজন্! মাধবী মুগচারিণী ॥২৪॥ ময়াহপ্যুপচিতো ধর্মস্ততোহর্দ্ধং প্রতিগৃহতাম্। যশ্মাদ্রাজন্ ! নরাঃ সর্বে অপত্যফলভাগিনঃ। তস্মাদিচ্ছন্তি দৌহিত্রান্ যথা জং বহুধাধিপ । ॥২৫॥

নারদ উবাচ।

ততত্তে পার্থিবাঃ সর্বে শির্সা জননীং তদা। অভিবাল্ত নমস্কৃত্য মাতামহমথাব্রুবন্ ॥২৬॥ উচ্চৈরন্থপনেঃ স্নিধাঃ স্ববৈরাপূর্য্য মেদিনীম্। মাতামহং নৃপতয়স্তারয়স্তো দিবশ্চ্যুতম্ ॥২৭॥ (যুগাকম্)

ভাৰতকৌমুদী

তেষামিতি। প্ৰধা অত্যম্ভষা। বৰন্দ ষ্যাভিমেৰ ॥২২॥

স্পৃষ্টে তি। তাপসী মাধবী। পৰা নিঃসম্পৰ্কা: ॥২৩॥

ইম ইতি। পুবাতনে কালে। মুগেষ্ চবতীতি মুগচাবিণী ॥২৪॥

মযেতি। উপচিতঃ সঞ্চিতঃ। অপত্যায়ণভাগিনঃ সন্থানকৃতকর্মায়ণভোক্তাবঃ। যথা ষমিতি "অহং দৌহিত্রবান্ স্থাং বৈ" ইতি অবৈব পূর্ব্বমৃক্তমাদিতি ভাবঃ। ষট্পাদোহয়ং द्मिकः ॥२०॥

তত ইতি। তে পাথিবা: পৃথিবীসম্বন্ধিনো নূপত্যঃ প্রতর্দনাদ্য:। অন্থপনৈর্যনোহ্বমে, क्तिरेश्ववकर्करेनः। তাবयन्नः भूनर्तिवः नयन्नः ॥२७—२ १॥

তাহাব পৰ মাধৰী সেই পুত্ৰগণেৰ মস্তকস্পৰ্শ কৰিয়া এই কথা বলিলেন— 'বাজ্ঞেষ্ঠ। ইহাবা আমাব পুত্র, স্থুতবাং আপনাব দৌহিত্র। অতএব ইহাব। আপনাব পব নহেন ॥২৩॥

বাজা! ইহাবা আপনাকে উদ্ধাব কবিবেন। একপ ঘটনা পূর্বকালেও তৎকালেব লোকেবা দেখিয়াছে। আব আমি আপনাৰ তন্যা মৃগমধ্যচাবিণী भाधवी ॥५८॥

বাজা। আমিও ধর্মসঞ্যু কবিষাছি; স্কৃতবাং আপনি তাহাবও অদ্ধ গ্রহণ ককন। যে হেতু মানুষেবা সকলে সম্ভানকৃতকর্দ্মফল ভোগ কবিযা থাকে; সেই হেতু তাহাবা দৌহিত্র কামন। কবে; যেমন আপনি কবিযাছিলেন'॥২৫॥

নাবদ কহিলেন—'তাহাব পব সেই বাজাবা সকলেই মন্তক্ষাবা জননী

⁽২৪) - দিষ্টনেতৎ পুবাতনম নি। (২৭) ইতঃ প্রম্ 'বাছান উচুঃ' নি।

রাজ্ধর্দাগুণোপেতাঃ সত্যধর্দাগুণারিতাঃ।
দোহিত্রান্তে বরং রাজন্! দিবমারোহ পার্থিব!॥২৮॥
নারদ উবাচ। শ
অধাকস্মাদ্ধপগতো গালবোহপ্যাহ পার্থিবম্।
তপ্রসো মেহফভাগেন স্বর্গমারোহতাং ভবান্॥২৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতারাং বৈয়াসিক্যামূদ্যোগপর্বিণি
ভগবদ্যানে য্যাতিস্বর্গল্রংশে দ্বাদশাধিকশতত্মোহধ্যায়ঃ॥০॥ *

ভারতকৌমুদী

কিমক্রবন্ধিত্যাহ বাছেতি। বাজ্ঞো ধর্মা ছ্টনিগ্রহশিষ্টান্থগ্রহাদয়ঃ গুণাশ্চ শৌর্ঘাদয়-খৈরুপেতাং, সত্যেন তথ্যবাক্যাদিনা ধর্মেণ পুণ্যেন গুণেদরাদাক্ষিণ্যাদিভিশ্চান্থিতাং, বয়ং তে দৌহিতাং। অতোহমন্গুণাদেব দিবমাবোহ ॥২৮॥

অথেতি। অকস্মাদভর্কিতভাবেন। অইভাগেন অইমাংশেন ॥২৯॥ ইতি মহামহোপাধ্যায-শ্রীহবিদাদিদ্ধান্তবাগীণভট্টাচার্ঘ্যবিবচিতারাং মহাভাবতটীকাযাং ভাবতকৌমূদীসমাধ্যাযামূদ্যোগপর্কণি ভগবদ্যানে দ্বাদশাধিকশততমোহধ্যায়ঃ ॥০॥

——(::)—— ভাবতভাবদীপঃ

ধ্মময়ীং লেগামালম্য নিপপাতেতি সম্বদ্ধঃ ॥১২॥ প্রতিবন্ধুর্ দৌহিত্রপ্পের্ ॥১৩—১৪॥ বন্ধুঃ পালয়িতা ॥১৫—২৩॥ পুবাতনে জনাদিকালপ্রাবৃত্তে বেদে ॥২৪—২৮॥ অইভাগেন অই-মাংশেন ॥২০॥

ইতি উদ্যোগণর্মণ নৈলক্ষ্পীয়ে ভাৰতভাবদীপে বাদশাধিকশতভমোহধ্যায় ॥১১২।
মাধবীকে এবং মাভামহ য্যাভিকে নমস্কাব কবিয়া, স্বর্গচ্যুত মাভামহ য্যাভিকে
উদ্ধাব কবিবাব জন্ম উচ্চ, নিকপম ও স্লিগ্ধ স্ববে পৃথিবী পূর্ণ কবিয়া এই কথা
বলিলেন—॥২৬—২৭॥

'বাজা। বাজাব ধর্ম ও গুণসম্পন্ন এবং সাধারণ সত্য, ধর্ম ও গুণসমন্বিত আমবা আপনাব দৌহিত্র। স্মৃতবাং আপনি স্বর্গে আবোহণ করুন'॥২৮॥

নাবদ কহিলেন—'তৎপবে গালবও অতর্কিতভাবে উপস্থিত হইয়া য্যাতি-বাজাকে বলিলেন—'মহাবাজ! আপনি আমাব তপস্থাব অষ্ট্রম ভাগ লইয়া স্বর্গে আবোহণ ককন' ॥২৯॥

--:0:-

⁽২৮) শ্লোক: পি বা ব বা নান্তি। ক অন্তঃ পাঠঃ পি বা ব বা নান্তি। (২০) অৰ্থ তম্মাত্বগতঃ পি বা ব বা। * ' একবিংশতাধিকশততমোহধ্যাক্য' বা ব বা নি।

ত্রগোদশাধিকশততমোহধ্যায়ঃ।

নারদ উবাচ।

প্রত্যভিজ্ঞাতমাত্রেহিথ সন্ধিত্তৈর্বরপূঙ্গবঃ।
সমারুরোহ নৃপতিরস্পূশন্ বয়ধাতলম্ ॥১॥
যথাতির্দিব্যসংস্থানো বভুব বিগতজ্বঃ।
দিব্যমাল্যাম্বরধরো দিব্যাভরণভূষিতঃ ॥২॥
দিব্যগন্ধগুণোপেতো ন পৃথীমস্পূশৎ পদা।
ততো বয়মনাঃ পূর্বমূচৈরুক্ষারয়ন্ বচঃ॥
থ্যাতো দানপতিলোকে ব্যাজহার নৃপং তদা।
প্রাপ্তবানস্মি যলোকে সর্ববর্ণেষগর্হয়া॥৪॥
তদপ্যথ চ দাস্থামি তেন সংযুজ্যতাং ভবান্।
যথ ফলং দানশীলস্থ ক্ষমাশীলস্থ যথ ফলম্॥৫॥
যক্ষ মে ফলমাধানে তেন সংযুজ্যতাং ভবান্।
ততঃ প্রতর্দনোহপ্যাহ বাক্যং ক্ষত্রিয়পুঞ্গবঃ॥৬॥ (কলাপকম্)

ভাৰতকোমুদী

প্রতীতি। সমারুবোহ স্বর্গমাবোচুমাবেভে। অস্পুশন্ দেবনিয়মাদিত্যাশয়ঃ ॥১॥
যযাতিবিভি। দিব্যসংস্থানো দিব্যাঙ্গঃ, বিগভজবন্তিবোহিতসন্তাপঃ ॥২॥
দিবোভি। নাস্পৃশৎ যযাতিবিভ্যন্তবৃত্তিঃ। নৃপং যযাতিম্। যৎ পুণ্যম্। অগর্হগা
অনিন্দয়া। দান্তামি তুভ্যম্। আধানে অগ্নিগ্রহণে ॥৩—৬॥

নাবদ বলিলেন—'তদনস্তব সেই প্রতর্জনপ্রভৃতি সাধুবা চিনিবামাত্রই নরশ্রেষ্ঠ য্যাতি ভূতলম্পর্ণ না কবিয়াই স্বর্গে আবোহণ কবিতে আবস্ত কবি-লেন ॥১॥

যযাতিব সমস্ক অঙ্গ স্থন্দৰ হইল, মনেব সন্তাপ লোপ পাইল; তিনি দিব্য মাল্য ও বন্ত্ৰ ধাৰণ কবিলেন এবং দিব্য অলঙ্কাবে অলঙ্কত হইলেন॥২॥

কিন্তু তিনি দিব্য-সোবভ-সম্পন্ন হইষা চবণদ্বাব। ভূতলম্পর্শই কবিলেন না। তাহাব পব জগতে 'দানপতি' বলিষা বিখ্যাত বস্থমনা সকলেব পূর্বে উচ্চস্ববে

⁽১) প্রত্যভিজ্ঞান**মা**ঝোইথ · পি।

যথা ধর্মরতির্নিত্যং নিত্যং যুদ্ধপরায়ণঃ।
প্রাপ্তবানিশ্ম যলোকে ক্ষত্রধর্ম্মোদ্ভবং যশঃ॥৭॥
বীরশব্দকলং চৈব তেন সংযুজ্যতাং ভবান্।
যথা ধর্ম্মে রতির্নিত্যং তেন সত্যেন খং ব্রজ্ঞ ॥৮॥ (যুগ্মকম্)
শিবিরোশীনরো ধীমানুবাচ মধুরাং গিরম্।
যথা বালেয়ু নারীয়ু বৈবাছেয়ু তথৈব চ॥৯॥
সঙ্গরেয়ু নিপাতেয়ু তথা তদ্বাসনেয়ু চ।
অনৃতং নোক্তপূর্বং মে তেন সত্যেন খং ব্রজ্ঞ ॥১০॥ (যুগাকম্)

ভাৰতকৌমুদী

বংগতি। ধর্মে ভায়ে বতিবহুবাগো বস্তু স:। যশসো ধর্মোম্ভবহাদ্ধর্ম এবাত্র মুখ্য ইতি ভাব:। তেন ধর্মেণ। ধর্মে পুণ্যে। খমাকাশং স্থর্গনিত্যর্থ: 19—৮॥

শিবিবিভি। বৈবাহেষ্ বিবাহম্নকসমন্ত্র খালকাদিষ্। সম্বরের রুদ্ধের্, নিপাতেষ্ বিপংস্থ, তদাসনেষ্ দৃতোদির। অনৃতং মিথাা, যে ময়া ॥>--->।॥

ভাবতভাবদীপঃ

প্রত্যভিত্তাতেতি ॥১—৫1 মাবানে ময়্যাধানোপলকিতে শ্রেতিধর্মে ॥৬—৮॥ বৈহার্ম্বে প্রিহাসেন লালনীয়ের্ খালসমন্ধাদির্ ॥৯॥ আপংস্থ সমট্ের্ ব্যসনের্, দ্যুভাদির্, বং মর্গম্॥১٠—১৯॥

ইতি উদ্যোগপর্বণি নৈলক্ষ্ণীয়ে ভাবতভাবদীপে ত্রনোদশাধিকশততমোহধ্যায়: ॥১১৩॥

বাক্য উচ্চাবণ কবিতে থাকিয়া যথাতিকে বলিলেন—'আমি জগতে সকল বর্ণের
নিন্দা ব্যতীত যে পুণ্য লাভ কবিয়াছি, তাহাও আমি আপনাকে দান কবিব,
আপনি সেই পুণ্যসংযুক্ত হউন। আব দানশীলেব যে পুণ্য ও ক্ষনাশীলের
যে পুণ্য হয এবং অগ্নিগ্রহণে আমাব যে পুণ্য হইয়াছে, আপনি সেই সকল
পুণ্যযুক্তও হউন'। ভৎপবে ক্ষত্রিয়শ্রেষ্ঠ প্রতর্দ্ধনও এই কথা বলিলেন—॥৩—৬॥

'দর্বদা আরানুরাগী ও যুদ্ধপরায়ণ হইয়া জগতে আমি যে ক্ষত্রিয়ধর্মসমূত যশ লাভ কবিয়াছি এবং 'বীব-' উপাধি পাইয়াছি, আপনি সেই ধর্মসংযুক্ত হউন; আর সর্বদা আমাব পুণ্যে যে অনুরাগ রহিয়াছে, সেই সত্যধর্মবশতঃ আপনি স্বর্গে গমন করুন' ॥৭—৮॥

তাহার পর বৃদ্ধিনান্ উশীনবপুত্ত শিবি এই মধুব বাক্য বলিলেন—'বালক, স্ত্রীলোক ও শ্যালকপ্রভৃতির নিকটে এবং যুদ্ধে, বিপদে ও দ্যুতক্রীড়াপ্রভৃতির

⁽৭) সত্ৰবংশোদ্ভবং ৰশং—বা ব বা নি। (৮) দ্বিতীয়াৰ্দ্ধং পি বা ব রা নান্তি।
(১) বৈহার্ফোর্ তথৈব চ—বা ব বা নি।

যথা প্রাণাংশ্চ রাজ্যঞ্চ রাজন্! কামস্থানি চ।
ত্যজেয়ং ন পুনঃ সত্যং তেন সত্যেন থং ব্রজ ॥১১॥
যথা সত্যেন মে ধর্ম্মো যথা সত্যেন পাবকঃ।
শ্রীতঃ শতক্রতুশ্চেব তেন সত্যেন থং ব্রজ ॥১২॥
অইকস্থথ রাজর্ষিঃ কোশিকো মাধবীহতঃ।
অনেকশতযক্ষানং নাছ্যং প্রাহ ধর্মাবিৎ ॥১৩॥
শতশঃ পুগুরীকা মে গোসবাশ্চরিতাঃ প্রভা !।
ক্রতবো বাজপেয়াশ্চ তেবাং ফলমবাপুহি ॥১৪॥
ন মে রক্ষানি ন ধনং ন তথাত্যে পরিচ্ছদাঃ।
ক্রতুদমুপযুক্তানি তেন সত্যেন থং ব্রজ ॥১৫॥
নারদ উবাচ।
যথা যথা হি জল্লন্ডি দোহিত্রান্তং নরাধিপম্।
তথা তথা বহুমতীং ত্যক্ত্রা রাজা দিবং যথো ॥১৬॥

ভারতকোমুদী

যথেতি। তাজেয়ং ত্যকুং শঙ্কু যাম্। সত্যেন সত্যপালনেন ॥১১॥
যথেতি। ধর্মো দেব:, পাবক আহিতো বহিং। শতক্রত্বিস্তঃ ॥১২॥

অষ্টক ইতি। কৌশিকো বিশামিত্রপুত্রং। অনেকং শতমিষ্টবানিত্যনেকশত্যজানম্ ॥১৬॥
শতশ ইতি। পুগুবীকা গোসবাক্ষ নাম। ক্রতবো যক্ষাং ॥১৪॥
নেতি। অমুপযুক্তানি ন নিযুক্তানি, ইতি ন, নিযুক্তায়েবেত্যর্থঃ ॥১৫॥

সময়ে আমি পূর্বে যে মিথ্যা কথা বলি নাই, সেই সত্যেব বলে আপনি স্বর্গলোকে গমন করুন' ॥৯—১০॥

রাজা। কামসুখ, বাজ্য, এমন কি প্রাণপর্য্যস্ত আমি ত্যাগ কবিতে পাবি, কিন্তু যে সত্য ত্যাগ কবিতে পাবি না, সেই সত্যেব বলে আপনি স্বর্গে গমন করুন ॥১১॥

আর আমাব যে সভ্যেব গুণে ধর্মদেব এবং যে সভ্যেব প্রভাবে অগ্নিদেব ও দেববাজ সম্ভপ্ত হইযাছেন, সেই সভ্যের বলে আপনি স্বর্গে গমন করুন' ॥১২॥

তাহাব পব মাধবীব গর্ভজাত বিশ্বামিত্রপুত্র ধর্মজ্ঞ রাজর্বি অষ্টক, অনেক-যজ্ঞকাবী য্যাতিকে বলিলেন—॥১৩॥

প্রভু! আমি যে শত শত পুগুৰীক, গোসব ও বাজপেষ যক্ত কবিয়াছি, আপনি সেগুলির ফল লাভ ককন ॥১৪॥

ধন, বত্ন ও অন্যান্য পবিচ্ছদ-(আসবাব) প্রভৃতি সকল বস্তুই যে যজে আমি নিযুক্ত কবিয়াছি, সেই সতাধর্মেব বলে আপনি বর্গে গমন ককন' ॥১৫॥

এবং দর্বে দমস্তৈন্তে রাজানঃ স্থক্তিন্তদা।

যথাতিং স্বৰ্গতো ভ্ৰফং তারয়ামান্তরঞ্জদা ॥১৭॥

দৌহিত্রাঃ স্থেন ধর্ম্মেণ যজ্ঞদানক্তেন বৈ।

চতুর্যু রাজবংশেরু সংভূতাঃ কুলবর্জনাঃ।

মাতামহং মহাপ্রাজ্ঞং দিবমাবোপয়ন্ত তে॥১৮॥

রাজান উচুঃ।

রাজধর্মগুণোপেতাঃ সর্বধর্মগুণান্বিতাঃ।
দৌহিত্রান্তে বয়ং বাজন্! দিবমারোহ পাথিব!॥১৯॥
ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামূদ্যোগপর্ববিণি ভগবদ্যানে য্যাতিস্বর্গারোহণে ত্রয়োদশাধিকশততমোহধ্যায়ঃ॥০॥ *

ভাবতকোমূদী

যথেতি। বহুনতীং তংসান্নিধ্যম্। বাদ্ধা যথাতিঃ ॥১৬॥ এবমিতি। স্থকুতিঃ পুণ্যৈঃ। অঞ্বদা শীদ্ধমেব ॥১৭॥

দৌহিত্তা ইতি। চতুর্ হ্যাখ-দিবোদাসোশীনব-কৌশিকসংস্টের্। ষট্পাদোহযং শ্লোক: ॥১৮॥

রাজেতি। বাজো ধর্মা ভাষা গুণাশ্চ বীবভাদরতৈকপেতাঃ, সর্বে ধন্মাঃ পুণ্যানি গুণাশ্চ দ্যাদান্দিণ্যাদরতৈবন্ধিতাশ্চ। দিবমাবোহ অন্মংপ্রদত্তধর্মবলেনেতি ভাবঃ ॥১৯॥

ইতি নহামহোপাধ্যান-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতারাং নহাভাবভটীকারাং ভাবতকৌম্দীসমাধ্যানামৃদ্যোগপর্কণি ভগবদ্যানে ত্তনোদশাবিকশতভনোহধ্যাক ৪০৪

নাবদ বলিলেন—'সেই দৌহিত্রেবা যেমন যেমন য্যাতিকে সেইকপ বলিতে লাগিলেন, তেমন তেমন তিনি পৃথিবীব সান্নিধ্য ত্যাগ কবিয়া স্বর্গে উঠিতে লাগিলেন ॥১৬॥

এইভাবে সেই বাজাবা সকলে আপন আপন সমস্ত পুণ্যদ্বাবা বর্গভ্রষ্ট য্যাতিকে সম্ব উদ্ধাব কবিলেন ॥১৭॥

চারিটী বাজবংশে উৎপন্ন বংশবর্জক সেই চাবি জন দৌহিত্র যক্ত ও দানরত আপন আপন পুণ্যদাবা মহাপ্রাজ্ঞ মাতামহ যযাতিকে স্বর্গে তুলিয়া দিযা-ছিলেন ॥১৮॥

তৎকালে সেই বাজাবা বলিযাছিলেন—'বাজা। বাজাব ধর্ম ও গুণসম্পন্ন এবং সাধারণ ধর্ম ও গুণসমন্বিত আমবা আপনাব দৌহিত্র। স্তুতবাং নবনাথ! আমাদেব পুণ্যবলে আপনি স্বর্গে আবোহণ বরুন'॥১৯॥

⁽১৭) · সনতৈতৈ বাজানম্ সকৃতিভ্ৰষ্ট্য পি। 🗲 ' · ছাবিংশত্যধিক-ভত্যোগ্যায়া' বা ব রা নি।

চতুর্দশাধিকশততমোহধ্যারঃ।

নারদ উবাচ।

সম্ভিরারোপিতঃ স্বর্গং পার্থিবৈভূর্বিদক্ষিণৈঃ। অভ্যন্থজায় দৌহিত্রান্ যযাতির্দিবমাস্থিতঃ ॥১॥ অভির্ফশ্চ বর্ষেণ নানাপুষ্পস্থগন্ধিনা। পরিষক্তশ্চ পুণ্যেন বাযুনা পুণ্যগন্ধিনা ॥২॥ অচলং স্থানমাসাগ্ত দৌহিত্রফলনির্জিভম্। কর্মভিঃ স্বৈরুপচিতো জম্বাল পরয়া শ্রেয়া ॥৩॥ (যুগ্মক্স) উপগীতোপনৃত্তশ্চ গন্ধর্বাপ্সরসাং গণৈঃ। প্রীত্যা প্রতিগৃহীতশ্চ স্বর্গে তুন্দুভিনিস্বনৈঃ ॥৪॥ . অভিষ্টু তশ্চ বিবিধৈদে বরাজর্ষিচারণৈঃ। অর্চিতশ্চোত্তমার্ঘেণ দৈবতৈরভিনন্দিতঃ ॥৫॥

ভাবতকৌমুদী

সম্ভিবিতি। পার্থিবৈ: প্রতর্দনাদিভি:। দিবং স্বর্গম্, আস্থিত আন্ত্রিত: ॥১॥ वर्सन बृद्धा। পविषक जानिकिछः। ज्ञानमक्यम्। सोहिज्यस्नन অভীতি। নিজিভমায়ত্তীকৃতম্। কর্মভির্জ্ঞাদিভি:, উপচিতো বর্দ্ধিত: ॥২—৩॥ উপেতি। প্ৰতিগৃহীতো দেবৈৰাদবেণ নীভঃ ॥৪॥

ষভীতি। অভিষুতঃ স্তবেন তোষিতঃ। দৈবতৈর্দেবৈঃ ॥৫॥

নাবদ বলিলেন—'সাধুচবিত্র ও প্রচুব-দক্ষিণা-দাতা সেই বাজাবা স্বর্গে তুলিয়া দিলে, য্যাতি সেই দৌহিত্রগণকে বিদাষ দিয়া যাইয়া স্বর্গে আশ্রয় न्हरन्न ॥১॥

তখন ভাহাব উপবে নানাবিধ সুগন্ধি পুষ্প বর্ষণ হইল এবং পবিত্র ও পবিত্র-সৌবভ-বাহী বাযু আসিয়া তাঁহাৰ সেবা কবিতে লাগিল; এই অবস্থায় তিনি দৌহিত্রগুণে অর্জিত অক্ষয স্থান লাভ কবিয়া এবং আপন কর্দ্মগুণে বৰ্দ্ধিত হইয়া পৰম দীপ্তিতে জ্বলিতে লাগিলেন ॥২—০॥

দেবতাবা প্রীতিসহকাবে তৃন্দুভি বাদন করিয়া তাঁহাকে গ্রহণ কবিলেন এবং গন্ধৰ্বগণ ও অব্দ্বোগণ আসিয়া নৃত্য-গীত কবিতে লাগিল॥৪॥

প্রাপ্তঃ স্বর্গফলকৈব তমুবাচ পিতামহঃ।
নির্বৃতং শান্তমনসং বচোভিস্তর্পয়ন্নিব ॥৬॥
চতুম্পাদস্থয়া ধর্মশ্চিতো লোক্যেন কর্মণা।
অক্ষয়ন্তব লোকোহয়ং কীর্তিশ্চেবাক্ষয়া দিবি ॥৭॥
পুনস্তুয়েব রাজর্বে! স্বক্তনে বিঘাতিতম্।
আরতং তমসা চেতঃ সর্বেবাং স্বর্গবাসিনাম্ ॥৮॥
যেন ঘাং নাভিজানন্তি ততোহজ্ঞাতোহসি পাতিতঃ।
শ্রীত্যৈব চাসি দোহিত্রৈস্তারিতস্ত্বমিহাগতঃ॥৯॥

ভাবতকৌমুদী

প্রাপ্ত ইতি। প্রাপ্তো য্যাতি:। নির্ভিং স্থবিনম্, শান্তমনসং নির্মালচিত্তম্ ॥৬॥
চত্বিতি। তপোদানবজ্ঞসানরপাশ্চতাবঃ পাদা যক্ত সং। চিত্ঃ অর্জিতঃ, লোকে
ভবমিতি লোক্যং ভূলোকাস্টিতং তেন। লোকঃ স্বর্গঃ ॥৭॥

পুনবিতি। স্বকৃতেন দেবাগুবজ্ঞাস্থাকেন দোষেণ। তমসা স্বজ্ঞানেন ॥৮॥
যেনেতি। নাভিন্সানন্তি দেবাদযো ন পবিচিন্নন্তি। স্বজ্ঞাতঃ পাতিতক্ষ তৈবেব ॥১॥
ভাবতভাবদীপঃ

সন্তিবিতি ॥১॥ বর্ষেণবৃষ্ট্যা ॥২—৬॥ চতুম্পাদ: তপোষ্জ্ঞজানদানবান্। স্বহিংসা সত্যমন্তেরমান্তাঞ্চিত বা পাদা: ॥৭॥ স্থক্তেন সমাক্সম্পাদিতেন কর্মণা মহা সমোহত্তো নাত্তীতি বাক্প্রযোগেণ। তম্সা ক্রোধেন ॥৮॥ নাভিজানন্তি শ্রৈষ্ঠোহ্যমিতি নাদীকুর্বন্তি

দেবগণ, বাজগণ, ঋষিগণ ও চাবণগণ নানাবিধ স্তবদাবা যযাতিব সম্ভোষ উৎপাদন কবিলেন এবং দেবতাবা উপহাৰদাবা তাহাব পূজা কবিয়া অভিনন্দন কবিলেন ॥৫॥

এইভাবে যথাতি যাইয়া স্বৰ্গ লাভ কবিয়া সুখী ও নিৰ্ম্মলচিত্ত হইলেন। তখন ব্ৰহ্মা যাইয়া বাক্যদাবা তৃপ্ত কবতই যেন তাহাকে বলিতে লগিলেন—॥৬॥

'বাজা। আপনি ভূতলানুষ্ঠিত কর্মদ্বাবা চতুপ্পাদ ধর্মাই অর্জন কবিয়া-ছিলেন। তাহাতে আপনাব পক্ষে এই স্বর্গলোক অক্ষয় এবং অত্রত্য কীর্ত্তিও অক্ষয়া হইয়াছিল ॥৭॥

বাজৰ্ষি। আবাব আপনিই আপন দোষে তাহা বিনষ্ট কবিযাছিলেন। তা'ব পব সকল স্বৰ্গবাসীৰ চিত্তই অজ্ঞানে আৰুত হইয়াছিল ॥৮॥

যাহাতে তাঁহাবা আপনাকে চিনিতে পাবেন নাই। সেই জন্মই তাঁহাবা আপনাকে না চিনিয়া নিপাতিত কবিয়াছিলেন। তৎপবে আপনাব দৌহিত্রেবা প্রীতিসহকাবে আপনাকে উদ্ধাব কবিয়াছেন; তাহাতেই আপনি আবাব এথানে আসিয়াছেন ॥১॥

স্থানঞ্চ প্রতিপন্নোহসি কর্মণা স্বেন নির্জিতম্। অচলং শশ্বতং পুণ্যমুক্তমং ধ্রুবমব্যয়ম্ ॥১০॥ যযাতিরুবাচ।

ভগবন্! সংশয়ো মেহস্তি কশ্চিত্তং ছেভ্ৰুমৰ্হসি। ন হুন্তমহমর্হামি প্রফুং লোকপিতামহ ! ॥১১॥ বহুবর্ষসহস্রান্তং প্রজাপালনবদ্ধিতম্। অনেকক্রতুদানো ঘৈর্জিতং মে মহৎ ফলম্। কথং তদল্লকালেন ক্ষীণং যেনাম্মি পাতিতঃ ॥১২॥ ভগবন্! বেথ লোকাংশ্চ শাশ্বতান্ মম নিৰ্দ্মিতান্। কথং মু মম তৎ সর্বং বিপ্রনফ্টং মহাদ্যুতে ! ॥১৩॥

পিতামহ উবাচ।

বহুবর্ষদহস্রান্তং প্রজাপালনবর্দ্ধিতম্। অনেকক্ৰতুদানোঘৈৰ্যব্বয়োপাজিতং ফলমৃ ॥১৪॥

ভাবতকোমুদী

স্থানমিতি। প্রতিপন্ন: প্রাপ্তঃ। অচলং পবিবর্ত্তবহিতম্, শাখতং নিতাম্, ঐবং সতাম্, অব্যযম্ অক্ষম্ ॥১০॥

ভগবন্ধিতি। অন্তং প্রষ্টুং নার্ছামি, তব জ্ঞানিনাং প্রধানকাদিত্যাশয়ং ॥১১॥ বহ্বিতি। কলং ভত্তথকর্মজনিতং পুণ্যম্। **ষট্পাদোহ**ষং শ্লোক: ॥১২॥ ভগবন্নিতি। লোকান্ স্বৰ্গন্পান্, শাস্তান্ ধ্বান্ ॥১৩॥

এখন আপনি নিজকর্মবিজিত স্থান লাভ কবিয়াছেন ; এ স্থান অচল, স্থাযী, পবিত্র, উত্তম, সত্য ও অক্ষয' ॥১০॥

য্যাতি বলিলেন—'ভগবন্! পিতামহ! আমাব কোন সন্দেহ আছে, আপনি ভাহা দূব ককন। আপনাকে ভিন্ন তাহা আমি অন্তেব নিকট জিজাসা কৰিতে পাৰি না ॥১১॥

বহুসহস্রবৎসব যাবৎ অনেক যজ্ঞ ও দান কবায যাহা জন্মিযাছিল এবং প্রজাপালন কবায যাহা বর্দ্ধিত হইযাছিল, আমাব সেই মহাপুণ্য কি কবিযা অল্পকালের মধ্যে ক্ষয় পাইয়াছিল, যাহাতে আমি পাতিত হইযাছিলাম ? ॥১২॥

ভগবন্ মহাতেজা! আপনি আমাব পুণ্যনিৰ্দ্মিত স্থায়ী স্বৰ্গগুলিব বিষয জানেন; কি কবিষা আমাব সে সমস্ত নষ্ট হইষাছিল ?'॥১৩॥

পিতামহ বলিলেন—"বাজশ্রেষ্ঠ! আপনি বহুসহস্র বংসব যাবং অনেক যজ্ঞ

তদনেনৈব দোষেণ ক্ষীণং যেনাসি পাতিতঃ।
অভিমানেন রাজেন্দ্র ! ধিক্কৃতঃ স্থর্গবাসিভিঃ ॥১৫॥ (যুগ্যকম্)
নায়ং মানেন রাজর্বে ! ন বলেন ন হিংসয়া।
ন শাঠ্যেন ন মায়াভিলোকো ভবতি শাশ্বতঃ ॥১৬॥
নাবমান্তাস্থয়া রাজন্নধমোৎকৃষ্টমধ্যমাঃ।
নহি মানপ্রদন্ধানাং কন্চিদস্তি শমঃ কচিৎ ॥১৭॥
পাতনারোহণমিদং কথয়িয়ন্তি যে নরাঃ।
বিষমাণ্যপি তে প্রাপ্তান্তরিয়ন্তি ন সংশয়ঃ ॥১৮॥
নারদ উবাচ।
এষ দোষোহভিমানেন পুরা প্রাপ্তো য্যাতিনা।
নির্বন্ধতোহতিমাত্রঞ্চ গালবেন মহীপতে ! ॥১৯॥

ভারতকোমুদী

বহিনতি। কলং পূণ্যম্। অনেনাভিমানেন দোষেণৈবেতি সদদ্ধ: ॥১৪—১৫॥
নেতি। মাথাভিঃ কৃটকৌশলেন। অয়ং লোকঃ স্বর্গঃ, শাখতশ্চিবস্থনঃ ॥১৬॥
উপদিশতি নেতি। শনঃ শাস্তিস্থাম্ ॥১৭॥

পতনেতি। ইনং ঘদীষম্। বিষমাণি অতিবিপদোহপি ॥১৮॥

উপাগ্যানম্পদংহবতি এব ইতি। নির্বন্ধতো গুক্দক্ষিণাদানে আগ্রহাতিশ্যাং, অতি-মাত্রং দূৰণং প্রাপ্তমিতি শেবং। মহীপতে ইতি গুতবাইুদ্যোধনম্ ॥১৯॥

ও দান কবিয়া যে পুণ্য অর্জন কবিয়াছিলেন এবং প্রক্রাপালনদ্বাবা যাহা বদ্ধিত কবিয়াছিলেন, সে সমস্ত পুণ্য এই অভিনানদে বেই বিনষ্ট হইয়াছিল; যাহাতে আপনি স্বর্গবাসীদেব ধিক্কাবের পাত্র হইয়া পাত্তিত হইযাছিলেন ॥১৪—১৫॥

বান্ধৰ্মি! অভিমান, নল, হিংসা, শঠতা বা ছলদ্বাবা এই স্বৰ্গলোক চিব-স্থামী হয় না ॥১৬॥

অতএব বাজা। সাপনি আব কখনও উত্তম, মধ্যম বা অধম লোকেব অব-মাননা কবিবেন না। কাবন, অভিমানদশ্ধ লোকদিগেব কখনও কোন শান্তি সুথ হয় না॥১৭॥

যে সকল লোক আপনাব এই পতন ও আবোহণেৰ বৃত্তান্ত কীর্ত্তন কবিবে, তাহাবা অত্যন্তবিপদাপর হইয়াও উদ্ধাব পাইবে; এ বিষয়ে কোন সন্দেহ নাই' ॥১৮॥

নাবদ বলিলেন—'মহাবাদ্ধ! পূর্বেকালে যথাতিবাদ্ধা অভিমানদোয়ে এই-

(১৯) । নিৰ্বন্ধভাতিমাত্ৰশ । বা ব বা নি।

শ্রোতব্যং হিতকামানাং হ্রহুলাং ভূতিমিচ্ছতাম্।
ন কর্ত্তব্যে হি নির্বন্ধাে নির্বন্ধাে হি ক্ষয়ােদয়ঃ॥২০॥
তত্মাত্তমপি গান্ধারে! মানং ক্রোধঞ্চ বর্জয়।
সন্ধংস্ব পাণ্ডবৈবীর! সংরক্তং ত্যজ্ব পার্থিব!॥২১॥
স ভবান্ হ্রহুলাং পথ্যং বচাে গৃহ্লাতু মাহনৃতম্।
সমর্থের্বিগ্রহং কুত্মা বিষমস্থা ভবিশ্যসি॥২২॥

দদাতি যৎ পাৰ্থিব! যৎ করোতি যদা তপস্তপ্যতি যজ্জুহোতি। ন তম্ম নাশোহস্তি ন চাপকর্ষো নাম্মস্তদশাতি স এব কর্তা॥২৩॥

ভাবতকোমুদী

উপদিশতি শ্রোতব্যমিতি। বাক্যমিতি শেষা। ক্ষমশ্র উদম উৎপত্তির্যনাৎ সা ॥২০॥
ইদানীং দুর্য্যোধনমূপদিশতি তত্মাদিতি। গান্ধার্য্য অপত্যমিতি গান্ধার্বিঃ, "বাহ্বাদেশ্চ বিধীয়তে" ইতি ইণ্। সন্ধংস্থ সন্ধিং কুঞ্চ, সংবস্তং যুদ্ধাভূম্বম্ ॥২১॥

স ইভি। পথ্যং হিতক্বম্। অনৃতং মিধ্যা পধ্যং বচো মা গৃহ্লাতু। সমর্থৈং শক্তি-মন্তিং পাণ্ডবৈং সহ, বিগ্রহং যুদ্ধং কৃতা, বিষমস্থো বিপদাপন্নঃ ॥২২॥

দংকর্মফলং হায়ৈব ভোক্তব্যমিত্যাহ দদাতীতি। যদ্ যুদ্ধাদিকং কবোতি। নাশো ভোগং বিনা, অপকর্বোহপি ভোগং বিনৈবাপচয়। স কর্ত্তিব তৎফলমগ্লাতি ॥২৩॥

ভাবতভাবদীপঃ

ততো হেতো:। অজ্ঞাত: অকীর্দ্ত্যা তিবোভূত: ॥>-->৫॥ শাঠ্যং বিশাস্থাত:, মায়া অভুতার্থপ্রদর্শনবন্ধনপূর্বকং প্রবঞ্চনম্ ॥১৬--২২॥ পাপিষ্ঠছেন ছংকৃতং পাশং ছবৈব

বাপ ছঃখ পাইয়াছিলেন এবং গালবও অত্যস্ত আগ্রহেব দোবে গুরুতর কষ্ট ভোগ কবিয়াছিলেন ॥১৯॥

অতএব হিতৈৰী ও সম্পদভিলাষী বন্ধুগণেৰ বাক্য প্ৰবণ কৰা সকলেবই উচিত। আৰ, কোন বিষয়েই অত্যস্ত আগ্ৰহ কৰা উচিত নহে। কাৰণ, অত্যস্ত আগ্ৰহ হইতে ক্ষয় উপস্থিত হয় ॥২০॥

অতএব গান্ধাবীনন্দন। তুমিও অভিমান এবং ক্রোধ পরিত্যাগ কব, আর বীব। বাজা। যুদ্ধেব আড়ম্বব ত্যাগ কবিষা পাণ্ডবগণেব সহিত সন্ধি কব॥২১॥

তুমি বন্ধুগণেব হিতকব বাক্য গ্রহণ কব, কিন্তু মিখ্যা হিতকব বাক্য গ্রহণ কবিও না। তুমি, শক্তিশালী পাণ্ডবদেব সহিত যুদ্ধ কবিয়া বিপদাপন্ন হইবে ॥২২॥

⁽২০)- ক্ষিত্যিচ্ছতাম্ বা ব রা নি। (২২) অরং শ্লোক: পি বা ব বা নান্তি। (২৩) অনুত্রমং মৃত্যু---পি।

ইদং মহাখ্যানমসুত্তমং হিতং বহুঞ্জানাং গতরোষরাগিণাম্।
সমীক্ষ্য লোকে বহুধা প্রধারিতং ত্রিবর্গদৃষ্টিঃ পৃথিবীর্মুপাশ্বুতে ॥২৪॥
এতৎ পুণ্যতমং রাজন্! যযাতেশ্চরিতং মহৎ।
যচ্ছু, ছা প্রাবিয়্বিল্য চ স্বর্গং যান্তীহ মানবাঃ ॥২৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্বাণি
ভগবদ্যানে গালবচরিতে চতুর্দশাধিকশততমোহধ্যায়ঃ ॥০॥ #

ভাবতকো সূদী

উৎকর্ষমভিধায়োপাধ্যানমূপসংহ্বতি ইদমিতি। অন্ত্রমং সর্বোত্তমষ্। সমীক্ষা পর্যালোচা, বহুধা শাস্ত্রেণ যুক্ত্যাদিভিন্চ, প্রধাবিতং নিরূপিত্র্। ত্রিবর্গে ধর্মার্থকামের দৃষ্টির্বস্থ স জনঃ ॥২৪॥

যথাতিচবিতং দ্রোতি এতদিতি। মহং প্রশন্তম্। ইহ জগতি ॥২৫॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহবিদাদদিদান্তবাগীশভট্টাচার্ঘ্যবিবচিতাযাং মহাভাবতটীকায়াং
ভাবতকৌমুদীসমাধ্যায়ামৃদ্যোগপর্বাণি ভগবদ্যানে চতুর্দশাধিকশততমোহধ্যায়ঃ॥।॥

ভাবতভাবদীপঃ

ভোক্তব্যং ন তু ভাত্তাদিভিবিত্যাশয়েনাহ—দদাতীতি। কিন্তু কর্ত্তেব তদাপ্লোতি ॥২৩। বহুধা নানাশাস্ত্রযুক্ত্যাদিভিঃ প্রধারিতং নিশ্চিত্য্ ॥২৪—২৫॥

ইতি উদ্যোগপর্বণি নৈলক্ষ্মীয়ে ভাবতভাবদীপে চতুর্দশাবিকশততমোহধ্যায়ঃ ॥১১৪॥

রাজা। মানুষ যে দান কবে, যে যুদ্ধপ্রভৃতি কার্য্য কবে, যে তপস্থা করে, কিংবা যে হোম করে, ফলভোগ ব্যতীত সে কর্মগুলিব ধ্বংস বা অপচয় হয় না; অথবা অন্য লোক ভাহাব ফল ভোগ কবে না, কিন্তু সেই কর্বাই ফলভোগ করে ॥২৩॥

এই প্রশস্ত উপাখ্যানটা বহুশাস্ত্রজ্ঞ এবং বাগ-বোষবিহীন লোকদিগেব পক্ষে অত্যস্ত হিতকাবী। আব ধর্মার্থকামদর্শী লোক শাস্ত্র ও যুক্তিপ্রভৃতিদারা অব-ধাবিত বিষয়কেও নিজে বিশেষ পর্য্যালোচন। কবিয়া কবিলে পৃথিবীই ভোগ করিতে পারেন ॥২৪॥

রাজা! এই প্রশস্ত যযাতিচবিডটা বিশেষপুণ্যজনক; মানুষ এই জগতে যাহা শুনিযা বা শুনাইযা স্বর্গে গমন কবিতে পারে' ॥২৫॥

⁽২৫) অয়ং লোকোহণি পি বা ব রা .নান্তি। + 'ত্রয়োবিংশত্যধিকশতভযোহধ্যায়ং' বা ব রা নি।

পঞ্চশাধিকশততমোহধ্যায়ঃ।

:4:

ধৃতরাষ্ট্র উবাচ।

ভগবন্নেবমেবৈতদ্যথা বদসি নারদ ! ।
ইচ্ছামি চাহমপ্যেবং ন ত্বীশো ভগবন্নহম্ ॥১॥
বৈশম্পায়ন উবাচ।

এবমুক্ত্বা ততঃ কৃষ্ণমভ্যভাষত কোরবঃ।
স্বর্গাং লোক্যঞ্চ মামাথ্য ধর্ম্মাং ভাষ্যঞ্চ কেশব!॥২॥
ন স্বহং স্ববশস্তাত! ক্রিয়মাণং ন মে প্রিয়ম্।
ন মংস্তন্তে তুরাত্মানঃ পুত্রা মম জনার্দিন!॥৩॥
অঙ্গ তুর্যোধনং কৃষ্ণ! মন্দং শাস্তাতিগং মম।
অনুনেতুং মহাবাহো! যতস্ব পুরুবোত্তম!॥৪॥

ভাবতকোমুদী

ভগবন্ধিতি। এবং মাননির্বন্ধত্যাগমিচ্ছামি। ঈশং তাদৃশং বিধাতৃং সমর্থং । ১।
এবমিতি। কৌরবো ধৃতরাষ্ট্রং। স্বর্গাদনপেতং স্বর্গ্যম্। এবমক্সত্র ॥২।
তিহি তদেব ক্রিয়তামিত্যাহ নেতি। স্ববশং স্বাধীনং। এতিং ক্রিয়মাণং কার্য্য্।
তদা নিবিধ্যতামিত্যাহ নেতি। মম নিবেধ্যিতি শেষং, ন মংস্তত্তে নাদীকবিশ্বস্থি॥৩॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'ভগবন্ নারদ! আপনি ষেকপ বলিলেন, তাহা সত্যই বটে এবং আমিও এইরূপই ইচ্ছা কবি বটে; কিন্তু ভগবন্। আমি সেরূপ করিতে সমর্থ হই না'॥১॥

বৈশস্পায়ন বলিলেন—এইকপ বলিয়া তাহার পর ধৃতবাষ্ট্র কৃষ্ণকে বলি-লেন—'কৃষ্ণ! তুমি—স্বর্গোপযোগী, লৌকিকনিয়মামুসাবী, ধর্মসঙ্গত ও স্থাযামু-মোদিত কথাই আমাকে বলিযাছ ॥২॥

কিন্তু বংস! আমি স্বাধীন নহি; পুত্রেবা যে কার্য্য কবিতেছে, তাহা আমার প্রিয়ও নহে। তবে জনার্দন! আমি নিষেধ কবিলেও হ্বাড়া পুত্রেরা তাহা গ্রাহ্য কবিবে না॥

⁽১) · यमि मानम ! थि। (७) विजीयार्कः थि वा व ता नांखि। (८) प्रस्तः पूर्वग्रादनम् · · भि।

ন শৃণোতি মহাবাহো। বচনং সাধু ভাষিতম্।
গান্ধার্য্যাশ্চ হুষীকেশ। বিত্রবস্ত চ ধীমতঃ ॥৫॥
অন্তেষাঞ্চৈব স্কুছনাং ভীল্পাদীনাং হিতৈষিণাম্।
স ত্বং পাপমতিং ক্রেরং পাপচিত্তমচেতনম্ ॥৬॥
অনুশাধি ত্রাত্মানং স্বয়ং তুর্য্যোধনং নৃপম্।
স্কুছৎকার্যান্ত স্থমহৎ কুতং তে স্থাজ্জনাদিন!॥৭॥ (বিশেষকম্)

বৈশপ্পায়ন উবাচ। ণ
ততোহভ্যায়ত্য বাকে য়ো হুর্য্যোধনমমর্ষণম্।
অব্রবীন্মধুবাং বাচং দর্বধর্মার্ধতত্ত্ববিৎ ॥৮॥
ছুর্য্যোধন! নিবোধেদং মদ্বাক্যং কুরুসত্তম।।
শর্মার্থং তে বিশেষেণ সাত্মবন্ধস্য ভারত!॥৯॥
মহাপ্রাক্তরুলে জাতঃ সাধ্বেতৎ কর্ত্তু মুহ্দি।
শ্রুতর্ত্তোপসম্পন্ধঃ সর্বৈঃ সমুদিতো গুণৈঃ॥১০॥

ভাবতকোঁমূদী

আংশতি। অঙ্গশবং সংঘাবনে। অন্তন্ত্য্ অন্তন্যেন দ্বাধ্যারিবর্ত্তবিত্য্ ॥৪॥
অথ গান্ধার্যাদয়ঃ কথং ন যতন্ত ইত্যাহ নেতি। শৃণোতি দুর্যোধন ইতি শেষঃ।
আচেতনং চেতনাহীনমিব। অন্থাধি উপদিশ। কৃত্যু অন্থাসনে কৃতে ॥৫—१॥
তত ইতি। অভ্যাহত্য দুর্যোধনাভিম্পীভূষ, বার্ফেরঃ কৃষ্ণঃ ॥৮॥
দুর্যোধনেতি। শর্মার্থং স্থার্থং মঙ্গলার্থমিত্যর্থঃ। সামুবন্ধশ্র সামুচবশ্র ॥১॥

অতএব মহাবাহু। পুকষোত্তম। কৃষ্ণ। তৃমি অনুনয়দ্বাবা মূর্য ও শাস্ত্রাতি-বর্ত্তী আমাব হুর্য্যোধনটাকে নিবৃত্ত কবিবাব চেষ্টা কব ॥৪॥

মহাবাছ! হাষীকেশ। গান্ধাবী, বৃদ্ধিমান্ বিহুব, কিংবা ভীশ্বপ্রভৃতি হিতৈষী অক্ত স্কুদ্গণেব ক্যাযসঙ্গত বাক্যও হুর্য্যোধন শোনে না। অতএব জনার্দিন। পাপবৃদ্ধি, ক্র্বস্থভাব, পাপচিত্ত ও অচেতনপ্রায় হুবাত্মা হুর্যো-ধনটাকে তুমি নিজে একটু উপদেশ দাও। তাহা হইলে, তোমার অতিগুক্তব স্কুদেব কার্য্য কবা হইবে'॥৫—৭॥

বৈশস্পায়ন কহিলেন—তাহাব পৰ সৰ্বাধশ্বাৰ্থত বৃজ্ঞ কৃষ্ণ ফিৰিয়া অসহিষ্ণ্ তুৰ্য্যোধনকে এই মধুব বাক্যগুলি বলিলেন—॥৮॥

'ভবতনন্দন! কৌববশ্রেষ্ঠ! ছুর্য্যোধন! অনুচববর্চেব সহিত আপনাব বিশেষ মঙ্গলেব জন্ম আপনি আমাব বাক্য সকল প্রবণ করুন ॥১॥

ণ অনং পাঠ: পি বা ব বা নাতি। (১০) মহাপ্রাক্তকুলে বা ব বা নি।

দৌদুলেয়া তুরাত্মানো নৃশংসা নিরপত্রপাঃ।
ত এতদীদৃশং কুযুর্যথা স্থং তাত! মন্সসে ॥১১॥
ধর্মার্থযুক্তা লোকেংশ্মিন্ প্রবৃত্তির্লক্ষ্যতে সতাম্।
অসতাং বিপরীতা তু লক্ষ্যতে ভরতর্যভ!॥১২॥
বিপরীতা ত্বিয়ং বৃত্তিরসকলক্ষ্যতে স্বয়ি।
অধর্মান্চান্ত্বকোহত্র ঘোরঃ প্রাণহরো মহান্॥১৩॥
অনিষ্টন্চানিমিত্তন্চ ন চ শক্যন্চ ভারত।।
তমনর্থং পরিহরন্নাত্মশ্রেয়ঃ করিয়াসি॥১৪॥
ভাতৃণামথ ভূত্যানাং মিত্রাণাঞ্চ পরস্তপ!।
অধর্ম্যাদ্যশস্থান্চ কর্মণস্তং প্রসোক্যসে॥১৫॥ (বিশেষকম্)

ভাবতকোমুদী

মহেতি। সাধু সং। শ্রুতং শাস্তজানং বৃত্তং সংকার্যক্ষ তাভ্যাম্পসম্পন্ন: ॥১০॥
দৌকুলেয়া ইতি। নিবপত্রপা ভ্রুষ্যকবণে নির্লক্ষা:। এতং প্রস্থহবণম্ ॥১১॥
ধর্মেতি। বিপ্রীতা অধ্যানর্থযুক্তা ॥১২॥

বিপবীতেতি। বৃত্তি: প্রবৃত্তি:। অমূবদ্ধে। নির্বন্ধ আগ্রহাতিশব ইতি বাবং। অনি-মিত্ত: অকাবণক:। অবং নিম্পাদ্ধিতুং ন চ নৈব শব্যক্ত, বিপক্ষণ্ড মহাবীবত্বাদিতি ভাব:। তমমূবদ্ধম্। আতৃণাং ভৃত্যানাং মিত্রাণাঞ্চ শ্রেষ ইতি সম্বন্ধ: ॥১৩—১৫॥

আপনি মহাপ্রাজ্ঞবংশে জন্মিয়াছেন এবং শাস্ত্রজ্ঞান ও সংকার্য্যশালী হইয়া সর্বগুণসপ্তার হইয়াছেন। অতএব আপনি এই সংকার্য্য ককন ॥১০॥

মাননীয় বাজা! যাহাবা হৃদ্ধুল স্থাত, ছবাম্বা, নৃশংস ও নির্লজ্জ, তাহাবাই এইবাপ এই কার্য্য কবে; যেবাপ কার্য্য কবিবাব জন্ম আপনি ইচ্ছা কবিতে-ছেন ॥১১॥

ভবতশ্রেষ্ঠ ! এই জগতে সজ্জনগণেব ধর্মার্থযুক্ত প্রবৃত্তিই দেখা যায়; আরু অসজ্জনদিগেব তাহাব বিপবীত প্রবৃত্তি দেখিতে পাওয়া যায়॥১২॥

কিন্তু ভবতনন্দন! আপনাতে এই বিপবীত প্রবৃত্তিই বাব বাব দেখিতেছি। আব বর্তমান সমযে বিনা কাবণে উৎপন্ন আপনাব এই প্রবল আগ্রহ অধর্ম-জনক, ভয়ঙ্কব, অনিষ্টকাবী ও প্রাণনাশক, এবং ইহা আপনি সম্পাদন কবিতেও সমর্থ হইবেন না। অভএব প্রস্তুপ। আপনি এই অনর্থজনক প্রবল আগ্রহ ত্যাগ কবিলে নিজেব, ভাতৃগণেব, ভূত্যবর্গেব ও বন্ধুসমূহেব মঙ্গল সম্পাদনই কবিবেন এবং আপনি নিজেও পাপ ও নিন্দাজনক কার্য্য হইতে মৃক্তি পাই-বেন ॥১৩—১৫॥

প্রাক্তিঃ শূরৈর্মহোৎসাহৈরাত্মবন্তির্বহুশ্রুটিঃ।
সন্ধংশ্ব পুক্ষব্যান্ত। পাণ্ডবৈর্ভর্বন্ত ! ॥১৬॥
তদ্ধিতঞ্চ প্রিয়ঞ্চৈব ধৃতরাষ্ট্রশ্য ধীমতঃ।
পিতামহন্য দোণস্থা বিত্তরন্থা মহামতেঃ ॥১৭॥
কুপশ্য সোমদত্তম্য বাহলীকন্য চ ধীমতঃ।
অশ্বত্থান্দো বিকর্ণস্থা সপ্তমন্থা বিবংশতেঃ ॥১৮॥
জ্ঞাতীনাঞ্চৈব ভূয়িষ্ঠং মিত্রাণাঞ্চ পরন্তপ!।
শ্যে শর্ম ভবেত্রাত। সর্বস্থা জগতন্তথা ॥১৯॥ (বিশেষকম্)
ক্রীমানসি কুলে জাতঃ প্রান্তব্যানানৃশংস্থবান্।
তিষ্ঠ তাত। পিতুঃ শাস্ত্রে মাতুশ্চ ভরতর্বন্ত!॥২০॥
এতচ্প্রেয়ো হি মন্যন্তে পিতা যাছান্তি ভারত!।
উক্তমাপদ্গতঃ সর্বঃ পিতুঃ শারতি শাসনম্॥২১॥

ভাবতকৌমুদী

প্রাক্তিবিভি। আত্মবৃদ্ধিং স্ববাদ্য গ্রহণে ষত্মবৃদ্ধিং। সন্ধংস্থ সন্ধিং কুরু । ১৬॥
তদিতি। তং সন্ধিক্রণম্। পিতানহস্ম ভীমস্ম। বিকর্ণস্ম বিবিংশতেশ্চ স্থলাতৃং।
শ্যে সন্ধিনিবদ্ধনশাতে, শর্ম স্থাং মন্দ্রশনিভাগং ॥১৭—১৯॥

ক্রীতি। হীমান্ লক্ষাশালঃ, প্রতবান্ শাস্ত্রু, আনৃশংস্থবান্ দ্যালুঃ। তাতেতি সংখাননেন বাজত্যা মাননীয়তং স্চিত্স্। শাস্ত্রে শাসনে ॥২০॥

মত এব হে পুৰুষপুদ্ধ। ভবতশ্রেষ্ঠ। বিচক্ষণ, বীব, মহোৎসাহী, যত্ন-শীল ও বহুশাস্ত্রজ পাশুবগণেব সহিত আপনি সন্ধি ককন ॥১৬॥

সেই সন্ধি কৰাটা বৃদ্ধিমান্ ধৃতবাষ্ট্ৰেব, ভীম্মেব, জোণেব, মহামতি বিছ্বেব, বৃপেব, সোমদত্তেব, বৃদ্ধিমান্ বাহলীকেব, অধ্ধামাব, বিকর্ণেব, সঞ্চযেব, বিবিং-শতিব, জাতিবর্গেব এবং মিত্রগণেব অভ্যন্ত হিত ও প্রিয় হইবে। আব প্রস্থপ বাজা। শান্তিস্থাপন কবিলে সমগ্র জগতেবই মঙ্গল হইবে ॥১৭—১৯॥

সাপনি লক্ষাশীল, সংকূলে জন্মিয়াছেন, শাস্ত্রজ্ঞান লাভ কবিয়াছেন এবং দ্যালু। সতএব ভবতশ্রেষ্ঠ। বাজা। সাপনি পিতা ও মাতাব শাসনে থাকুন॥২০॥

ভবতনদন। পিতা যে শাসন করেন, তাহাকে মনস্বীবা মঙ্গলজনক বলিঘাই মনে করেন। সকল লোকই বিপদে পডিয়া শেষে পিতৃপ্রাদন্ত শাসন স্মান করে ॥১১॥

⁽১১) উকুমাপদ্গতঃ পূর্বং পিতৃঃ ফুবসি শাসন্ম—নি।

রোচতে তে পিছুন্তাত। পাওবৈঃ দহ সময়।
সামাত্যক্ত কুলভোষ্ঠ। তত্তু তাং তাত। রোচতাম্ ॥২২॥
ক্রেন্থা বঃ অফদাং লান্তং মতে গা ন প্রতিপততে।
বিপাকান্তে দহতোনং কিম্পাক্ষিব ভক্ষিতম্ ॥২৩॥
যন্ত নিঃক্রেয়সং বাক্যং মোহান প্রতিপততে।
স দীর্ঘসূত্রো হীনার্থঃ পশ্চাতাপেন যুজ্যতে ॥২৪॥
যন্ত নিঃক্রেয়সং ক্রেন্থা প্রাক্ তদেবাভিপততে।
আত্মনো মতমুৎস্কা স লোকে অথমেধতে ॥২৫॥
যোহর্থকামক্ত বচনং প্রাতিক্ল্যান মৃন্যতে।
শৃণোতি প্রতিক্লানি দ্বিতাং বশমেতি সঃ ॥২৬॥

ভারতকৌমূদী

এতদিতি। মন্তক্তে মনস্বিনং, শান্তি আদিশতি। আপদ্গতো বিপন্নং সন্॥২১॥ বোচত ইতি। সামাত্যক্ত পিতৃবিতি সম্বন্ধং, অমাত্যাশ্চ বিছ্বাদ্যং ॥২২॥

শ্রুতি। যো মর্ত্যো মাহ্যাং, স্বরুদাং শাস্ত্রং শাসনং শ্রুত্বাপি, ন প্রতিপ্রততে তন্ন গৃহাতি, বিপাকান্তে পবিণামে পবিপাকান্তে চ, ভক্ষিতং কিম্পাক্ষং মহাকালফলমিব, তদ-গ্রহণমেব, এনং মর্ত্যং দহতি। "কিম্পাক্ষং স্থান্তহাকালাবোটী বিশ্বা চ তৃত্তিকা" ইতি হলাম্ধঃ। স্ক্রদামস্মাকম্পদেশস্থাহ্বশ্রমেব গ্রাহ্ ইতি ভাবঃ ॥২৩॥

য ইতি। নিঃশ্লেষদং মন্ধলকবম্। প্রতিপদ্ধতে গৃহাতি। হীনার্থো ভইম্বার্থ: ॥২৪॥

য ইতি। অভিপদ্মতে অঙ্গীকবোতি। স্থখং যথা স্থান্তথা এখতে বৰ্দ্ধতে ॥২৫॥

य ইতি। অর্থকামশ্র হিতৈবিশঃ। মুশ্রতে বিবিচ্য গৃহাতি ॥২৬॥

কৌরবশ্রেষ্ঠ রাজা। সন্ধিস্ত্তে পাণ্ডবগণেব সহিত মিলিত হওযাই অমাত্যবর্গের সহিত আপনার পিতাব অভিপ্রেত। স্থতবাং আপনাবও তাহাই অভিপ্রেত হউক ॥২২॥

যে লোক বন্ধুবর্গের উপদেশ ওনিয়াও তাহা গ্রহণ কবে না; ভক্ষিত মহা-কাল-(মাকাল) ফল যেমন পবিপাকেব পর দপ্ত করে, সেইরূপ সেই উপদেশ গ্রহণ না ক্বাটাই তাহাকে পবিণামে দগ্ধ কবিতে থাকে ॥২৩॥

যে লোক মোহবণতঃ মঙ্গলজনক বাক্য গ্রহণ কবে না, সেই দীর্ঘসূত্র ও স্বার্থজ্ঞষ্ট লোক পবে অনুভগু হয় ॥২৪॥

আব যে লোক মঙ্গলজনক বাক্য শুনিয়া নিজের মত পবিত্যাগ কবিযা প্রথমেই তাহা গ্রহণ করে, সে লোক অনায়াসে উন্নতি লাভ করে দংগা

যে লোক নিজেব প্রতিকৃল মত থাকায় হিতৈষীব বাক্য বিবেচনাপূর্বক গ্রহণ কবে না, অথ চ প্রতিকৃল বাক্যই শোনে, সে লোক শক্রদেব বশীহৃত হয় দ২৬শ সতাং মতমতিক্রম্য যোহসতাং বর্ততে মতে।
শোচন্তে ব্যসনে তম্ম স্থহদো নচিরাদিব ॥২৭॥
মুখ্যানমাত্যামুৎস্থজ্য যো নিহীনান্ নিষেবতে।
স ঘোরামাপদং প্রাপ্য নোভারমধিগচ্ছতি ॥২৮॥
যোহসৎসেবী র্থাচারো ন শ্রোতা স্থছদাং সতাম্।
পরান্ র্ণীতে স্বান্ দেষ্টি তং গৌস্তাজ্বতি ভারত! ॥২৯॥
স ত্বং বিরুধ্য তৈবীরৈরম্মেভ্যস্ত্রাণমিচ্ছসি।
অশিষ্টেভ্যোহসমর্থেভ্যো মুঢ়েভ্যো ভ্রতর্যভ! ॥৩০॥
কো হি শক্রসমান্ জ্ঞাতীনতিক্রম্য মহার্থান্।
অম্যেভ্যস্ত্রাণমাশংসেত্বদন্যো ভূবি মানবঃ ॥৩১॥

ভাবতকৌমুদী

সতামিতি। ব্যসনে বিপদি। কর্ণাদীনাং মতং হ্বমা ন গ্রাহ্মমিত্যাশ্য: ॥২ ৭॥
মুখ্যানিতি। উত্তাবমুদ্ধাবম্। ভীন্মাদীন্ বিহাব কর্ণাদিসেবনং তে নোচিতমিতি
ভাব: ॥২৮॥

য ইতি। বুখাচাব: অসমতব্যবহাব:, শ্রোতা বাক্যশ্র। গো: পৃথিবী ॥২৯॥

স ইতি। তৈঃ পাণ্ডবৈঃ সহ, অন্মেভ্যঃ কর্ণাদিভ্যঃ ॥৩०॥

ক ইতি। শক্রদমান্ ইক্রতুল্যান্। আশংসেং অভিলবেং ॥৩১॥

্ ভাবতভাবদীপঃ

ভগবরিতি ॥১—१॥ অভ্যাবৃত্য পুন: পুন: ॥৮—১৯॥ শাস্ত্রে শাসনে ॥২০—২২॥ কিম্পাবং মহাকালফলম্ ॥২৩—২৪॥ নিঃশ্রেষদং কল্যাণম্ ॥২৫॥ অর্থকামশু ইষ্টার্থিন:

যে লোক সজ্জনগণেব মত অতিক্রম কবিয়া অসজ্জনগণের মতে চলে, অচিব-কালমধ্যেই বন্ধুগণ তাহাব বিপদে শোক কবিয়া থাকেন ॥২৭॥

যে লোক প্রধান অমাত্যগণকে পবিত্যাগ কবিয়া নিকৃষ্ট অমাত্যদেব সেবা করে, সে লোক ভয়হব বিপদে পড়িয়া আব উদ্ধাব পায় না ॥২৮॥

ভবতনন্দন! যে লোক অসজ্জনেব সেবা ও অসঙ্গত ব্যবহাব কবে, সং-স্বভাবশালী বন্ধুবর্গেব কথা শোনে না এবং অনাত্মীয লোকদিগকে গ্রহণ কবে, আব আত্মীযগণেব প্রতি বিদ্বেষ কবে, পৃথিবীই তাহাকে ত্যাগ কবেন ॥২৯॥

ভবতশ্রেষ্ঠ ! আপনি সেই বীবগণেব সহিত বিবোধ কবিয়া অশিষ্ট, অসমর্থ ও মূর্থ অন্ত লোকদাবা আত্মবদাব ইচ্ছা কবিতেছেন ! ॥৩০॥

পৃথিবীতে আপনি ভিন্ন অন্ত কোন্ লোক ইন্দ্ৰভূল্য মহাবথ জ্ঞাতিগণকে পবিত্যাগ কবিয়া অন্তদ্বাবা আত্মবন্দাৰ আশা কৰে ? ॥৩১॥ জন্মপ্রভৃতি কোন্তেয়া নিত্যং বিনিক্কাস্তয়া।
ন চ তে জাতু কুপ্যন্তি ধর্মাত্মানো হি পাণ্ডবাঃ॥৩২॥
মিথ্যোপচরিতাস্তাত ! জন্মপ্রভৃতি পাণ্ডবাঃ।
ত্বয় সম্যন্ত্ মহাবাহো! প্রতিপন্না যশন্তিনঃ॥৩০॥
ত্বয়াপি প্রতিপত্তব্যং তথৈব ভরতর্বভ!।
বেষু বন্ধুয়ু মুখ্যেয়ু মা মন্ত্যবশমন্বগাঃ॥৩৪॥
ত্রিবর্গযুক্তঃ প্রাক্তানামারস্তো ভরতর্বভ!।
ধর্মার্থাবন্ধুক্রধ্যন্তে ত্রিবর্গাসস্তবে নরাঃ॥৩৫॥
পৃথক্ চ বিনিবিক্টানাং ধর্মং ধীরোহন্তুরুধ্যতে।
মধ্যমোহর্থং কলিং বালঃ কাম্যেবানুক্রধ্যতে॥৩৬॥

ভাবতকোমুদী

জন্মেডি। বিনিক্বতাঃ প্রতাবিতাঃ। জাতু কদাচিৎ ॥৩২॥

নিখ্যেতি। নিখ্যোপচবিতা অক্তাযাব্যবহাববিষয়ীকৃতাঃ। প্রতিপন্নাঃ কৃতব্যবহাবাঃ ॥৩৩॥

ঘষেতি। প্রতিপত্তব্যং ব্যবহর্ত্তব্যম্। মহ্যবশং কোধাবীনতাম্ ॥৩৪॥

ত্রীভি। ত্রিবর্গযুক্ত: ধর্মার্থকামোদেশুক:। অনুরুধ্যন্তে অনুসবৃত্তি ।৩৫॥

পৃথগিতি। পৃথগ্বিনিবিষ্টানাং ত্রিবর্গস্থৈকিকং লকুকামানাং মধ্যে চ ধীবো জনঃ, ধর্মম্, অমুক্ষধ্যতে অমুসবতি। মধ্যমো জনঃ, কলিং কলহকাবণমর্থমমুক্ষধ্যতে। বালো মূর্থস্ক কামমেব, অমুক্ধ্যতে ধর্মার্থনৈবপেক্ষ্যেণামুসবতি ॥৬॥

আপনি জন্মপ্রভৃতি সর্বদাই পাগুবগণেব সঙ্গে প্রতাবণা কবিয়া আসিতে-ছেন; কিন্তু তাহাতেও তাহারা কোন সময়েই আপনার উপবে ক্রুদ্ধ হন না। কাবণ, পাগুবেবা ধর্মাত্মা॥৩২॥

মহাবাহু বাজা! জন্মপ্রভৃতিই আপনি পাণ্ডবগণেব সহিত অসং ব্যবহাব করিয়া আসিতেছেন; কিন্তু তথাপি যশস্বী পাণ্ডবেবা আপনাব সঙ্গে ভ্যায়সঙ্গত ব্যবহাবই কবিতেছেন ॥৩৩॥

অতএব ভবতশ্রেষ্ঠ। আপনাবও তাঁহাদেব সঙ্গে সেইরূপ স্থায়সঙ্গত ব্যব-হারই কবা উচিত। কিন্তু স্বকীয় প্রধান বন্ধুগণেব উপবে ক্রোধেব বশীভূত হইবেন না ॥৩৪॥

ভবতশ্রেষ্ঠ ! বিচন্দণ লোকেবা ধর্ম, অর্থ ও কাম উদ্দেশ্য কবিযাই কার্য্য আবস্ত কবেন ; আব সে ত্রিবর্গের সম্ভব না হইলে, মানুষ কেবল ধর্ম ও অর্থেব অনুসরণ কবে ॥৩৫॥

⁽৩৩) --- জন্মপ্রভৃতি বান্ধবাঃ --বা ব বা নি।

ইন্দ্রিয়েঃ প্রাক্ততা লোভাদ্ধর্মং বিপ্রজহাতি যঃ।
কামার্থাবনুপায়েন লিম্পমানো বিনশ্যতি ॥৩৭॥
কামার্থো লিম্পমানস্ত ধর্মমেবাদিতশ্চরেৎ।
ন হি ধর্মাদপৈত্যর্থঃ কামো বাপি কদাচন ॥৩৮॥
উপায়ং ধর্মমেবাহুদ্রিবর্গস্থ বিশাংপতে!।
লিম্পমানো হি তেনাশু কক্ষেহ্মিরিব বর্দ্ধতে ॥৩৯॥
স ত্বং তাতামুপায়েন লিম্পদে ভরতর্বভ!।
ভাধিরাজ্যং মহদ্দীপ্তং প্রথিতং সর্বরাজ্বস্থ ॥৪০॥
ভাধানং তক্ষতি ছেব বনং পরশুনা যথা।
যঃ সম্যুগ্রত্মানেরু মিথ্যা রাজন্! প্রবর্ততে ॥৪১॥

ভারতকোমূদী

ইন্ত্রিবৈরিতি। প্রাকৃতো নিকৃষ্টা। বিপ্রজহাতি ভাজতি। অনুপায়েন নিকৃষ্টো-পারেন ছ৩৭ছ

কামেতি। হি যশাং, অপৈতি অশুতি, ধর্মব্যতিবেকেণ ন সিব্যতীত্যর্থ: ॥৩৮॥
উপান্নমিতি। তিবর্গক্ত তিবর্গান্তর্গতার্থকাময়োঃ। তেন ধর্মেণ, কক্ষে শুদ্ভূণে ॥৩৯॥
স ইতি। অমুপায়েন নিক্টোপায়েন। আধিবাজ্যং সামাজ্যম্ ॥৪০॥
আজানমিতি। তক্ষতি তন্কবোতি। সম্যগ্রন্থমানেষ্ স্থাবহাবিষ্ জনেষ্ ॥৪১॥

যাহাবা ধর্ম, অর্থ ও কামেব এক একটা কবিয়া লাভ করিবার ইচ্ছা কবে, ভাহাদেব মধ্যে উত্তম লোক ধর্মের অনুসবণ কবেন, মধ্যম লোক কলছকারণ অর্থেব চেষ্টা কবে এবং অধম লোক কামলাভের বিষয়েই যন্ন করিয়া থাকে॥৩৬॥

বে নিকৃষ্ট লোক লোভবশত: ইন্দ্রিয়দ্বারা ধর্মত্যাগ কবে এবং নিকৃষ্ট উপায়ে অর্থ ও কাম লাভ কবিবার ইচ্ছা কবে, সে লোক বিনষ্ট হয় ॥৩৭॥

যিনি কেবল অর্থ ও কাম লাভ কবিবাব ইচ্ছা করেন, তিনিও প্রথমে ধর্মা-চরণই করিবেন। কেন না, অর্থ বা কাম কখনও ধর্ম হইতে বিচ্যুত থাকে না ১৯৮॥

প্রবিশ্রেতি ।>—৪। ভ্য়ান্ পৃথীপালনজো ধর্ম: ॥৫॥ খ্রোত্রিয়ক্ত বেদাধ্যায়িন:। মন্দকক্ত অর্থজ্ঞানশূকক্ত। অম্বাকেন অত্যন্ত: বেদান্দবার্ত্তা। হতা নই। ॥৬—১৩॥ দণ্ডনীতিঃ স্বামিনা প্রযুক্তেতি সম্বন্ধ:। ধর্মেন্ডাঃ ধর্মার্থ: নিয়ন্ত্রতি নির্মন্ধ: কবোতি দণ্ডনীতিবেব তাহাব পর মুচুকুন্দরাজা ক্ষত্রিয়ধর্মান্ত্রসারে আপন বাহুবলার্জিত বাজ্যই

সমীচীনভাবে শাসন কবিয়াছিলেন ॥১১॥

ভবতনন্দন ৷ বাজবন্দিত প্রজাবা এই জগতে যে ধর্ম আচবণ কবে, বাজা সেই ধর্মের চতুর্থ অংশ লাভ কবেন ॥১২॥

বাজা যদি ধর্ম আচবণ কবেন, তবে তিনি দেবছলাভ কবিতেই সমর্থ হন ; আর তিনি যদি অধর্ম আচবণ কবেন, তবে নবকেই গমন কবেন ॥১৩॥

রাজ। যখন সমীচীনভাবে দশুনীতি প্রযোগ কবেন, তখন সেই দশুনীতিই ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শৃ্জ এই চাবি বর্ণকে আপন আপন ধর্ম্মে নিয়মিত কবে এবং অধর্ম হইতে নিবৃত্ত বাথে ॥১৪॥

⁽১১) ক্ষত্তধর্মমন্ত্রিভঃ—পি। (১৪) দঙ্নীভিষ্ ধর্মেণ পি, দঙ্নীভিষ্ ধর্মেভ্যঃ এবা ব. অধর্মেভ্যন্ত ষক্ষ্রভিত্তপি বাবব।

কালো বা কারণং রাজ্যে রাজা বা কালকারণম্।
ইতি তে সংশয়ো মা ভূদ্রাজা কালস্থ কারণম্॥১৬॥
রাজা কৃত্যুগপ্রফী ত্রেতায়া ঘাপরস্থ চ।
যুগস্থ চ চতুর্থস্থ রাজা ভবতি কারণম্॥১৭॥
কৃতস্থ করণাদ্রাজা স্বর্গমত্তমশ্বুতে।
ত্রেতায়াঃ করণাদ্রাজা স্বর্গং নাত্যন্তমশ্বুতে॥১৮॥
প্রবর্তনাদ্রাপরস্থ যথাভাগমুপাশ্বুতে।
কলেঃ প্রবর্তনাদ্রাজা পাপমত্যন্তমশ্বুতে॥১৯॥
ততো বসতি ভূজ্মা নরকে শাশ্বতীঃ সমাঃ।
রাজদোবেণ হি জগৎ স্পৃশ্যতে জগতঃ স চ॥২০॥

ভাবতকোমুদী

কান ইতি। বাজ্ঞা সদস্বয়োঃ কাবণম্। কানস্থাপি সদস্বযোবের কারণম্॥১৬॥ বাজেতি। রাজ্ঞা শাসনাহসাবেণ ধর্মতাবতম্যাদেকশ্মিরের কালে স্কুডাদিছং ভবতীতি ভাবঃ॥১৭॥

কততেতি। ক্বতা সত্যযুগন্ত, ক্বণাং শাসনসোষ্ঠবেন প্রবর্ত্তনাং। অত্যন্তং দীর্ঘ-কালম্। নাত্যন্তম্ অদীর্ঘকালম্, ভাগহাবেণেত্যর্থ: ॥১৮॥

প্রেভি। যথাভাগং সত্যপ্রবর্ত্তননিবন্ধনম্বর্গভোগকালশু বিভাগন্যনকালম্ ॥১৯॥ তত ইভি। শাসতীঃ সমাঃ দীর্ঘকালমিত্যর্থঃ। স্কগতো দোষেণ স বান্ধা চ স্পৃশাতে ॥২০॥

বাজা যখন বাজ্যেব সর্বত্র সমীচীনভাবে দণ্ডনীতি প্রযোগ কবেন, তখন 'সত্যযুগ-'নামক উত্তম কাল চলিতে থাকে ॥১৫॥

অতএব যুধিষ্ঠিব! কালই বান্ধাব গুণ-দোবেব কাবণ, কিংবা বাজাই কালের গুণ-দোবেব কাবণ; এইবাপ সন্দেহ যেন তোমাব হয় না। কেন না, রাজাই কালেব গুণ-দোবেব কাবণ ॥১৬॥

বাজাই সত্যযুগ সৃষ্টি কবেন, আবাব বাজাই ত্রেভা, দ্বাপব ও কলিযুগ-প্রাহৃত্তিব কাবণ হন ॥১৭॥

বাজা সত্যযুগ প্ৰবৰ্ত্তিত কৰিয়া দীৰ্ঘকাল স্বৰ্গভোগ কৰেন, কিন্তু ত্ৰেভাযুগ প্ৰবৰ্ত্তিত কৰিয়া তিনি তত দীৰ্ঘকাল স্বৰ্গভোগ কৰেন না ॥১৮॥

এবং বাদ্ধা দাপবযুগ প্রবর্ত্তিত কবিষা স্বেই ভাগ অনুসাবে স্বর্গভোগ কবেন ; আব তিনি কলিযুগ প্রবর্ত্তিত কবিষা গুকতব-পাপভগী হন ॥১৯॥

তাহার পব সেই ছক্ষা বাজা দীর্ঘকাল নবকে বাস কবেন। কাবণ, বাজাব দোব জগংকে এবং জগতেব দোব বাজাকে স্পর্শ কবিয়া থাকে ॥২০॥ রাজধর্মানবেক্ষর পিতৃপৈতামহোচিতান্।
নৈতন্রাজর্ষিরত্তং হি যত্র হং স্থাতুমিচ্ছদি॥২১॥
নহি বৈশ্বব্যসংস্ট আনৃশংস্থে ব্যবস্থিতঃ।
প্রজাপালনসংভূতং ফলং কিঞ্চন লব্ধবান্॥২২॥
নহেতামাশিষং পাণ্ডুর্ন চাহং ন পিতামহঃ।
প্রযুক্তবন্তঃ পূর্বং তে যয়া চরদি মেধয়া॥২৩॥
যজ্যে দানং তপঃ শোর্যাং প্রজ্ঞা সন্তানমেব চ।
মাহাল্মাং বলমোজন্চ নিত্যমাশংসিতং ময়া॥২৪॥
নিত্যং স্বাহা স্বধা নিত্যং দত্ত্মানুষদেবতাঃ।
দীর্ঘসাযুর্থনং পুত্রান্ সম্যগারাধিতাঃ শুভাঃ ॥২৫॥

ভাৰতকৌমুদী

বাজেতি। পিতৃপৈতামহোচিতান্ পিতৃপিতামহৈবজ্যনান্। রবং ব্যবহাবং ॥২১॥
নহীতি। বৈরব্যসংস্টো ত্র্বভাষ্ক্রং, আনুশংক্তে দ্বাধান্। লব্ববান্ কশ্চিদ্পি ॥২২॥
নহীতি। এতাং মেগান্। পিতামহো রাাসং। মেববা বৃদ্ধা ॥২৩॥
যজ ইতি। সন্থানং ক্লম্। বলং দৈহিকী শক্তিং, ওজ্ল মানসিকী শক্তিং ॥২৪॥
ভাবতভাবদীপঃ

1>৪—১৫॥ বাদ্ধা দর্মম্ অধর্মং বা প্রবর্ত্তয়ন্ কৃতজ্ঞেতাদিযুগরপশু কালয় কাবণম্। এবঞ্চ সর্কাশিয়ি কালে ধর্মাদিতাবতম্যাদ্য়গচতুষ্ট্রমন্তীতি ভাবঃ ॥১৭—১৯॥ জগতঃ লোবেণ স চ বাদ্ধা স্পৃশ্বতে ॥২০—২১॥ ফলং ন লক্ষ্বান্ প্রাপ্তবান্ অসীতি শেষঃ ॥২২—২৪॥ নিত্যমিতি।

বংস। তুমি পিতৃপিভামহাদিব আচরিত রাজধর্মের পর্য়ালোচনা কব। কিন্তু তুমি যে ধর্মে থাকিবাব ইচ্ছা কর, ভাহা রাজর্ষিদের ধর্ম নহে ॥২১॥

কোন রাজাই তুর্বল ও দয়ালু থাকিয়া প্রজাপালনজাত কোন ফল লাভ করিয়া যাইতে পাবেন নাই ॥২২॥

ভূমি যে বৃদ্ধিতে চলিতেছ, এ বৃদ্ধির আশীর্বাদ আমি বা ভোমাব পিতা কিংবা পিতামহ কেহই পূর্বে করি নাই বা করেন নাই ॥২৩॥

যজ্ঞ, দান, তপস্থা, বীবদ, বৃদ্ধি, বংশ, ওদার্ঘ্য, বল ও তেম্ব এইগুলি লাভের আশীর্কাদই আমি সর্বদা করিয়াছি ॥২৪॥

মঙ্গলকামী ব্রাহ্মণগণের যথাযথভাবে সেবা করিলে পব তাঁহাবাও সর্বদা যজ্ঞ ও সর্বদা প্রাদ্ধের এবং দীর্ঘ ভাষু, ধন ও পুত্রেব আদীর্বাদই কবিয়া যাইতেন ॥২৫॥

⁽২৪) যদগোদানং তপঃ শৌধ্যয় • পি।

পুত্রেষাশাসতে নিতাং পিতরো দৈবতানি চ।

দানমধ্যয়নং যজ্ঞঃ প্রজানাং পরিপালনম্ ॥২৬॥

এতদ্বৰ্মমধর্মাং বা জন্মনৈবাভ্যজায়থাঃ।

তে তু বৈত্যাঃ কুলে জাতা অরন্ত্যা তাত! পীড়িতাঃ ॥২৭॥

যত্র দানপতিং শূরং ক্ষুধিতাঃ পৃথিবীচরাঃ।

প্রাপ্য তুষ্টাঃ প্রতিষ্ঠন্তে ধর্মাঃ কোহভাধিকন্ততঃ ॥২৮॥

দানেনান্তং বলেনান্তং তথা সূন্ত্য়া পরম্।

সর্বতঃ প্রতিগৃহ্বীয়াদ্রাজ্যং প্রাপ্যেহ ধান্মিকঃ ॥২৯॥

ত্রাহ্মণঃ প্রচরেইছক্ষং ক্ষত্রিয়ঃ পরিপালয়েং।

বৈশ্যো ধনার্জনং কুর্যাচছ্টুঃ পরিচরেচ্চ তান্॥৩০॥

ভারতকোমূদী

নিতামিতি। স্বাহা ৰজম্, স্বধা আদিম্, মাহ্ৰ্যদেবতা ব্ৰাহ্মণাঃ দছ্বাশিষা ॥২৫॥
পুত্ৰেৰিতি। আশাসতে আকাজ্ৰুন্তি। তন্মাং প্ৰদ্ৰাপালনমপি কৰ্ত্ব্যমিতি ভাবঃ ॥২৬॥
এতদিতি। অভি লক্ষীকৃত্য। বৈতা বিভাবন্তঃ। অবৃত্ত্যা আত্মবৃত্তিত্যাগেন ॥২৭॥
যত্ৰেতি। দানপতিং দানশেতিম্। পৃথিবীচবা মাহ্ৰাঃ। প্ৰতিষ্ঠন্তে গছন্তি ॥২৮॥
দানেনেতি। স্মৃত্ৰা সভাপ্ৰিম্মা বাচা। প্ৰতিগৃহীশাং সহায়ং সংগৃহীয়াং ॥২৯॥
ভাবতভাবদীপঃ

মাহ্যান্ড দেবতান্চ সমাগারাধিতাঃ সত্য ইহলোকে আযুবাদীনি পবলোকসাধনানি স্বধাদীনি সংকর্মাণি চ দহাঃ ॥২৫—২৬॥ এতং মছাকাং ধর্মং ধর্মযুক্তম্ অধর্মং বা জন্মনৈব স্বভাবর্শ এব অভ্যন্ধায়ধাঃ অভিদানীষে হে ক্লফ ৷ তে তু পাগুবাস্ত বৈখ্যা বিভাবন্তঃ ॥২৭॥ দান-পতিং পালনাধিকাবিণম্, দেঙ্পালনে অস্ত রূপম্ ॥২৮—৩৪॥

ইতি উদ্যোগপর্কণি নৈদক্ষীয়ে ভাৰতভাবদীপে অয়োবিংশত্যবিকশততমোহধ্যায়ঃ ॥১২৩॥

পিতৃনোকেরা ও দেবতাবা পুত্রদেব দান, অধ্যযন, যজ্ঞ ও প্রজাপালনেব আশাই সর্বদা কবিয়া থাকেন ॥২৬॥

যুধিষ্টিব! এগুলি ধর্মাই হউক বা অধর্মাই হউক, এইগুলি লক্ষ্য কবিয়াই ভূমি জন্মিয়াছিলে। বংস। সেই তোমবা সংকূলে জন্মিয়াছ এবং বিভা লাভ কবিয়াছ; তথাপি আপনাদেব বৃত্তি পরিত্যাগ করায় হঃখ ভোগ কবিতেছ ॥২৭॥

মাতৃৰ দুধাৰ্ত্ত হইয়। মহাদাতা ও বীরেব নিকট যাইয়া সম্ভষ্ট হইয়া যে চলিয়া যায়, তাহা অপেকা অধিক ধর্ম আব কি আছে ॥২৮॥

ধাৰ্মিক বাছা বাজ্যলাভ কবিষা দানদ্বাৰ৷ কোন ব্যক্তিকে, বলদ্বাবা অন্ত ব্যক্তিকে এবং সত্য ও প্ৰিয় বাক্যদ্বাবা অপৰ ব্যক্তিকে সকল স্থান হইতে সহাহ কবিয়া দুইবেন ॥১৯॥ ভৈক্ষং বিপ্রতিষিদ্ধং তে কৃষিনৈবোপপততে।

ক্ষান্ত্রেয়াংসি ক্ষতাক্রাতা বাহুবীর্য্যোপজীবিতা ॥৩১॥
পিত্র্যমংশং মহাবাহো! নিসমং পুনক্লদ্ধর।

সান্না ভেদেন দানেন দণ্ডেনাথ নয়েন বা ॥৩২॥
ইতো হুংখতরং কিন্নু মদহং দীনবান্ধবা।
পরপিণ্ডমুদীক্ষে বৈ ত্বাং সূত্বাহমিত্রনন্দন!॥৩৩॥

যুধ্যম্ব রাজধর্মোণ মা নিমজ্জীঃ পিতামহান্।

মা গমঃ ক্ষীণপুণ্যস্তং সাকুজঃ পাপিকাং গতিম্ ॥৩৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্বানি
ভগবদ্যানে কৃত্তীবাক্যে ত্রয়োবিংশত্যধিকশতত্বেমাহধ্যায়ঃ॥০॥ *

ভাবতকোমূদী

ব্ৰাহ্মণ ইতি। ধনাৰ্জনং কুৰ্যাঘাণিজ্যেন। পৰিচবেং সেবেত ॥৩০॥
ভৈক্ষিতি। ক্ষতাং প্ৰহাৰাং, আতা পৰবন্ধকঃ, বাহুৰীৰ্যোপদীবিতা তে ভবতু ॥৩১॥
পিত্ৰামিতি। নিমধং শক্ষভিশ্বহণান্ত্ৰম্। নমেন কৌশলান্তবেণ ॥৩২॥
ইত ইভি। দীনা বাদ্ধবাঃ পুৱা ৰক্ষাঃ সা। হে অমিত্ৰনন্দন। শক্ষণামানন্দদ্ধনক । ॥৩০॥
ইদানীং প্ৰকৃত্ৰম্পদিশতি যুধ্যন্তেতি। নিমজ্জীঃ বৃত্তান্তৰগ্ৰহণপাপেন ॥৩৪॥
ইতি মহামহোপাধ্যাধ-শ্ৰীহ্ৰিনাসসিদ্ধান্তবাগীশভট্টাচাৰ্যবিৰ্চিতান্নাং মহাভাৰভটীকানাং
ভাৰতকৌম্দীসমাধ্যাধাম্দ্ৰোগপৰ্কণি ভগৰদ্ধানে অবোৰিংশভাধিকশতভ্যোহধ্যান্নঃ ॥০॥

ব্রাহ্মণ ভিক্ষা কবিবেন, ক্ষত্রিয় প্রজাপালন কবিবেন, বৈশ্য ধনোপার্জন করি-বেন এবং শৃদ্র তাঁহাদেব পরিচর্য্যা কবিবে ॥৩০॥

অতএব তোমার ভিক্নাবৃত্তি নিষিদ্ধ আছে, কৃষিবও সম্ভাবনা নাই। ভূমি ক্ষড (পরপ্রহার) হইভে পররক্ষক ক্ষত্রিয় হইয়াছ। স্থুভবাং বাছবলই ভোমার উপদ্বীব্য হউক ॥৩১॥

মহাবাহু! ভোমাব পৈতৃক বাজ্যের অংশ শক্রবা হস্তগত কবায় তাহা লুপ্ত হইয়া গিয়াছে। স্কুতবাং সাম, দান, ভেদ, দণ্ড, কিংবা অন্ত কোন কৌশলে পুনরায় তাহাব উদ্ধাব কর ॥৩২॥

ভূমি এইভাব অবলম্বন করিয়া শত্রুগণেবই আনন্দজনক হইয়াছ এবং আমার পুত্রেবা সকলেই দরিজ হইয়া গিয়াছে। স্থুভবাং ভোমাকে প্রসব করিয়া আমি উদ্গ্রীব হইয়া পবদত্ত অন্নপিণ্ডেব প্রতি চাহিয়া থাকি; ইহা অপেকা অধিক হুঃখ আব কি আছে ॥৩০॥

চতুৰ্বিংশত্যধিকশততমোহধ্যায়ঃ।

কুন্তাবাচ।

জ্ঞাপুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
বিত্নায়াশ্চ সংবাদং পুত্রস্ত চ পরস্তপ ! ॥১॥
ততঃ শ্রেয়শ্চ ভূয়শ্চ যথাবদ্বক্ত্রুমহিদি।
যশস্বিনী মন্ত্রুমতী কুলে জাতা বিভাবরী ॥২॥
ক্তর্ঝর্মরতা দান্তা বিত্না দীর্ঘদর্শিনী।
বিশ্রুতা রাজসংসংস্থ শ্রুতবাক্যা বহুশ্রুতা ॥৩॥ (যুগ্মকম্)
বিত্না নাম রাজন্যা জগর্হে পুত্রমোরসম্।
নির্জিতং সিন্ধুরাজেন শরানং দীনচেতসম্॥৪॥

ভারতকোমুদী

অত্রেতি। বিহুলায়ান্তদাখ্যায়াঃ ক্ষতিয়াধাং, পুত্রন্ত তদাত্মকুল্ত ॥১॥

তত ইতি। ততো বিহুলাতংপু্রসংবাদাং বং শ্রেরো মঙ্গলং সম্ভবতি, তং ভূরো বছলং বৃধিছিরাম বথাবদকু মর্হসীতি কৃষ্ণং প্রত্যুক্তি:। মহামতী পু্ত্রপবান্ধমাদৈক্তবতী, বিভাববী কৃটিলবভাবা, "বিভাববী নিশাবাত্রো: কৃটকাং বক্রযোধিতি" ইতি মেদিনী। দাস্তা জিতেজিয়া, বিহুলা নাম। শ্রুতবাক্যা বৃদ্ধেতাঃ শ্রুতেতিহাসা, বহুশতা বহুশাস্থ্রজা আসীং ॥২—৩॥

বিদুলেতি। বাজ্ঞা ক্ষতিয়া, ঔবদং স্বোদরজাতম্। শ্যানং শ্যিতম্ ॥৪॥

অতএব যুধিষ্ঠিব ! তুমি বাজধর্ম অনুসাবে যুদ্ধ কব, পিতৃপুক্ষণণকে নরকে
নিমগ্ন কবিও না, কিংবা তুমিও ক্ষীণপুণ্য হইতে থাকিয়া কনিষ্ঠ ভ্রাতাদের সহিত
পাপগতি প্রাপ্ত হইও না' ॥৩৪॥

কুন্তী বলিলেন---'পবস্তপ কৃষ্ণ। মনস্বীর। এ বিষয়ে বিছ্লা ও ভাহাব পুক্রেব সংবাদকপ একটা প্রাচীন বৃত্তান্তেব উল্লেখ কবিতে পীবৈন ॥১॥

কৃষণ । তাহা হইতে যে মঙ্গল হইতে পাবে, তাহা তুমি অনেক বাব যথা-যথভাবে যুধিষ্টিরেব নিকট বলিতে পার। যশস্বিনী, দৈক্তবতী, কুটিলস্বভাবা, ফত্রিযধর্মে রতা, জিতেন্দ্রিযা, দ্রদর্শিনী, বাজসভায প্রসিদ্ধা, শ্রুতবৃদ্ধবচনা, বহু-শাস্ত্রজা ও সংকুলজাত। বিছ্লানায়ী এক মহিলা ছিলেন ॥২—১॥

একদা তাঁহার পুত্র সিদ্ধ্বাজের নিকট পবাজিত হইয়া আসিয়া বিষয়চিত্তে

বিছ্লোবাচ।

অনন্দন! ময়া জাত! দিষতাং হর্ষবর্দ্ধন!।
ন ময়া স্থং ন পিত্রা চ জাতঃ কাভ্যাগতো হুসি॥৫॥
নির্মন্ত্রশ্চাপ্যসংখ্যেয়ঃ পুরুষঃ ক্রীবসাধনঃ।
যাবজ্জীবং নিরাশোহসি কল্যাণায় ধুরং বহ ॥৬॥
মাত্মানমবমভাস্ব মৈনমঙ্কোন বীভরঃ।
মনঃ কৃত্বা হ্বকল্যাণং মা ভৈন্তং প্রতিসংহর ॥৭॥

ভাবতকোমুদী

जनस्ति । (इ जनमन । भगानमाञ्चनक ।। इ क्छः ॥८॥

নিবিতি। নির্মায় ক্রোধশ্রা, অসংখ্যোষ পুরুষমধ্যে অগণ্যা, ক্লীবসাধনা ক্লীবসমান-মনোবৃত্তিঃ। ধুবং পুন্যুদ্ধভাবং বহ ॥৬॥

মেতি। ত্বম্ স্থারানং তুর্বলবোধেন মা অবমক্তর, অল্পেন অনষ্টবাদ্যাংশেন এনমাত্মানং মা বীভর: ন প্রাণ, মন: মহোৎসাছিরপেণ স্কল্যাণং কৃতা, মা ভৈ: ন বিভীহি, প্রতিসংহ্ব প্রাক্ষ্যনিবন্ধন্মবসাদম্ উপসংহ্ব ॥৭॥

ভাবতভাবদীপঃ

অত্যেতি ।)। ততঃ মত্কাং শ্রেষঃ প্রশন্ততবং ভ্যোহধিকতবং মহামতী দৈলবতী বিভাববী কুপিতা। "বিভাববী বন্ধলাঞ্চ বক্রযোধিতি" ইতি বিশ্বঃ ।২—আ বান্ধলা মূর্দ্ধাভিষিক্তা। "মূর্দ্ধাভিষিক্তা বান্ধল" ইত্যমব:। ন্ধগর্হে নিন্দিতবতী ॥।। অনন্দন । কুপুত্র। কুৎসার্থেহত্র নঞ্ছ। অসম্বোধঃ অগণনীয়ঃ তুচ্ছবাং ক্লীবং নির্বীর্ধ্যং সাধনং বাহ্বাদিকং যক্ত স তথা ॥।।।

শয়ন কবিয়া বহিয়াছিলেন, এমন সময়ে সেই ক্ষত্ৰিয়া বিছলা যাইয়া তাঁহাকে নিন্দা কৰিতে লাগিলেন ॥৪॥

বিছ্লা বলিলেন—'তুমি আমাব গর্ভে জন্মিযাছ, অথ চ আমাব আনন্দজনক হও নাই; পবস্তু শত্রুপক্ষেবই আনন্দবৰ্দ্ধক হইয়াছ। স্থতবাং তুমি আমাব গর্ভেও জন্ম গ্রহণ কব নাই, ভোমাব পিতাও ভোমাকে উৎপাদন কবেন নাই, তুমি কোথা হইতে আসিলে ? ॥৫॥

তোমার ক্রোধ নাই এবং ক্লীবেব স্থায় মনেব বৃত্তি বহিষাছে। স্থুতবাং তুমি পুক্ষ বলিয়াই গণ্য হইতে পাব না; তুমি কি যাবজ্জীবনেব জ্ঞাই নিবাশ হইলে ? উঠ, মঙ্গলের জ্ঞা পুনবায় যুদ্ধেব ভাব বহন কব ॥৬॥

তুমি আপনাকে ত্র্বল মনে কবিষা অবজ্ঞা কবিও না, আব অল্পদাবা উহাকে পোষণ কবিও না, মনটাকে উৎসাহী কবিয়া ভয় পবিত্যাগ কর এবং অবসাদ দূব কব ॥৭॥ উতিষ্ঠ হে কাপুরুষ ! মা শেষেবং পরাজিতঃ ।
অমিত্রান্ নন্দয়ন্ সর্বান্ নির্মানো বন্ধুশোকদঃ ॥৮॥
অপুরা বৈ কুনদিকা অপুরো মৃষিকাঞ্জলিঃ ।
অসন্তোষঃ কাপুরুষঃ স্বল্লকেনৈব ভুয়তি ॥৯॥
অপ্যহেরারুজন্ দংষ্ট্রামাশ্বেব নিধনং ব্রন্ধ ।
অপি বা সংশয়ং প্রাণ্য জীবিতেহপি পরাক্রমেঃ ॥১০॥
অপ্যরেঃ শ্যেনবচ্ছিদ্রং পশ্যেশ্বং বিপরিক্রমন্ ।
বিবদন্ বাথবা ভূষ্ণীং ব্যোদ্ধীবাপরিশক্ষিতঃ ॥১১॥

ভারতকৌমুদী

উত্তিষ্ঠেতি। মা শেষ ন স্বৰ্পিছি। নিৰ্মানো বিগতগৰ্বঃ ॥৮॥

স্বিতি। কুনদিকা ক্ষনদী, স্থ্বা অনায়াসেনৈব প্রবিতৃং শক্যা, ম্বিকশু অঞ্চলিঃ ক্ষুত্রাদর্ভ্রব্যেণৈব স্থ্বং, কাপুক্ষোহৃপি স্থসস্তোষঃ অনায়াসেনৈব সন্তোষয়িতৃং শক্যঃ, যেন হি ধ্বসৌ স্বল্লেনেব ভ্রেণ তৃত্ততি ॥।॥

অপীতি। অহে: দর্পন্ত, দংট্রাং দস্তম্, আক্তন্ ভঞ্জপি, আশু শীদ্রমেব ॥১০॥ অপীতি। বোমি আকাশ ইব ভূতলে বিপৰিক্রমন্ সর্বত্র বিচৰন্ ॥১১॥

ভাবতভাবদীপঃ

মা বীভব: মাপালয়। প্রতিসংহব ভয়মিতি শেষ: ॥ ।॥ মা শেষ নিরুদ্যোগো মা ভৃঃ ॥৮—৯। পরাক্রমে: পরাক্রমং কুরু ॥১ ।॥ বিবদন্ শক্রজয়ার্থম্ অনেকান্ পক্ষাস্থাবয়ন্ বা ভৃষ্ণীভৃতোহরে-শিহুদ্রং পঞে: যথা ব্যোগি অপরিশধিত: শক্রোবাধিক্যান্তয়মপশুন্ শুনন্তবং ॥১১—১২॥

হে কাপুক্ষ। উঠ, পরাজিত হইয়া সমস্ত শক্তকে আনন্দিত করিতে থাকিয়া গর্বশৃক্ত এবং বন্ধুবর্গের শোকদাতা হইযা এভাবে শয়ন কবিয়া থাকিও না॥৮॥

দেখ, ক্ষুনদীকে অনায়াসে প্রণ কবা যায় এবং মৃষিকেব অঞ্চল স্থে পূর্ণ কবা চলে, আব কাপুক্ষকেও বিনা ক্রে সন্তুষ্ট কবা যায়। কারণ, ভাহারা অল্লদারাই পূর্ণ ও সন্তুষ্ট হইযা থাকে ॥১॥

তুমি সর্পেব দন্ত ভগ্ন কবিষাও সম্বাহ বিনষ্ট হও, অথব। জীবনে সন্দেহ কবিষাও প্রবাজন প্রকাশ কর ॥১ •॥

ভূমি শ্যেনপদীৰ ভায় বিবাদ কৰিতে থাকিয়া কিংবা নীৰবে রহিয়া ঘাকাশেৰ ভায ভূতলে নিঃশঙ্কচিত্তে বিচৰণ কৰতঃ শক্রুর ছিচ্চ অয়েয়ণ কর॥১১॥

⁽२) --- यमस्यायः दापूक्षः -- थि।

·ছমেবং প্রেতবচ্ছেষে কন্সাঘক্তহতো যথা।
উত্তিষ্ঠ হে কাপুরুষ! মা স্বাক্ষীঃ শক্রনির্জিতঃ ॥১২॥
মাহস্তং গমঃ স্বরুপণো বিশ্রেয়স্ব স্বকর্মণা।
মা মধ্যে মা জঘতে স্থং মাহধো ভৃত্তিষ্ঠ গর্জিতঃ ॥১৩॥
অলাতং তিন্দুকন্মেব মুহূর্ত্তমপি হি জ্বল।
মা ভূষাগ্রিরিবানর্চিধ্ মায়স্ব জিজীবিষুঃ ॥১৪॥
মূহূর্ত্তং জ্বলিতং শ্রেয়ো ন চ ধুমায়িতং চিরম্।
মা হ স্ম কস্সচিদ্গেহে জনি রাজ্যঃ খরো মৃত্যুঃ ॥১৫॥

ভাৰতকৌমুদী

ষ্মিতি। প্রেতবং মৃতবং, শেষে স্থাপিষি। মা স্বাপ্সী: ন স্থাপিছি ॥১২॥
মেতি। স্বম্, স্কুপণো নিতান্তক্ত ইব, অন্তং নাশম্, মা গমং, স্বর্ন্ধণা ক্ষত্রিযোচিতমুক্ষেন, বিশ্রম্ম বিখ্যাতো ভব। মধ্যে মধ্যমে উপায়ে ভেদে মা, জনজে দানে মা, অবং
সামি বা মা ভূর্ন তিষ্ঠ, কিন্তু গজিত: সন্ দত্তে তিষ্ঠ ॥১৩॥

অলাতমিতি। তিন্দুকতা তরুবিশেষতা অলাতম্ অলাব ইব, মৃহুত্তমণি হি জল শিথা-মাবিকুক তেজঃ প্রকাশর চ। কিন্তু জিজীবিষ্জীবিত্মিজুঃ সন্, অনচিঃ অজলিতঃ তুষানিরিব, মাধুমারত্ব কেবলং ন ধুমমুদ্গির বিষাদং ন প্রকাশর চ ॥১৪॥

ভাৰতভাৰদীপঃ

বিশ্লমন্থ খ্যাতো ভব। যা সব্য ইতি সামভেদে জনজমধ্যমো। দানমব্যমো নীচ উপান্ন। দগুত্ত ভবং। তআজ্ঞানকর্তা মা ভ্: কিন্ত গজ্জিতো দগুন্নিতৰ ভবেতার্থ:। উল্লিড ইতি বা পাঠা ৪১৩। তিলুকস্থ অলাভং যথা দিকু ফুলিমান্ বিক্লিপতি জলতি তবং জল দীপাস্থ। পরস্ক তুষান্মিবদনচ্চিম্মা ধুমান্নম। কাকবং থা জিলীবিষ্বিতি পাঠান্তবে কাকরং থাং কাকর-মধ্যগারং মা থাং মা নাশন্ন। থৈ তু হৈব্যে স্বদনহিংসন্নোবিতি থানতেরিদং রূপম্, কাকর্ম্ম ইতি পাঠে কাকবং ব্যুতি পান্নতে বা কাবর্ম্মঃ। ববি গভাবিত্যে রূপম্ ৪১৪। মা জনি মা উৎপত্যতাম্। স্ববং কর্কশং। থবীতি পাঠে ধব্দবানিতি স এবার্থা। মৃত্র্ন্নালুং ৪১৫৪

ভূমি যেন বজ্রাহত হইয়া মৃতেব ভায় এইকপ শয়ন কবিয়া রহিয়াছ কেন ? হে কাপুরুষ! উঠ, শত্রুব হস্তে পবাজিত হইয়া শয়ন করিয়া থাকিও না॥১২॥

তুমি অতিক্ষুদ্রের ন্যায় বিনষ্ট হইও না, আপন কার্যাছাবা বিখ্যাত হও। আর তুমি মধ্যম (ভেদ), অধম (দান), কিংবা নীচ (সাম) উপায়ে থাকিও না, দশু উপায় অবলম্বনপূর্বক গর্জন কবিয়া দাড়াও ॥১৩॥

তুমি গাবকাঠেব মত মুহূর্ত্তকালেব জন্মও জলিয়া উঠ, কিন্তু জীবিত থাকি-বাব ইচ্ছা কবিয়া শিখাশৃন্ম তুষাগ্নিব স্থায় সর্বদা ধ্মোদ্গাব করিও না ॥১৪॥

⁽১৫) জনী রাজ্ঞ থবীমৃত্:—নি।

কৃত্বা মানুয়কং কর্ম দূর্বাজিং যাবত্রত্তমন্।
ধর্মস্থানৃণ্যমাপ্নোতি ন চাত্মানং বিগর্হতে ॥১৬॥
অলব্ধা যদি বা লব্ধা নানুশোচতি পণ্ডিতঃ।
আনন্তর্য্যঞ্চারভতে ন প্রাণানাং ধনায়তে ॥১৭॥
উদ্ভাবয়র্ম বীর্যাং বা তাং বা গচ্ছ প্রবাং গতিম্।
ধর্মাং পুত্রাগ্রতঃ কৃত্বা কিং নিমিত্তং হি জীবসি ॥১৮॥
ইফাপূর্ত্তং হি তে ক্লীব! কীর্ত্তিশ্চ সকলা হতা।
বিচ্ছিমং ভোগমূলং তে কিং নিমিত্তং হি জীবসি ॥১৯॥
ভাবতকৌমদী

কথমেতদিত্যাহ মৃহুর্ত্তমিতি। শ্রেষণ, মহয়ত্বপ্রকাশাং। কিন্তু কশুচিং বাজ্ঞো গেহে, থর: ক্রোধেন তীক্ষ্ণ, দম্বয় মৃত্ন্দ, মা জনি ন জাযন্ত্ব। হ স্মেতি দ্বয়মণি পাদপূরণে ॥১৫॥

কৃত্বেতি। সাম্প্রকং মহুয়োচিত্র্। স্থা প্রস্থ বিধায়েত্যর্থং, আজিং যুদ্ধ্ ॥১৬॥ অলব্ধেতি। প্রাণা বলানি তেষাং তংসাধ্যানাং যুদ্ধাদীনামিত্যর্থং, আনন্তব্যং নৈবন্তর্য্যম্, আবভতে ক্রোতি অবিচ্ছিন্নমেব যুদ্ধং ক্রোতীত্যর্থং, ন ধনায়তে ধনং নেচ্ছতি ॥১৭॥

উদিতি। উদ্ভাবয়স্থ প্রকাশন। ক্রবাং গতিং মৃত্যুম্। স্প্রতঃ বিপবীতলক্ষণয়া পৃষ্ঠতঃ ॥১৮॥

ইটেতি। ইট্রদলিহোত্রাদি পূর্বং ক্পাদি। তংপ্রমাণস্ক পূর্বমৃক্তম্। দশ্বে দীর্ঘঃ। ইটাপ্রনিবন্ধনা কীর্টিবিত্যর্থঃ। বিচ্ছিন্নং হস্তচ্যতম্, ভোগমূলং বাঞ্চাম্ ॥১२॥

ভাবতভাবদীপঃ

আজিং সংগ্রামং স্বাহভিস্তা মাস্থ্যকং মন্ত্রাজোচিতম্ ॥১৬॥ প্রাণানাং প্রাণা: বলং তং-সাধ্যানাং কার্য্যাণাম্ আনন্তর্যম্ অবিচ্ছেদেন কার্য্যাবামাবভতে ইত্যর্থ:। ন ধনায়তে ধনম্ আত্মনো নেচ্ছতি তৃষ্ণাং ত্যজভীত্যর্থ: ॥১৭॥ গ্রুবাং গতিং মবাম্ অগ্রভ ইত্যুপহাস: পৃষ্ঠত:

কাবণ, মুহূর্ত্তকালেব জন্মও জ্বলিত হওয়। ভাল, কিন্তু চিবকালেব জন্মও ধ্মোদ্গার কবা ভাল নহে। আব তুমি কোন বাজাব গৃহে তীক্ষ্ণ বা মৃত্ হইয়া জন্মিও না ॥১৫॥

বৃদ্ধিমান্ ক্ষজিয় নমুয়োচিত কাৰ্য্য এবং গুক্তব যুদ্ধ কৰিয়া ধর্মেব নিকট অনুণী হন এবং আপনাকে নিন্দাভাজন কৰেন না ॥১৬॥

বিচন্দণ লোক ফল পাইয়া, বা না পাইয়াও অনুতাপ কবেন না এবং অনব-রত শক্তিৰ কার্য্যই কবিতে থাকেন, কিন্তু তাহাব ফলেব আকাজ্ঞা কবেন না ॥১৭॥

অতএব হন, তুমি পৰাক্রম প্রকাশ কৰ; না হয়, জীবেব নিশ্চিত গতি লাভ কৰ। কিন্তু পুত্র। তুমি ধর্মকে পিছনে ৰাখিন! কি জন্ম জীবিত বহিতেছ ? ॥১৮॥ নপুংসক! তোমাৰ সংৰাধ্যনিবন্ধন সমস্ত কীৰ্ম্ভি নই হইয়া গেল এবং শক্রনিমজ্জতা গ্রাহ্থো কজারাং প্রপতিয়তা।
বিপরিচ্ছিন্নমূলোহপি ন বিষীদেৎ কথঞ্চন।
উদ্যম্য ধুরমূৎকর্ষেণাজানেয়কৃতং স্মরন্॥২০॥
কুরু সত্ত্বঞ্চ মানঞ্চ বিদ্ধি পৌরুষমাত্মনঃ।
উদ্ভাবয় কুলং মগ্রং ত্বংকৃতে স্বয়মেব হি॥২১॥
যক্ত রত্তং ন জন্নন্তি মানবা মহদস্কৃতম্।
রাশিবর্দ্ধনমাত্রং স নৈব স্ত্রী ন পুনঃ পুমান্॥২২॥
দানে তপদি শোর্ষ্যে চ যক্ত নোচ্চরিতং যশঃ।
বিভারামর্থলাভে বা মাতুরুচ্চার এব সঃ॥২০॥

ভাৰতকৌমুদী

শক্রবিতি। নিমক্ষতা প্রণতিয়তা চ জনেন, শক্রপ্রকাষাং গ্রাহং, তেনৈব সহ জল ইব মজনায় বৃশাদিত ইব পতনায়েতি ভাবং। বিপবিচ্ছিন্নস্লো বাজ্যচ্যতঃ। আজানেয় উত্তমাশ্বস্তুত্ত ক্ষাৰ্য্যং শ্ববন্, উভায্য উভাযং ক্ষমা, ধুবং ভাবম্, উৎকর্বেং আকর্ষেং। ষট্পাদোহয়ং প্লোকঃ ॥২০॥

কুর্নিতি। সন্ত্রমধ্যবসায়ম্। উদ্ভাবহ উদ্ধব। ত্বংকৃতে স্বন্ধিতি ॥২১॥

যুক্তে । বৃত্তং চরিত্রম্। বাশিবর্দ্ধনমাত্রং লোকত্পবর্দ্ধকমাত্রম্ ॥২২॥
ভাবতভাবদীপঃ

কৃষ্বেত্যর্থ: ॥১৮। ভোগমূলং রাজ্যং ধনং বা ॥১৯॥ নিমক্ষতা প্রপতিয়তা চ শক্রক্ষায়াং গ্রাহ্ণ: ভেনেব সহ নিমক্ষেৎ পতেছেত্যর্থ:। ন বিধীদেৎ নিক্সমোন ভবেং। উল্লয় উল্লয়ং ক্রছা, ধূবং ভারম্থকর্বেং উদ্যক্ষেং। আলানেষাং জাত্যঝাং তেষাং কৃতং কর্ম যুদ্ধেহনবদাদৰূপং স্ববন্ বিদ্ধি প্রাপ্ত ইং ॥২০॥ বংক্তে মগ্নমিতি সম্বন্ধঃ ॥২১॥ বাশিবর্দ্ধনং সংখ্যা-ভোগের মূল বাজ্য হস্তচ্যুত হইয়া গেল; তবে আব তুমি কেন জীবিত থাকি-ভেছ ? ॥১৯॥

দেখ, নিমগ্ন ও পতিত হইবাব সময়ে (শক্রকে লইয়াই নিমগ্ন বা পতিত হইবাব জন্ত) শক্রব জন্তা ধাবণ কবিবে; আব মূল বিচ্ছিন্ন হইলেও কোন প্রকাবে বিষণ্ণ হইবে না এবং উৎকৃষ্ট অশ্ব যে কার্য্য কবে, তাহা শ্ববণ করিয়া উভাম সহকাবে ভাব বহন কবিবে ॥২০॥

অতএব তুমি অধ্যবসায় ও অভিমান অবলম্বন কব, নিব্দেব পু্কষকাব অব-় গত হও এবং তোমাব জন্ম নিমগ্ন বংশটাকে তুমিই উদ্ধাব কব ॥২১॥

মামুষেবা যাহাব উত্তম ও অদুত চবিত্রেব বিষয়ে আলোচনা কবে না, সে লোক মামুষেব সংখ্যাবৰ্দ্ধকমাত্র, কিন্তু জ্রীও নহে, পুকষও নহে ॥২২॥

⁽২৩) দানে তপসি সত্যে **চ** · বা ব রা নি।

শ্রুতন তপদা বাপি গ্রিয়া বা বিজ্ঞবেশ বা ।
জনান্ যোহভিতবত্যন্থান্ কর্মণা হি দ বৈ পুমান্ ॥২৪॥
ন ত্বেব জাল্মীং কাপালীং বৃত্তিং দেবিভূমর্হদি ।
নৃশংস্থামযশস্থাঞ্চ জুঃখাং কাপুরুষোচিতাম্ ॥২৫॥
যদেনমভিনন্দেযুরমিত্রাঃ পুরুষং কুশম্ ।
লোকস্থ সমবজ্ঞাতং নিহীনাসনবাসসম্ ॥২৬॥
অহো লাভকরং হীনমল্পজীবনমল্লকম্ ।
নেদৃশং বন্ধুমাসান্থ বান্ধবঃ স্থখমেধতে ॥২৭॥

ভারতকৌমুদী

দান ইতি। নোক্তবিতং সর্বজোংকর্বে। নালোচিতম্। উক্তাবে। বিষ্ঠা ॥২০॥
শতেনেতি। শতেন শাস্ত্রজানেন। শ্রিয়া সম্পদা। অভিতবতি প্রাজ্মতে ॥২৪॥
নেতি। স্থান্থীং নিক্টজাত্যুচিতাম্, কাপালীং কপালধাবিভিক্ষ্যোগ্যাম্ ॥২৫॥
যদিতি। অভি লক্ষ্যীকৃত্য। নিহীনানি নিক্টানি আসনানি বাসাংসি চ যক্ত তম্ ॥২৬॥
অহো ইতি। অল্পাভেগপি অহোলাভক্ষম্ আশ্র্যালাভো জাত ইতি মন্তাবম্ ॥২৭॥
ভাবতভাবদীপঃ

প্ৰকোন তু প্ৰাধান্ধনান্তবাৰ্চ: ॥২২॥ মাতৃ: উচ্চাবে। বিষ্ঠা ॥২৩—২৪॥ কাপালীং বৃত্তিং ভিলা-চৰ্ঘ্যাম্ ॥২৫॥ যম্ এনম্ অমিত্ৰা অভিনন্দেশ্য তং বন্ধুং বান্ধবঃ আসাল্ভ ন হ্ৰ্থমেণত ইতি ভূতীয়শোকেন সদন্ধ: ॥২৬॥ অহো লাভক্ৰম্ অল্লেহপি লাভে অহে। লাভো জাত ইতি বিশায়ং

দান, তপস্থা, বীবৰ, বিছা, কিংবা অর্থলাভ বিষয়ে লোকে যাহার যশ বীর্ত্তন না কবে, সে ব্যক্তি মাতাব বিষ্ঠাই বটে ॥২৩॥

আবার যে ব্যক্তি শাস্ত্রজ্ঞান, তপস্থা, সম্পদ্, বিক্রম, কিংবা অন্থ সংকর্ম-দ্বাবা অন্থ লোকদিগকে অভিভূত কবিতে পাবে, সেই ব্যক্তিই পুক্ষ বটে ॥২৪॥

নিকৃষ্টলোকেব যোগ্য, ভিক্লুকেব উপযুক্ত, নিষ্ঠুবোচিত, নিন্দাজনক, ছঃখ-সম্পাদক, কিংবা কাপুক্ষোচিত কোন বৃত্তি ভূমি অবলম্বন কবিতে পাব না ॥২৫॥

যে হেতু নিকৃষ্ট আসন ও বসনযুক্ত, লোকেব সবজাব পাত্র ও ক্ষীণদেহ মায়ুবকে লক্ষ্য কবিয়া শক্রবা সানন্দ প্রকাশ কবে ॥২৬॥

অৱলাভেও যাহাব বিশ্বয় জন্মে, যে লোক নিকৃষ্ট এবং যাহাব ক্ষুদ্ৰ জীবন ও ফুদ্ৰ স্বভাব, ভাদৃশ বন্ধু লাভ কবিষা বান্ধবেবা সুখ অমুভব কবে না ॥২৭॥

⁽२०)…रृज्जिरमिष्ट्गर्दिम ना व वा नि। (२७) गरमनम्बिनत्नयः न। व वा नि।

खर्रेखाव विशश्यास्य वरः ब्राष्ट्री थ्यविमिनाः ।

गर्वकायद्गरिनाः यानव्ये। व्यक्किनाः ॥२৮॥

व्यक्कवितः मध्य क्लदः मण्य नामन्य ।

किलः शूव्यवित्तन मक्षयः । व्यायक्षिकन्य ॥२०॥

नित्रमर्थः निक्रप्राद्यः निर्वेशियदिनम्पन्य ।

यात्रा मीमिन्ति कािष्किनस्य शूव्यीपृभ्य ॥००॥

या य्याय क्लािज्ञ सांक्या कि भाववान् ।

क्ल मूक्त्यिवानाः मूद्युव्यित वा क्रिय् ॥००॥

विज्ञावित्त शूक्त्या यप्तर्यी यप्तक्यी ।

क्रियावान् नित्रमर्थन् नित्र खी न शूनः शूयान् ॥०२॥

ভাবতকোমুদী

অবৃত্ত্যেতি। অবৃত্ত্যেব জীবিকাষা অভাবেনৈব, বিপংস্থামো মবিশ্বাম: ॥২৮॥
অবল্থিতি। অবস্কাবিণম্ অসংকর্মকরম্, কুলবংশক্ত পিতৃমাতৃষ্ভবকুলসমূহক্ত।
পুত্রপ্রাদেন পুত্রাপদেশেন। সঞ্চয়েতি নারা পুত্রক্ত সংখ্যমম্ ॥২০॥

নিবিভি। নিবমর্থ কোধহীনম্। অবিনদনং শক্ষণামানসক্ষনকম্ ।৩০॥
মেভি। মা ধ্যায় ন ধ্যম্দ্গিব নাবসীদেভার্থং, জল উত্তেজিতো ভব ।৩১॥
এভাবানিভি। অম্বী কোবী। মৃত্যু পুরুষো নপুংসক্বদেবেভি ভাবঃ ।৬২॥
ভাবভভাবদীপঃ

কুর্কাণম্ ॥২৭॥ অবৃত্তা। জীবনোপায়াভাবেন বিপংস্তামঃ মরিন্তামঃ ॥২৮॥ অবস্কু অমঙ্গলম্। অকর্মেতি ব। পাঠঃ। তৎকাবিণং নিশ্চেষ্টং বুলং ভাত্যঃ বংশঃ সোমস্ধ্যাদিম্লোংপত্তি-

আমরা বাজ্য হইতে নির্বাসিত, স্থানত্রষ্ট, সর্বাভীষ্টবিহীন ও নিঃস্ব হইয়া জীবিকাব অভাবেই মবিয়া যাইব ॥২৮॥

সঞ্জয়! সজ্জনেৰ মধ্যে অসংকাৰ্য্যকাৰী এবং সমস্তকুলনাশক ভোমাৰূপ কলিপুক্ষকে আমি পুত্ৰাপদেশে জন্মাইয়াছিলাম ॥২৯॥

অতএব অস্ত কোন নাবীই যেন এইকপ ক্রোধহীন, উৎসাহশৃত্য, নির্বীধ্য ও শক্রপক্ষেব আনন্দজনক পুত্র উৎপাদন না কবেন ॥৩০॥

পুত্র! অবসন্ন হইয়া পড়িষা থাকিও না, প্রবল বেগে ছলিযা উঠ, আক্রমণ কবিয়া শত্রুগণকে যাইয়া সংহাব কব এবং মুহূর্ত্ত কালেব জন্ম কিংবা স্পণকালেব জন্মও যাইয়া শত্রুগণেব মস্তকে পড়িয়া জলিতে থাক ॥৩১॥

বিনি ক্রোধী ও ক্ষমাবিহীন, তিনিই পুক্ষ; আব যে ব্যক্তি ক্ষমাশীল ও ক্রোধবিহীন, সে ব্যক্তি স্ত্রীও নহে, পুক্ষও নহে ॥৩২॥ সন্তোষো বৈ প্রিয়ং হস্তি তথাসুকোশ এব চ।
অনুখানভয়ে চোভে নিরীহো নাশুতে মহৎ ॥৩০॥
এভ্যো নিকৃতিপাপেভ্যঃ প্রমুঞ্চান্মান্মান্মনা।
আয়সং হৃদয়ং কৃত্বা মৃগয়ন্ব পুনঃ স্বকম্ ॥৩৪॥
পরং বিষহতে যন্মান্তস্মাৎ পুরুষ উচ্যতে।
তমাহুর্ব্যর্থনামানং স্ত্রীবদ্য ইহ জীবতি ॥৩৫॥
শূবস্যোজিতসত্বস্থ সিংহবিক্রান্তচারিণঃ।
দিউভাবং গতস্থাপি বিষয়ে মোদতে প্রজা ॥৩৬॥

ভারতকৌমুদী

সম্বোৰ ইতি। অনুক্রোণো দ্যা। অনুথানমত্বমো ভর্ক তে উভে চ শ্রিষ্: হতঃ ॥৩৩॥ এতা ইতি। নিক্বতিপাপেভ্যো লোকাবজ্ঞাদোবেভ্যা, প্রমুক্ষ উদ্ধব। আয়সং লোক্ষ্যং দুচ্মিতার্থঃ। মুগরস্ব সহিশ্ব, স্বকং স্বকীয়ং বিল্পুং বাজস্বপদ্ম ॥৩৪॥

প্রমিতি। পুমান্ যশাং পরং প্রাক্রমণম্, বিষহতে বিশেষেণ সোট মইভি, তশাদসৌ পুরুষ উচ্যতে। পুষোদবাদিখাং সাধুং। যং পুমান্ ইহ স্ত্রীবং দুর্বলং সন্ জীবভি, তম্, ব্যর্থং তদ্যোগার্থহীনং নাম পুরুষসংজ্ঞা যক্ত তং তাদৃশমাহঃ পণ্ডিতাঃ াল্ধ।

শৃবভেতি। উদ্ভিত্সকৃত্ব প্রবলাগ্যবসায়ত। দিইতাবং মৃত্যুম্, বিষ্ধে বাজ্যে ॥৬৬॥ ভাবতভাবদীপঃ

স্থানম্ ॥২৯॥ সঞ্যেতি তস্ত্র নাম ॥৩০—৩২॥ অন্ধ্রোশো দবা। অন্থানং শক্তং প্রত্যনবস্থানং ভয়ক তে উতে চ শ্রিষং হত ইতি পূর্বেণ সমদ্ধঃ। নিবীহো নিশ্চেষ্টো নালু তে সহংপদ্যিতি শেষঃ ॥৩৩॥ নিক্তিপাপেভ্যঃ প্রাভবদোষেভ্যঃ। স্বকং ধনাদিকং প্রং বিষহতে ইতি পুক্ষপদ্নির্বাচনং বর্ণবিকাবাদিনা প্রেষম্ ॥৩৪—৩৫॥ দিইভাবং ম্বণম্, প্রজ্ঞা

সম্ভোষ, দ্যা, অমুদ্তম ও ভয় এই চাবিটা সম্পদ্ নষ্ট কৰে, আৰু নিশ্চেষ্ট লোক প্ৰধান পদ ভোগ কবিতে পাৰে না ॥৩৩॥

যতএন তুমি এই লোকাবজ্ঞা হইতে সাপনিই আপনাকে উদ্ধাব কব এবং মনটাকে লোহেব ভাষ দৃঢ কবিষা সাবাব আপন পদেব অন্বেষণ কব ॥১৪॥

নান্ত্ৰ যে হেতু পৰেব আক্ৰমণ সহা কৰিতে পাবে সেই হেতু তাহাকে 'পুবৰ' বলে। সতএব এই জগতে যে মামুষ জীলোকেব ন্যায় হুৰ্বলভাবে জীবন ধাৰণ কৰে, পণ্ডিতেবা ভাহাব 'পুক্ষ-'নামটাকেই ব্যৰ্থ বলেন ॥৩৫॥

নীন, গুকতৰ অধাৰদায়ী এবং সিংহেৰ স্থায় বিক্রমকারী বাজাব মৃত্যু চউলেও তাঁচাৰ বাজ্যে প্রভাবা আনন্দে বাস করে॥৩৬॥

⁽३५) भ्राम्मधिक्तीन्य । शि।

য আত্মনঃ প্রিয়ন্থথে হিস্বা মৃগয়তে শ্রিয়ম্। অমাত্যানামথো হর্ষমাদধাত্যচিরেণ সঃ॥৩৭॥ পুত্র উবাচ।

কিন্নু তে মামপশ্যন্ত্যাঃ পৃথিব্যা অপি সর্বয়া। কিমাভরণকৃত্যং তে কিং ভোগৈজীবিতেন বা ॥৩৮॥ মাতোবাচ।

অনাদৃতানাং যে লোকা দ্বিস্বস্তানবাপ্নুয়ুঃ।
যে ছাদৃতাত্বনাং লোকাঃ স্কল্স্তান্ ব্ৰজ্ঞ নঃ॥৩৯॥
ভূত্যৈবিহীয়মানানাং পরপিণ্ডোপজীবিনাম।
কুপণানামসন্থানাং মা বৃত্তিমসুবর্ত্তিপাঃ॥৪০॥

ভাবতকোমুদী

য ইতি। মুগমতে অনিগতি। আদধাতি জনযতি ॥৩৭॥
কিমিতি। অপশুস্থা মুদ্ধে মবণাদিতি ভাবঃ। পৃথিবাা অপীতি বিসন্ধিনির্দ্দেশঃ ॥৩৮॥
অনেতি। মুদ্ধে তম্মবণে মম সর্ববিহানাবিশি এতদেব ফলমিত্যাশয়ঃ ॥৩৯॥
ভ্তৈত্যবিতি। ক্লপণানাং ক্লোণাম্, অসন্ধানাং ত্র্বলানাম্, বৃত্তিং ব্যবহারম্ ॥৪০॥
ভাবতভাবদীশঃ

সন্ততি: ॥৩ । প্রিয়ং পুত্রাদিস্থান, তংপবিষদাদিজা হর্ব: ॥৩ ।। নামপখাল্যান্তে পৃথিব্যা কিমিতি সম্বন্ধ: ॥৩৮॥ কিম্বাহ কিং ভোক্তব্যমিতি যে চিক্তমন্তি নির্দ্ধনান্তেবাং কিম্বাকানাং যদ্বা কিম্বা ত্বয়া স্থ এব শত্রন্ জ্বেয়াম ইতি বিলম্পীলানাম্। হল্লমানক্ষেতি পাঠে অনু-জ্বতানা অনাহতানামিতি পাঠে শত্রেবক্ষতানাম্। অনাদ্তানামিতি পাঠে অল্পানাং নির্মাহ্যকানামিত্যপি পাঠ: ॥৩৯—৪৪॥

ইতি উদ্যোগপর্বণি নৈলক্ষ্মীয়ে ভাৰতভাবদীপে চতুর্বিংশত্যধিকশতভ্যোহধ্যায়ঃ ॥১২৪॥

যিনি নিজেব প্রিয়বস্ত ও স্থ পরিত্যাগ করিয়া সম্পদেব সাধেষণ কবেন, তিনি অচিরকালমধ্যেই বন্ধুবর্গের আনন্দ উৎপাদন কবেন' ॥৩৭॥

পুত্র (সঞ্জয়) বলিলেন—'আপনি যদি আমাকেই না দেখিতে পান, তবে আপনার সমগ্র পৃথিবীদারাই বা কি হইবে, অলঙ্কাবেবই বা কি প্রয়োজন থাকিবে এবং ভোগ ও জীবনেরই বা কি ফল হইবে' মুল্লা

মাতা (বিত্লা) বলিলেন—'অবজ্ঞাত লোকদিগেব যে সকল স্থান নির্দিষ্ট আছে, শক্রবা সেই সকল স্থানে যাইবে; আব আদৃত লোকদিগেব যে সকল স্থান নিক্তিত আছে, আমাদেব বন্ধুরা সেই সকল স্থানে যাইবেন ॥৩৯॥

⁽৩৯) কিমছকানাং যে লোকা: বা ব রা, নির্মন্থাকানাং যে লোকা: নি।

অমু খাং তাত! জীবস্ত ব্রাহ্মণাঃ মহদন্তথা।
পর্জন্মনিব ভূতানি দেবা ইব শতক্রতুম্ ॥৪১॥
যমাজীবন্তি পুরুষং সর্বভূতানি সঞ্জয়!।
কল্পক্রমনিবাসাত তক্ত জীবিতমর্থবং ॥৪২॥
যক্ত শূরক্ত বিক্রান্তিরেধন্তে বান্ধবাঃ ম্থম্।
ক্রিদশা ইব শক্রক্ত সাধু তক্তেহ জীবিতম্ ॥৪৩॥
স্ববাহ্বলমাশ্রিত্য যোহি জীবতি মানবঃ।
স লোকে লভতে কীর্ত্তিং পরত্র চ শুভাং গতিম্ ॥৪৪॥

ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামূদ্যোগপর্বণি ভগবদ্যানে বিত্নাপুত্রানুশাসনে চতুর্বিংশত্যধিকশততমোহধ্যায়ঃ॥।॥ *

ভাবতকৌমূদী

অবিতি। অফ্ লক্ষ্যীকৃত্য। পর্জ্ঞাং দেবম্, ভূতানি প্রাণিন: ॥৪১॥
যমিতি। আসান্ত প্রাণ্য, জীবিতং জীবনম্, অর্থবং সার্থকৃম্, প্রোণকারাং ॥৪২॥
যশ্রেতি। বিক্রান্তৈর্বিক্রমা:, এধন্তে বর্দ্ধন্তে। জিদুশা দেবা:, শক্রস্তেক্রক্ত ॥৪৩॥
স্বেতি। পরত্র লোকে চ, শুভাং গতিং ক্রগম্ ॥৪৪॥
ইতি মহামহোপাখ্যায়-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌম্দীসমাখ্যায়ামৃদ্যোগশর্কণি ভগবদ্যানে চতুর্বিংশত্যধিকশততমোহধ্যায়ঃ ॥•॥

সঞ্জয়! তুমি—ভ্তাবিহীন, পবপিণ্ডোপজীবী, ক্ষুত্তস্তুদয় ও তুর্বলদেহ লোক-দিগের চরিত্রেব অমুকবণ কবিও না ॥৪০॥

বংস! প্রাণীবা যেমন মেঘকে এবং দেবতাবা যেমন ইন্সকে আশ্রয় করিয়া জীবন ধারণ করেন, সেইবপ ব্রাহ্মণগণ ও বন্ধুগণ তোমাকে আশ্রয় করিয়া জীবন ধারণ করুন ॥৪১॥

সঞ্য! সকল প্রাণী কল্পরক্ষের ন্যায় যে পুক্ষকে অবলম্বন কবিয়া জীবিকা নির্বাহ করে, তাঁহার জীবনই সার্থক ॥৪২॥

দেবতারা যেমন ইন্দ্রের বিক্রমে উন্নতি লাভ কবিয়াছেন, সেইরপ বন্ধুগণ যে বীরের বিক্রমে অনাযাসে উন্নতি লাভ করেন, তাঁহাব জীবনই এই জগতে উত্তম ॥৪৩॥

যে মান্ত্ৰ আপন বাহুবল অবলম্বন কবিয়া জীবন ধাৰণ কবেন, ডিনি ইহ-লোকে কীৰ্ত্তি এবং পরলোকে সদ্গতি লাভ কবেন' ॥৪৪॥

⁽৪২)···পৰুং জ্নমিবাসান্ত ··বা ব বা :নি। • '·· জয়জ্ঞিংশদবিকশতভগোইধ্যায়ং' বা ব রা নি।

পঞ্চবিংশত্যধিকশততমোহধ্যায়ঃ।

বিছলোবাচ।

অথৈতস্থামবস্থায়াং পৌরুষং হাতুমিচ্ছসি।
নিহীনসেবিতং মার্গং গমিয়াস্থাচিরাদিব ॥১॥
যো হি তেজাে যথাশক্তি ন দর্শযতি বিক্রমাৎ।
ক্ষত্রিয়ো জীবিতাকাজ্জী স্তেন ইত্যেব তং বিছঃ॥২॥
অর্থবস্তুপেপন্নানি বাক্যানি গুণবন্তি চ।
নৈব সংপ্রাপ্ন হাং মুমূর্মিব ভেষজম্॥৩॥
সন্তি বৈ সিন্ধুরাজস্থ সন্তুফা ন তথা জনাঃ।
দৌর্বল্যাদাসতে মূঢ়া ব্যসনোঘপ্রতীক্ষিণঃ॥৪॥

ভাবতকোমুদী

অথেতি। এতক্রাং গৰাজিতকপায়াস্। হাতুং ত্যক্ষু । নিহীনসেবিতং ক্ষত্রিয়াধ্য-ধৃতম্ ॥১॥

य देखि । रखनत्कीयः, चथन्तांभद्दगांतिज्ञांभग्नः ॥२॥

অর্থেতি। উপপন্নানি যুক্তিযুক্তানি, গুণবন্ধি হিতসাধকানি। ভেষজমৌষধম্ ।আ ইদানীং স্ববাজ্যাপহারকশু সিদ্ধুরাজশু জয়োপায়মাহ ত্রিভিঃ সম্ভীতি। জনান্তদীয়াঃ প্রজাঃ। আসতে তিঠন্তি, ব্যসনৌঘং সিদ্ধুরাজশুরে বিপৎসমূহং প্রতীক্ষ্ণ ইতি তে ॥৪॥

বিহুলা বলিলেন—'তা'ব পব তুমি এই অবস্থায় আপন পুরুষকার ত্যাগ করিবার ইচ্ছা কবিয়াছ; তাহাতে অচিরকালমধ্যে অধমক্ষত্রিয়ের পথেই যাইবে ॥১॥

যে ক্ষত্ৰিয় নিজের জীবন বক্ষা কবিবাব ইচ্ছায় শক্তি অনুসাবে বিক্রম প্রকাশ কবিয়া তেজ না দেখায়, লোকে তাহাকে চোব বলিয়াই মনে কবে ॥২॥

হায়! ঔষধ যেমন মুমূর্ লোকের উদবে প্রবেশ কবে না, সেইরূপ সার্থক, যুক্তিযুক্ত ও হিতসাধক বাক্যগুলি তোমাব কর্ণে প্রবেশ কবিতেছে না ॥৩॥

দেখ, সিন্ধুবাজের প্রজাবা তাঁহার প্রতি সম্ভষ্ট নহে; তথাপি সেই মূর্থেরা আপনাদেব ত্র্বলভাবশতঃ সিন্ধুরাজের বিপদেব প্রতীক্ষা কবিয়া বসিযা আছে ॥৪॥ সহায়েপিচিভিং কৃষা ব্যবসায্য ততন্তত্তঃ।

অনুত্বেয়ুরপরে পশ্যন্তন্তব পৌরুষম্ ॥৫॥

তৈঃ কৃষা সহ সংঘাতং গিরিত্বগালয়ং চর।

কালে ব্যসনমাকাজ্জন্ নৈবায়মজরামরঃ ॥৬॥

সপ্তব্যো নামতশ্চ জং ন চ পশ্যামি তত্ত্বয়ি।

অন্বর্থনামা ভব মে পুত্র! মা ব্যর্থনামকঃ ॥৭॥

সম্যাপ্দৃষ্টিমহাপ্রাজ্ঞো বালং ছাং ত্রাহ্মণোহত্তবীৎ।

অয়ং প্রাপ্য মহৎ কৃচ্ছুং পুনর্বন্ধিং গমিয়তি॥৮॥

তন্মান্তাত! ত্রবীমি ছাং বক্ষ্যামি চ পুনঃ পুনঃ ॥৯॥

ভাবতকৌমুদী

সহায়েতি। সহায়স্ত উপচিভিং বৃদ্ধিন্। ব্যবসায় অধ্যবসায়ং বিধায়। অহৃদ্যেয়্ং স্থবিধালাভেন সিদ্ধুবাঙ্গান্তিরা ভবেয়ুং তস্ত শত্রব এব ভবেয়ুবিত্যর্থ: ।৫।

তৈবিতি। সংঘাতং মেলনম্। ব্যসনং সিন্ধ্বাজস্ম বিপদম্, অয়ং সিদ্ধবাদ্ধ: ॥৬॥ সন্তম ইতি। তং সঞ্জন্মম্, ছিয় ন পশ্চামি, পৰাজিতভাদিতি ভাবং ॥৭॥ সমাগিতি। সমাগ্দৃষ্টিং যোগবলেন ম্থার্থদর্শী। বালং শিশুম্ ॥৮॥

ভাবতভাবদীপঃ

অথেতি ॥১—৪॥ সহায়োপচিতিং সহায়সম্পত্তিং কৃষাহিপ অপবে স্বকীয়ান্তব পৌক্ষ-মপশ্বদ্ধঃ যত্ননৈকল্যাদক্ত্যেয়; শত্রুপক্ষং প্রয়েষ্বিত্যর্থঃ ॥৫॥ স্বীয়ানাং সংগ্রহে উপায়্যাহ— তৈবিতি। তৈঃ স্বীয়েঃ সম্প্রতিষ্ ঐক্যং ব্যসনং প্রবস্তু অন্নং তব শত্রুঃ ॥৬—१॥ মে মৃহ্

তা'র পব অক্সাম্য বাজাবাও তোমাব পুক্ষকার দেখিতে পাইয়া বিশেষ চেষ্টাপূর্বক নানাস্থান হইতে সহাযবৃদ্ধি করিয়া সিদ্ধ্বাজেব শত্রু হইয়াই দাড়াইবেন ॥৫॥

তখন তুমি তাঁহাদেব সহিত মিলিত হইযা সিদ্ধৃবাদ্ধের বিপদেব প্রভীন্দা কবিযা যথাসমযে গিবিছর্গে বিচবণ কবিতে থাক। কেন না, সিদ্ধৃবাজ ত অজর বা অমব নহেন ॥৬॥

পুত্র! তোনাব নাম-—'সঞ্চয', অথ চ তোনাতে সে সঞ্চয়ত্ব দেখিতেছি না। স্তবাং তুমি অম্বর্থনামা হও, ব্যর্থনামা হইও না ॥৭॥

যোগবলে যথার্থদর্শী ও নহাপ্রাক্ত এক ব্রাহ্মণ বাল্যকালে ভোমান বিষয়ে বলিযাছিলেন যে, 'এই বালক গুকতব কণ্টে পড়িয়া আবাদ উন্নতি লাভ কবিবে'॥৮॥

⁽१) সহাঢোপচিতং ই হা---পি।

যক্ত হর্পাভিনির তে ভবন্ত্যাপ্যায়িতাঃ পরে।
তক্তার্থসিদ্ধিনিয়তা নয়েধর্থানুদারিণঃ ॥১০॥
সমৃদ্ধিরসমৃদ্ধির্বা পূর্বেষাং মম সঞ্জয় ।।
এবং বিদ্ধান্ যুদ্ধমনা ভব মা প্রভ্যুপাহরঃ ॥১১॥
নাতঃ পাপীয়সীং কাঞ্চিদবস্থাং শন্ধরোহত্তবীং ।
যত্ত্র নৈবান্ত ন প্রাতর্ভোজনং প্রতিদৃশ্যতে ॥১২॥
পতিপুত্রবধাদেতং পরমং ত্রঃখমত্রবীং ।
দারিদ্রাদিতি যং প্রোক্তং পর্যায়মরণং হি তং ॥১০॥

ভারতকোমুদী

তত্যেতি। স্বন্ধী সহম্। ব্ৰবীমি বর্ত্তমানে, বন্যামি ভবিগ্যতি কালে চ ॥ ॥

যত্যেতি। স্বর্থাভিনির্ব তৌ কার্য্যসিদ্ধৌ, আপ্যায়িতা উন্নতাঃ। নয়েন্ নীতির্ ॥ ১০॥

সমৃদ্ধিবিতি। হে স্ক্ষম্! মম পূর্বেবাং পুরুষাণাঞ্চ সমৃদ্ধিবসমৃদ্ধিবা মৃদ্ধেন বৃদ্ধিই নিয়া
বা ভবতু, তথাপি ক্তিমধর্মদান্যোৎস্থ এব , এবং বিধান্ স্থানন্, মৃদ্ধমনা ভব , কিন্তু মা
প্রত্যুপাহবঃ মৃদ্ধবিবামং মা কার্যীঃ ॥ ১১॥

নেতি। পাপীয়সীং ছংগক্ষীম্। শন্ধবো মৃনিবিশেষ: ।১২। ভাৰতভাবদীপঃ

বাদণোহববীদিতি সম্বন্ধ ।৮—১॥ অর্থাভিনির্ব্রৌ প্রয়োজননিপত্তৌ, পবে তংসহদিনঃ তেনার্থেন আপ্যাবিতা ভবস্তি তক্ত ভদ্বাগ্যাদেবার্থদিদিঃ। নবের্ নীতিমার্গের্ ॥১০॥ প্র্রেষাং মম চ মুদ্ধে সমুদ্ধিবসমুদ্ধির্ধাহবক্তং ভাবিনীত্যেবং বিদ্বান্ মুদ্ধমনা ভব লাভালাভৌ সমৌ ক্বর্ষা মুধ্যম্বেভি ভাবঃ। মা প্রত্যুপহাবঃ প্রভ্যুপহাবং মুদ্ধাপসংহারং মা কার্যাবিত্যর্থঃ।১১৯ অযুধ্যতো দ্বিক্রম্বং ক্থাৎ ভচ্চানিইমিত্যাহ—নাভ ইতি ।১২॥ পর্যাহমবণং দ্বিদ্রাং

আমি তাঁহাব সেই বাক্য শ্বৰণ কৰিয়া তোমাৰ জ্যলাভেৰ আশা কৰি। বংস! সেই জন্মই বৰ্তমানে তোমাকে এইৰূপ বলিতেছি, ভবিন্নতেও বাব বাব বলিব ॥১॥

যাহাব কার্যাসিদ্ধি হইলে বন্ধুবাদ্ধবেবাও উন্নতি লাভ কবে, নীতিমার্গে কার্য্যকাবী সেই লোকেবই নিশ্চিত কার্য্যসিদ্ধি হয ॥১০॥

সঞ্জয়! 'যুদ্ধ কৰায় আমাৰ বা আমাৰ পূর্ব্বপূব্যদিগেৰ কৃদি বা হ্রান হউক, তথাপি ক্ষত্রিয়েব ধর্ম বলিয়া আমি যুদ্ধই কবিব' এইবপ ভাবিনা তুনি যুদ্ধের জন্মই উৎস্ক হও; কিন্তু যুদ্ধেৰ উপসংহাৰ কবিও না ৫১১॥

শস্বমূনি বলিষাছেন যে—'ইহা অপেলা বটুবৰ অবস্থা আৰু বোনটা নাই, যাহাতে অগু এবং কল্য প্ৰাতঃকালেব খাগুও গুহে দেখা যায় নাই ১১০

⁽১১) • এবং বিছান্ মৃত্যনাঃ शि।

আহং মহাকুলে জাতা ব্রনাদ্রদিনবাগতা।

স্বিদ্ধানী দর্বকল্যাণী ভর্ত্রা পরসপৃজিতা॥১৪॥

মহার্হমাল্যাভবণাং প্রস্কাম্বরবাসদম্।
পুরা ছন্তঃ প্রছন্বর্গো মানপশ্যৎ প্রছন্গতান্॥১৫॥

যদা মাধ্দৈব ভার্যাঞ্চ জন্তানি ভূশত্র্বলান্।

ন তদা জীবিতেনার্থো ভবিতা তব সঞ্জয়!॥১৬॥

দাসকর্মকরান্ ভূত্যানাচার্য্যহিক্পুবোহিতান্।

অব্বত্যাহম্মান্ প্রজহতো দৃষ্ট্যা কিং জীবিতেন তে॥১৭॥

ভারতকোমুদী

পতীতি। हि गयार, তर नाविष्ठाम्, পर्गायमवर्गः कृत्मन मवनच्छेकम् ॥ १०॥ व्यथिति । व्याग्राच हरमीव । देशवी बाक्यविमी ॥ १॥

মহেতি। মহাহাণি মহাম্ন্যানি মাল্যানি আত্রণানি চ ম্প্রাতাম্, স্থ্রুইন্ অঙ্কের্ স্থালিপ্তং স্পরিষ্কৃতক অম্বরং স্বভিত্রবাং বাদো বস্তুক্ ব্লাতাম্। "অম্বরং বাদনি ব্যোরি কার্পাদে চ স্থান্ধকে" ইতি বিশ্বঃ। স্বর্দ্গতাং স্বর্দ্গণমধ্যস্থাম্ ॥১৫॥

यरम्जि । ज्यव्या मात्रित्वामाजिकीमां । यथः প্রয়োজনন্ । ১৬। मारम्जि । অবৃত্তা অশ্বদৃগৃহে জীবিকানির্কাহাভাবেন, প্রজহততাজ্তঃ ।১৭॥

ভিনি আবও বলিয়াছেন যে, 'পভি-পুত্রের মৃত্যু অপেকাও দ্রীলোকের পক্ষে ইহা গুরুতর ছু:খজনক, যাহাকে দারিল্য বলা হইয়াছে। কারণ, সে দাবিল্য ক্রেমশ: মৃত্যু সম্পাদন করে' ॥১৩॥

আমি উচ্চবংশে জন্মিযাছিলান; তাহাব পব হংসী যেমন এক হ্রদ হইতে অপব হ্রদে আগমন করে, সেইরূপ তোমাদেব বংশে আসিয়াছি। আর আমি রাজ্যেব অধিষরী, সর্ব্বমঙ্গলময়ী এবং স্বামীব পবম আদবেব পাত্রী ছিলাম ॥১৪॥

আমি পূর্বে যখন মহামূল্য মাল্য ও অলম্বার এবং স্থান্ধিজন্য ও পরিকৃত বস্ত্র-ধারণ কবিয়া বন্ধুবর্গেব মধ্যে অবস্থান কবিতান, তখন বন্ধুবর্গ আনন্দিত হইয়া আমাকে দেখিতেন ॥১৫॥

সপ্তয় ৷ তুমি যখন আমাকে ও নিজভার্য্যাকে অত্যস্তক্ষীণা দেখিবে, তখন তোমার জীবনে কোন প্রয়োজন থাকিবে না ॥১৬॥

এখানে জীবিকানির্বাহ না হওষায় আমাদেব ভৃত্যেরা যাইযা যখন অত্যেব ভৃত্যকার্য্য কবিবে এবং আচার্য্য, ঋষিক্ ও পুরোহিভেরা যখন আমাদিগকে পবিত্যাগ কবিতে থাকিবেন, তখন তাহ। দেখিয়া তোমাব জীবনে কি ফল বোধ হইবে १॥১৭॥ যদি কৃত্যং ন পশ্যামি তবাছাহং যথা পুরা।

শ্লাঘনীয়ং যশস্তঞ্চ কা শান্তিহ্ল দয়স্থা মে ॥১৮॥

নেতি চেদ্ব্রাহ্মণং ক্রয়াং দীর্য্যেত হৃদয়ং মম।

ন হৃহং ন চ মে ভর্তা নেতি ব্রাহ্মণমুক্তবান্ ॥১৯॥

বয়মাশ্রয়ণীয়াঃ ম্ম ন শ্রোভারঃ পরস্থা চ।

অন্যমাসাছা জীবন্তী পরিত্যক্ষ্যামি জীবিতম্ ॥২০॥

ত্রপারে ভব নঃ পারমপ্লবে ভব নঃ প্লবঃ।

কুরুষ স্থানমস্থানে মৃতান্ সঞ্জীবয়ম্ব নঃ ॥২১॥

সর্বে তে শত্রবঃ সহ্যা ন চেজ্জীবিত্মিচ্ছসি।

অথ চেদীদৃশীং বৃত্তিং ক্লীবামভ্যুপপছ্যেদে ॥২২॥

ভাবতকোমুদী

যদীতি। কৃত্যং কার্যস্। শ্লাঘনীয়ং গর্ককবণবোগ্যস্ ১৮।
নিতি। বান্ধণং প্রার্থবিতাবস্। তদানীসভা ভর্তা নাসীদিতি প্রত্যেতব্যস্ ১৯॥
ব্যনিতি। বাশ্র্যণীয়াঃ প্রেষাস্। প্রভাজাবা ন শ্রোতাবঃ ॥২০॥
অপাব ইতি। অপাবে ছঃপ্রাগ্রে। স্থাবে বিপংসমূদে। প্রব উভূপম্ ১৯।
ভারতভাবদীপঃ

নানান্ধবেণ ন্ব-ানেবেত্যর্থ: ॥১০—১৬॥ সম্মান্ প্রছহতঃ অস্ত্রাগং দুর্ব্বতঃ ॥১৭॥ কৃত্যং কর্তব্যং প্রাক্রমম্ ॥১৮—১৯॥ শ্রোতাবঃ প্রাক্ষানাঃ। পাঠান্থবে শ্রোতাব আশ্রবিতাবঃ ॥২০—২১॥ শ্রুয়াঃ ছেত্নিতি শেষঃ। সৃষ্ঠ ইতি পাঠে সহনীনাঃ ॥২২॥ নির্বিগ্লাম্মা

আমি পূর্ব্বে যেমন দেখিতাম, তেমন এখনও যদি তোমাব শ্লাঘ্য ও যশস্কব কার্য্য না দেখি, তবে আমাব মনেব কি শাস্তি হইবে ? ॥১৮॥

কোন ত্রাহ্মণ আসিয়া কিছু চাহিলে, আমাব যদি 'নাই' এই কণা বলিতে হয়, তবে আমাব হুদয় বিদীর্ণ হইবে। কাবণ, আমি বা আমাব স্বামী, আমবা ক্ধনও প্রার্থী ব্রাহ্মণেব নিকট 'নাই' একথা বলি নাই ॥১৯॥

পূর্ব্বে আমাদিগকেই লোকে সাঞ্জয় কবিত এবং আমবা পবেব আদেশ শুনিতাম না, এখন যদি অন্তকে আশ্রয় কবিয়া জীবন ধাবণ কবিতে হয়. তবে আমি জীবন পবিত্যাগই কবিব ॥২০॥

অতএব সঞ্চয়! ভূমি আমাদেব অকূল ছংখসাগবে কূল হও, ভেলাবিহীন বিপৎসাগরে ভেলা হও, অস্থানে স্থান কবিষা দাও এবং মৃতপ্রায় আমাদিগকে সঞ্জীবিভ কর ॥২১॥

⁽২২) সর্ব্বে তে শত্রবং শক্যান চেল্ফীবিত্মইসি···বা ব বা নি। ১৪১

হয় সৌবীরক্তাভিঃ শ্লাবস্বাহৈর্যথা পুরা।
মা চ সৈন্ধবক্তানামবসন্নো বশং গসঃ ॥৩২॥
যুবা রূপেণ সম্পনো বিজয়াভিজনেন চ।
যন্তাদুশো বিকুর্বীত যশস্বী লোকবিশ্রুতঃ ॥৩৩॥
অধুর্য্যবচ্চ বোঢ়ব্যে মত্যে মরণমেব তৎ।
যদি ত্বামনুপশ্যামি পরস্থা প্রিয়বাদিনম্ ॥৩৪॥
পৃষ্ঠতোহনুত্রজন্তং বা কা শান্তিহ্ন দয়স্থা মে।
নাম্মিন্ জাতু কুলে জাতো গচ্ছেদ্যোহন্যস্থা পৃষ্ঠতঃ ॥৩৫॥ (বিশেষকম্)

ভারতকোমূদী

আনদীবৈরিতি। নদন্তির্জয়োল্লাসেন গর্জন্তিং, বৃতং পবিবেষ্টিতম্ ॥৩১॥ হয়েতি। হয় আনন্দমন্ত্তব, সৌবীবক্তাভিঃ বদেশীরক্তাভিঃ। প্লাহত গর্কং কুরু অর্থিঃ স্বকীবৈরেব ধনৈঃ। সৈদ্ধবক্তানাং সিদ্ধদেশীয়ক্তানাম্ ॥৩২॥

যুবেতি। অভিন্তনেন উচ্চকুলেন। বিকুৰীত পলায়নং কুৰীত। অধুৰ্ঘ্যবং নিক্কটবুষবং, বোঢব্যে ভাবে কৰ্ত্তব্যে যুদ্ধে চ। জাতু কদাচিং ॥৩৩—৩৫॥

ভাৰতভাবদীপঃ

পৃঙ্ভিনৈক্বচনগ্। পাঠান্তরম্ভ মৃচন্ত্রনকল্পিতং নাদরণীরম্ ॥৩০—৩১। ক্ষা হর্বং প্রাপ্তি সৌবীবক্সাভিঃ স্বদাবৈঃ। মা চেতি সৈদ্ধবক্সানাং শক্রদেশজক্সানাম্॥৩২॥ বিক্রীত অপসরণং ক্রীত ॥৩৩॥ অধুর্যবং অদান্তবৃহত্তবং। অনড্যনিবেত্যপি পাঠঃ। তং বিকাব-

তুমি যেন কাতর হইতেও কাতরের স্থায় অবস্থান কবিবে, আর আমাদের পক্ষেব সৈম্মেরা শোক করিতে থাকিয়া এবং বিপক্ষেবা গর্জন করিতে প্রবৃত্ত হইয়া তোমাকে পবিবেষ্টন করিবে; এমন অবস্থায় যেন ভোমাকে যুদ্ধে দেখি না ॥৩১॥

তুমি সৌবীরদেশীয় কন্যাগণেব সহিত আনন্দ অন্তভ্তব কব ; কিন্তু অবসর ছইয়া সিন্ধুদেশীয় কন্যাগণের বশীভূত হইও না ॥৩২॥

কপ, বিভা ও সংকুলসম্পন্ন এবং যশসী ও লোকবিখ্যাত তোমার মত যুবা যে ভাব দেখিয়া নিকৃষ্ট ব্যবেব স্থায় পলায়ন করে, সেটাকে আমি মৃত্যু বলিয়াই মনে কবি। আব আমি যদি তোমাকে পরেব প্রিয়বাক্য বলিতে কিংবা পরের পিছনে গমন কবিতে দেখি, ভবে আমাব মনেব কি শান্তি থাকিতে পারে ! কাবণ, পবেব পিছনে যে গমন কবে, ভেমন কোন লোকই কখনও এ বংশে জন্ম গ্রহণ করে নাই ॥৩৩—৩৫॥

⁽৩২) হয় সৌবীরক্সাভিদ্ব ম্বাণো যথা পুবা ··পি ৷ (৩৪) অনভ্বানিব বোঢ়বো···পি

ন ত্বং পরস্থাস্চরন্তাত! জীবিভূমর্হসি।
ত্বং হি ক্ষত্রন্থন্যং বেদ যক্ষাশ্বতং পরম্ ॥৩৬॥
পূর্বিঃ পূর্বতরৈঃ প্রোক্তং পরিঃ পরতরৈরপি।
শাশ্বতঞ্চাব্যয়কৈব প্রজ্ঞাপতিবিনিশ্মিতম্ ॥৩৭॥ (যুগ্মকম্)
যো বৈ কশ্চিদিহাজাতঃ ক্ষত্রিয়ঃ ক্ষত্রধর্ম্মবিং।
ভয়াদ্রন্তিসমীক্ষো বা ন নমেদিহ কস্পচিং ॥৩৮॥
উদ্যক্ষেদেব ন নমেন্তগ্রমো স্থেব পৌরুষম্।
ত্বপাপর্বনি ভজ্যেত ন নমেতেহ কস্পচিং ॥৩৯॥

ভাবতকোমুদী

মেভি। বেদ জানামি, শাখতং চিরকালীনম্, প্রমূত্রমম্। প্রৈ: পিত্রাদিভি:, পূর্ব্বতবৈর্মবাদিভি:। পরে: পরবর্ত্তিভি: সদ্ভিস্থংপুর্রাদিভি:, পরতরৈবতিপরবর্ত্তিভিমূ জাদিভিশ্চ
বন্দ্যমাণমিতি শেষ:। শাখতং চিরকালীনম্, অব্যয়মবিনশ্বম্, প্রজাপতিবিনিম্নিতং বিধাতৃবিহিতম্ ॥৩৬—৩৭॥

য ইতি। আজাত উৎপন্ন:। বৃত্তিসমীকো জীবিকাসম্ভবদর্শী ॥৩৮॥ উদিতি। উদ্যক্তেং উত্তমং কুর্যাং। অপর্কণি অসময়ে অগ্রন্থিদেশে চ ॥৩৯॥ ভাবতভাবদীপঃ

করণম্ ॥৩৪—৩৫॥ বেদ বেদ্মি। পরিশাখতং সর্কাথৈবৈকরণম্ অকীণমিতার্থ: ॥৩৬॥ পূর্বৈর বংশকৈঃ পরৈরন্তবংশীয়ে পরতরৈর ছৈঃ অব্যয়ম্ অপক্ষয়হীনং কত্রন্তবংশীতে পূর্বেণ সম্বন্ধঃ ॥৩৭॥ আজাতঃ সম্যাস্ভাতঃ কুলে জাত ইতার্থঃ। য আজাতঃ স ভয়াৎ কম্মচিন্ন নমেৎ

বংস! তুমি পবের অমুচব হইয়া জীবন ধাবণ কবিবাব যোগ্য নহ। কাবণ, স্বয়ং বিধাতা যাহা বিধান কবিয়াছেন, প্রাচীন ও অতিপানরা যাহা বিলিয়াছেন, পববর্তী ও অতিপানবর্তী সক্জনেবাও যাহা বলিবেন এবং যাহা চিরস্কন ও অবিনশ্বর, সেই চিবস্কন ও উত্তম ক্ষতিয়হাদয় আমি জানি ॥৩৬—৩৭॥

এই জগতে যে কোন ক্ষত্রিয় জন্মিয়াছেন, তিনি যদি ধর্মজ্ঞ হন, তবে ভয়-বশতই হউক কিংবা জীবিকানির্বাহেব সম্ভব দেখিয়াই হউক, তিনি কাহারও নিকট অবন্ত হইবেন না ॥৩৮॥

ক্ষত্রিয় সর্বদা উভ্তমই কবিবেন। কারণ, উভ্তমই তাঁহার পুরুষকাব। অত-এব তিনি ববং অসময়ে বিনষ্ট হইবেন, ভ্যাপি কাহাবও নিকট অবনত হইবেন না ॥৩৯॥

⁽৩৬) - বেদ যথ পরিশাখতম্ - বা ব রা নি। (৩৮) - - ভরাদ্বৃত্তিং সমীকেছা - পি।

মতিঙ্গো মত ইব চ পরীয়াৎ স মহামনাঃ।
ব্রাহ্মণেভ্যো নমেরিত্যং ধর্মায়েব চ সঞ্জয় ! ॥৪০॥
নিয়চ্ছনিতরান্ বর্ণান্ বিনিম্নন্ সর্বভুক্কতঃ।
সসহায়োহসহায়ো বা যাবজ্জীবং তথা ভবেৎ ॥৪১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতারাং বৈয়াসিক্যামুদ্যোগপর্ববি ভগবদ্যানে বিছুলাপুত্রানুশাসনে পঞ্চবিংশত্যধিকশতত্তমোহধ্যায়ঃ॥০॥ #

ষড়্বিংশত্যধিকশততমোহধ্যায়ঃ।

পুত্ৰ উবাচ।

কৃষ্ণায়সম্ভেব চ তে সংহত্য হৃদয়ং কৃত্য। যম মাতস্ত্রকরুণে! বীরপ্রভেত। হুমর্ষণে!॥১॥

ভারতকোমূদী

ক্বক্ষেতি। হে মাডঃ । হে মম সম্বন্ধে অকক্ষণে । বীরস্তেব প্রজ্ঞা বৃদ্ধির্যভাং সা, হে তাদৃশি। হে অমর্ধণে ৷ কোপনে ৷ তে তব হৃদয়ম, সংহত্য আহত্য, কুঞায়সত্ম অতিদ্ দৃঢলোহবিশেষত্ম, সাবাংশেনেবেতার্থ:, কৃতং বিধাত্রেতি শেষঃ ৷ অক্সথাহত্ম ঈদৃশী বৃত্তির্ব তাদিতি ভাবং ॥১॥

ভাবতভাবদীপঃ

বৃত্তিদমীকো বৃত্তিং সমীক্ষমাণো বা ন নমেং ॥৬৮॥ উদ্যচ্ছেং উদ্যমং কুর্যাং। অপর্কাণি অকাণ্ডে বৃধাহপীত্যর্থ: ॥৬৯॥ পবীরাং পর্যাটনং কুর্যাং ॥৪०॥ ছছতঃ পাপিষ্ঠান্ ॥৪১॥ ইতি উদ্যোগপর্কাণি নৈলক্ষ্পীদে ভাবতভাবদীপে পঞ্চবিংশতাধিকশততমোহধ্যায়: ॥১২৫॥

সঞ্জয়। মহামনা ক্ষত্রিয় মন্ত হস্তীব স্থায় সর্বত্র বিচরণ ক্ষবিবেন, আর ঈশ্বব ও ব্রাহ্মণগণেব নিকট সর্বদা অবনত থাকিবেন ॥৪০॥

আব ক্ষত্রিয় সসহায় বা নি:সহায়ই হউন, অপব বর্ণগুলিকে আপন আপন ধর্ম্মে নিয়মিত রাখিয়া এবং সর্বপ্রকাব অপবাধীকে শাসন কবিতে থাকিয়া চিরজীবনই উভাগী থাকিবেন' ॥৪১॥

অহো ক্ষত্রসনাচারো বত্র নানিতবং বথা।
নিবোজনি বুদ্ধাব পরনাতের নাং তথা ॥২॥
ঈদৃশং বচনং জ্রবান্তবতী পুত্রনেকজন্।
কিনু তে নানপশ্যস্তাাং পৃথিবাা অপি নর্কনা ॥৩॥
কিনাভবণকৃত্যং তে কিং ভৌগেজীবিতেন বা।
ময়ি বা সঙ্গবহতে প্রিন্নপুত্রে বিশেবতঃ ॥৪॥
নাতোবাচ।
সর্ববিদ্ধা হি বিছ্বাং তাত! ধর্মার্থকারণাথ।
তাবেবাভিসমীক্যাহং সপ্তব! তানচ্চুদ্দ্ ॥৫॥

স সমীক্ষ্য ক্রমোপেতো মুখ্যঃ কালোহয়মাগতঃ।
অস্থিংশ্চেদাগতে কালে কার্যাং ন প্রতিপত্তসে ॥৬॥
অসপ্তাবিতরূপস্থং স্থন্শংসং করিয়সি।
তং দ্বামযশসা স্পৃষ্টং ন ক্রয়াং যদি সঞ্জয়!॥१॥
খরী-বাৎসল্যমান্তস্তনিঃসামর্থ্যমন্তেতুকম্।
সন্তিবিগর্হিতং মার্গং ত্যন্ত মূর্খনিষেবিতম্ ॥৮॥ (বিশেষকম্)
অবিদ্যা বৈ মহত্যস্তি যামিমাং সংশ্রেতাঃ প্রজাঃ।
তব স্থাদ্যদি সদ্রতং তেন মে স্বং প্রিয়ো ভবেঃ ॥১॥

ভারতকোমুদী

স ইতি। সমীক্য তবাবস্থাং দৃষ্টেব, জ্বোপেতঃ জ্বেণ প্রাপ্তঃ। ন প্রতিপদ্মনে ন করোবি। অসম্ভাবিতরপঃ সম্ভাবিতবিপবীতস্বভাবঃ, স্থন্শংস্মতীবনিষ্ঠ্বং কার্য্যয়। তদা ভদবচনম্, নিঃসামর্থ্যমযোগ্যম্ অহেতৃকঞ্চ, ধবী গর্দ্ধন্তী ভক্তা বাংসল্যং তবদাহঃ পঞ্জিঃ। গর্দ্ধন্তী হি সর্ব্বধাহমুপযুক্তেহিপি পুত্রে বাংসল্যং করোতি ॥৬—৮॥

পবিভেতি। পবিভাত্ত কর্তব্যে প্রকর্তব্যবনুদিঃ পর্কর্তব্যে কর্তব্যবনুদিদ। প্রকা ভারতভাবদীপঃ

141 সমীক্য ক্রোপেতঃ ক্রটুং বোগ্যেন পরাক্রমেণ যুক্তং অশ্বিন্ কালে চেং কার্য্যং কর্ত্তব্যং যুদ্ধং ন প্রতিপভ্যমে । আ আনৃশংশ্যং শক্রযু অনেহে বা দয়াং করিন্ত্রসি ভর্ছি অমু ন্সেমস্থাবিত-ক্রপত্তিরস্কৃতক্রপো ভবিশ্বসীতি সম্বন্ধঃ । ।। খবীতি। উত্যবোকায়পযুক্তেংপি পুত্রে বুধা বাংসল্যং ধরীক্রোতি. ভবদহমপি ভামিত্যর্থঃ ।।। অবিভা অনাত্মনি দেহে আত্মবৃদ্ধিঃ স্যা বদি তব আং ভর্হি সং সমীচীনং তব দেহনাশাদাত্মনাশং পশ্চতো বৃত্তং শীল্ম উপহাসার্থ-মিদমূচ্যতে তেন দেহাক্মভাবেন সম দেহাক্রমাত্মানং পশ্চতাঃ প্রিয়ো ভবেং অয়্মপ্যুপহাসঃ।

অবস্থাই ধর্ম ও অর্থের জন্ম; আমি সেই ছুইটা লক্ষ্য করিয়াই জোমাকে এই ক্লপ প্রণোদিভ করিয়াছি ॥৫॥

ভোমাব অবস্থা দেখিয়াই যেন ক্রমপ্রাপ্ত সেই মুখ্য কাল এই আসিয়াছে।
এই আগভ কালেও যদি তুমি কর্ত্তব্য কর্ম না কর, তবে তুমি অভিনূশংসেব
কার্য্যই করিবে এবং ভোমাব এই অবস্থাটার সম্ভাবনা আমি পূর্বেক কবি নাই।
ভা'ব পব সম্লয়! নিন্দাসম্ভাবনাব স্থলেও আমি যদি ভোমাকে কোন উপদেশের কথা না বলি, তবে তাহা অসঙ্গত ও হেতুশ্ত্য গর্মভীব বাংসল্যই হইয়া
পভিবে। সে যাহা ইউক, তুমি সজ্জননিন্দিত ও মূর্থসেবিত পথ ত্যাগ
কর ॥৬—৮॥

⁽१)...चानुभःचः कतिश्रमि...वा व वा नि ।

ধর্মার্থপ্রযুক্তন নেতরেণ কথঞ্চন।
দৈবমাসুষযুক্তেন সম্ভিরাচরিতেন চ ॥১০॥ (যুগাকম্)
যো ছেবমবিনীতেন রমতে পুত্রনপ্তৃণা
অনুত্থানবতা চাপি ছবিনীতেন ছিধিয়া ॥১১॥
রমতে যস্ত পুত্রেণ মোঘং তস্ত প্রজাফলম্।
অনুর্বস্তো হি কর্মাণি কুর্বস্তো নিন্দিতানি চ ॥১২॥
হথং নৈবেহ নামুত্র লভন্তে পুরুষাধমাঃ।
যুদ্ধায় কর্মণে নিত্যং প্রজানাং পরিপালনে।
জরার কর্মণে নিত্যং প্রজানাং পরিপালনে।
জরান বা বধ্যমানো বা প্রাপ্রোতীক্রসলোকতাম্ ॥১৪॥ (কলাপকম্)
ভারতকৌমুদী

জনা:। তত্তা অভাবে তব বদি সদ্বৃত্তং সাধু চবিত্তং তাং, ধর্মার্থগুণগুক্তেন, কিন্তু ইতবেদ অধর্মানর্থাগুণগুক্তেন, দৈবমাত্ববৃক্তেন উভয়লোকীয়কলসাধকেন. সন্তিবাচরিতেন চ তেন সদ্বৃত্তেন ডং মে প্রিয়ো ভবে: १२—১০।

ব ইতি। অবিনীতেন অশিকিতেন। পুত্রগুক্তো নপ্তা পৌত্রস্তেন। মৃণ্যপদলোপী সনাসং, আর্গণ্ড টাস্থানে নাদেশঃ। অহপানবতা উত্তমহীনেন, হ্বিনীতেন হুর্দিয়া চ পুত্রেণ বস্তু রমতে, তত্ত উত্তর্জাপি, প্রজাফলং সন্তানোংপাদনম্ মোদং ব্যর্থম্। যদি ক্বিভি তদা নিশিতাক্তেব কর্মাণি ক্বিভঃ পুরুষাধমাঃ। ইহ লোকে, অমূত্র প্রলোকে চ। স্টো বন্ধণা, জ্যায় হর্জনানাং নিগ্রহায়, ক্রায় কর্মণে বধ্যানাং বধায় ॥১১—১৪॥

সন্ধয়। এই জগতে গুরুত্ব অসান অছে, যে অক্লানকে প্রায় সক্ষ লোকই অবলম্বন কবিয়া থাকে। সেই অজ্ঞান যদি ভোষার না হয় এবং সং ব্যবহার যদি ভোমাব হয়, তবে ভাহাদাবা ভূমি আমাব প্রিয় হইবে। কেন না, সেই সং ব্যবহাব ধর্ম, অর্থ ও গুণযুক্ত, ইহলোকে ও পবলোকে ফলসাধক এবং সজ্ঞানের আচবিত। আব পকান্তবে অর্থ্য, অনর্থ ও দোষযুক্ত, উভয়-লোকেই ফলের অসাধক এবং সজ্জনেব অনাচবিত অসং ব্যবহারদাবা কোন প্রকাবেই আমার প্রিয় হইতে পারিবে না ॥১—১০॥

যে লোক অশিক্ষিত পুত্র ও পৌত্রদ্বাবা আমোদ অনুভব করে, কিংবা থে লোক উত্তমশৃত্য, কুশিক্ষাপ্রাপ্ত ও ছবু দ্বি পুত্রদ্বাবা আনন্দ লাভ কবে, তাহাদেব উভয়েবই সম্ভান উৎপাদন ব্যর্থ হইয়া যায়। কারণ, নিকৃষ্ট লোকেরা কার্য্য করে না, যদি কবে, তবে নিন্দিত কার্য্যই কবে; তাহাতে ইহলোকে ও পব-লোকে তাহাবা শুখ লাভ করে না। দেখ সঞ্চয়। বিধাতা এই ভগতে যুদ্ধ,

^{(&}gt;৪) প्रार्द्धः भि वा व वा नाखि।

ন শক্তভবনে পূণ্যে দিবি তদ্বিছাতে শ্বথম্।

যদমিত্রান্ বশে কৃত্বা ক্ষত্রিয়ঃ প্রথমেধতে ॥১৫॥

মন্ত্রানা দহ্যমানেন পুরুষেণ মনস্থিনা ।

নিরুতেনেহ বহুশঃ শক্রন্ প্রতি জিগীষয়া ॥১৬॥

আজানং বা পরিত্যজ্য শক্তং বা বিনিপাত্য চ ।

অতোহত্যেন প্রকারেণ শান্তিরস্থা কুতো ভবেৎ ॥১৭॥

ইহ প্রাজ্ঞো হি পুরুষঃ স্বল্পমপ্রিয়মিচ্ছতি ।

যস্তা স্বল্পং প্রিয়ং লোকে গ্রুষং তস্থাল্লমপ্রিয়ম্ ॥১৮॥

ভারতকোমুদী

নেতি। তং তাদৃশম্। যং যাদৃশম্, অমিত্রান্ শত্রন্। এধতে বাহল্যেন লভড ইভার্য: ॥১৫॥

মহানেতি। মহানা ক্রোধেন। নিক্কতেন অভিভূতেন। জিগীৰষা গম্ভবামিতি শেষ: ॥১৬॥ আত্মানমিতি। আত্মানম্ আত্মপ্রাণান্। বিনিপাত্য শান্তির্গভ্যেতেতি শেষ: ॥১৭॥ নত্ব প্রীতেবনস্কবিষযত্তাং কেবলসিন্ধ্বাজ্ঞদেইনৰ কথং পূর্ণা প্রীতিঃ ত্যাদিত্যাহ ইহেতি। প্রীত্যপ্রীত্যো: নমানবিষধ্যাং প্রীতেবন্ধবিষয়ত্বে অপ্রীতেবণ্যন্নবিষয়ত্বা কেবলসিন্ধ্বাজ্ঞদেইনব প্রীতিঃ ত্যাদেবেতি ভাবঃ॥১৮॥

ভাবতভাবদীপঃ

দেহাত্মবাদী ত্রু ভা মম দেয়াক ভবিশ্বসীত্যর্থ: ॥১॥ ধর্দার্থেতি। ত্মা ভাব্যমিতি পেষঃ
॥১০—১৫॥ নিরুতেন অপর্কতেনাপি শত্রন্ প্রতি জিগীব্যা প্রস্থাতব্যমেবেতি শেষঃ
॥১৬—১৭॥ স্বর্গমের্থ্যম্ অপ্রির্মনিষ্টম্ ইচ্ছতি মন্ততে প্রাক্তঃ বশু ভূ স্বর্গমেবৈর্থ্যং প্রিবং
ভশু শ্রুবং নিশ্চিতং তদেবারং প্রিষ্ত্রেন গৃহীতম্ অপ্রিব্মনর্থকবং স্থাং তেন বাজ্ঞাংর্সমুট্টেন
ফুর্জনদমন, বধ্যের বধ এবং প্রজ্ঞাপালনের জন্মই ক্ষত্রিয় স্থিষ্টি কবিষার্ছেন।
স্কুতবাং সে ক্ষত্রিয় বুদ্ধে জয়ী বা নিহত হইষাও স্বর্গ লাভ কবে ॥১১—১৪॥

ক্ষত্রিয় শত্রুগণকে বনীভূত কবিয়া যেকপ সুর্খ লাভ কবেন, সেকপ সুখ স্বর্গে পবিত্র ইন্দ্রভবনেও নাই ॥১৫॥

অতএব যে মনস্বী ক্ষত্রিয় বছবার পবাজিত হইষ। ক্রোধে দগ্ধ হইডে থাকেন, তিনি অবশ্যই জয় কবিবাব ইচ্ছায় শত্রুগণেব প্রতি গমন কবিবেন ॥১৬॥

তাহাব পব তিনি—হয় আপন প্রাণ ত্যাগ কবিয়া, না হয় শক্র নিপাত করিয়া শাস্তি লাভ করিবেন; ইহাব অগ্রপ্রকাবে তাহাব শাস্তি হইতে পাবে না ॥১৭॥

বুদ্ধিমান্ পুকষ এই জগতে অভি অল্প অপ্রিযেবই কামনা কবেন। কাবণ, জগতে যাহাব প্রিয় অল্প, তাহাব অপ্রিয়ও নিশ্চযই অল্প হইবে ॥১৮॥

⁽১৭)'.. প্রাণ্যতে নেহ শান্তির্হি নিভাষেব ভূ সঞ্চয়।' ইতি দিভীয়ার্হণাঠ: নি।

প্রিয়াভাবাচ্চ পুরুষো নৈব প্রাথোতি শোভনম্। ধ্রুবঞ্চাভাবমভ্যেতি গছা গঙ্গেব সাগরম্॥১৯॥ পুত্র উবাচ।

নেয়ং মতিশ্বয়া বাচ্যা মাতঃ ! পুত্রে বিশেষতঃ। কারুণ্যমেব পশ্য ছং ভূত্বেহ জড়মূকবৎ ॥২০॥

মাতোবাচ।

অতো মে ভূয়দী প্রীতির্যদেবমনুপশ্যসি।
চোত্যং মাং চোদয়স্থেতদৃভূশং বৈ চোদয়মি তে ॥২১॥
অথ ছাং পূজ্যিয়ামি হত্বা বৈ সর্বসৈদ্ধবান্।
অহং পশ্যমি বিজয়ং কুচ্ছু ভাবিনমেব তে ॥২২॥

ভারতকৌমুদী

অথ বল্পং প্রিয়মণি ময়োপেকণীয়মেবেত্যাহ প্রিয়েতি। শোভনং সাংসাবিকশোভাম্ ॥১৯॥
নেতি। ন বাচ্যা বিশ্বমানাণি ন বক্তব্যা। কাকণ্যং দয়াম্ ॥২০॥

অত ইতি। এবম্ আত্মনি মে দয়ায়াঃ কর্ত্তব্যতাম্। চোলঃ সাধাবণপুত্রক্ত বক্তব্যম্, চোদয়সি ববীবি। এতং পুনবপি যুদ্ধক্ত কর্ত্তব্যত্বম্, চোদয়মি ববীমি ।২১।

অবেতি। অহং ত্বয়া ক্বণেন স্ববৈদ্ধবান্ স্ক্রান্ সিদ্ধুনেশীয়ান্ হত্বা, ক্সছুভাবিনং ভাবতভাবদীপঃ

ন ভবিতব্যমিত্যর্থ: ॥১৮॥ অভাবং নাশং কারুণ্যমেব পশ্স হিতত্তেনেতি শেষ: ॥১৯—২০॥
অতো বচনাৎ মে মম ভ্রমী নন্দিং সমৃদ্ধিঃ ভবিতেতি শেষ:। যং এবং কারুণ্যং দেহে
কুপাম্ অন্তপশ্সসি হিতত্তেন এবং সত্যপি ত্বেমব চোজং পূর্ব্বপক্ষং চোদয়সি প্রেবয়সি কারুণ্যং
ক্রিতি অথাপি বক্সন্নাহহং তে তুভাং চোদয়মি ॥২১॥ সৈদ্ধবান্ হতা রুচ্ছে গ ভাবিতং

আবাব একেবাবে প্রিয় না থাকিলে, মানুষ শোভা পায় না; পবস্তু গঙ্গা যেমন সমুজে যাইয়া বিলুপ্ত হইয়াছেন, সেইকপ সে মানুষ নিশ্চয়ই বিলুপ্ত হইয়া যায়' ॥১৯॥

পুত্র (সঞ্জয়) বলিলেন—'মা। আপনাব এইন্দপ বৃদ্ধি হইয়া থাকিলেও মুখে বলা উচিত নহে। স্কৃতবাং আপনি জড়ও মুকেব স্থায় হইযা পুত্রেব উপবে বিশেষভাবে দয়াদৃষ্টি করিতে থাকুন'॥২০॥

মাতা (বিছুলা) বলিলেন—'তুমি যখন এইকপ কবাই সঙ্গত দেখিতেছ, আমাবও তখন তোমাব উপরে অধিক স্নেহ হইতেছে এবং তুমিও আমাকে সাধাবণপুত্রেব বক্তব্য বিষয় বলিতেছ, আবাব আমিও তোমাব নিকট কর্ত্ব্য বিষয় তীব্রভাবে বলিতেছি॥২১॥

⁽১৯)---ঞ্বঞ্চাভাবমাপ্নোভি---পি। (২১) - ভূষদী নন্দিঃ - বা ব বা নি।

পুত্ৰ উবাচ।

অকোষস্থাসহায়স্থ কৃতঃ সিদ্ধির্দ্ধয়ো মন।
ইত্যবস্থাং বিদিষ্টেতামান্মনান্মনি দারুণান্ ॥২০॥
রাজ্যান্ডাবো নির্ভো মে ত্রিদিবাদিব হুদ্ধৃতঃ।
উদৃশং ভবতী কঞ্চিত্রপায়মমুপশুতি ॥২৪॥
তদ্মে পরিণতপ্রভ্তে। সম্যক্ প্রক্রহি পৃচ্ছতে।
করিশ্বামি হি তৎ সর্বং যথাবদমুশাসনম্ ॥২৫॥ (বিশেষকম্)

মাতোবাচ।

পুত্র! নাত্মাবমন্তব্যঃ পূর্বাভিরসমৃদ্ধিভিঃ। অভূত্মা হি ভবন্ত্যর্থা ভূত্মা নশ্যন্তি চাপরে॥২৬॥

ভারতকৌমুদী

কটেন ভবিশ্বস্তমেব তে বিজয়ং যদা পঞ্চামি ক্রক্যামি, তদৈব দাং পূজ্রিভামি আদ্রিশ্রে। তেনৈব চ তদা মাত্রস্তম্ভিমা দ্বয়া ব্রষ্টব্য ইতি ভাবঃ ৪২২॥

অকোবতেতি। করো জয়রপা। আত্মনি আত্মন ইতার্ক:। রাজাং রাজ্যোধারাং ভাবো মনোবৃদ্ধি:। তৃষ্কত: পাশিন:। উপায়ং রাজ্যোধারসাধনম্। হে পরিণতপ্রজ্ঞে! নীতৌ পরিপকবৃদ্ধে!। অফুশাসনং ভবত্যা উপদেশম্ ॥২৩—২৫॥

পুত্রেতি। অসমৃদ্ধিভি: সম্পদ্দিনাশেন। অর্থা ধনাদয়: ।২৬। ভারতভাবদীপ:

তে তব বিজয়ং যদা পঞ্চামি জক্যামি অথ বাং প্ৰয়িয়ামীতি যোজনা ।২২। এতাম্ অবস্থাং দাৰুণামাত্মনি আত্মনা স্বয়ং বিদিশ্বা মে মম ভাবশ্ভিতং রাজ্যানিবৃত্ত ইত্যুভরেণ সম্বয়ং

আমি ভোমাদারা সিদ্দেশীয় সকল সৈক্ত বিনাশ কবাইয়া যখন ভোমার সেই কণ্টসাধ্য জয় দর্শন করিব, তখনই ভোমার আদর করিব ॥২২॥

পুত্র (সঞ্জয়) বলিলেন—'আমার ধনও নাই, সহায়ও নাই। স্ভরাং কি
করিয়া জয় হইবে' নিজেই নিজের এই দারুণ অবস্থা জানিয়াছি বলিয়া—পাণীর
ইচ্ছা যেমন স্বর্গ হইতে নির্ভি পায়, আমার ইচ্ছাও ভেমন রাজ্যোদ্ধাব হইতে
নির্ভি পাইয়াছে। কিন্তু আপনাব বৃদ্ধি পরিপক হইয়াছে; স্থভরাং আপনাকে
জিজ্ঞাসা করিভেছি; আপনি যদি এমন কোন উপায় দেখিয়া খাকেন, তবে
আমাকে তাহা সম্যগ্ভাবে বলুন, আমি বথাবথভাবে আপনার সে সমস্ত উপদেশই পালন কবিব' ॥২৩—২৫॥

মাতা (বিছলা) বলিলেন—'পুত্র। পূর্বে সম্পদ্ নষ্ট হইয়াছে বলিয়া তুমি নিজের প্রতি অবজ্ঞা করিও না। কারণ, সম্পদ্ না থাকিয়াও হয়, আবার থাকিয়াও নষ্ট হইয়া যায় ॥২৬॥ অমর্বেণের চাপ্যর্থা নারব্বব্যাঃ হ্ববালিশৈঃ।
সর্বেবাং কর্ম্মণাং তাত! ফলে নিত্যমনিত্যতা ॥২৭॥
অনিত্যমিতি জানন্তো ন ভবস্তি ভবস্তি চ।
অথ যে নৈর কুর্বন্তি নৈর জাতু ভবস্তি তে ॥২৮॥
ঐকগুণ্যমনীহায়ামভাবঃ কর্ম্মণাং ফলম্।
অথ বৈশুণ্যমীহায়াং ফলং ভবতি বা ন বা ॥২৯॥
যস্ত প্রাণের বিদিতা সর্বার্থানামনিত্যতা।
মুদেদ্র্বদ্বিসমৃদ্ধী স প্রতিকূলে নৃপাত্মজ্ব!॥৩০॥

ভারতকোমুদী

স্বানিশৈরতিম্থিরের সমর্থেণ ক্রোধেন, স্বর্থা: কার্যাণি, নার্ধবাঃ, প্রাক্তিন্ত স্মর্থেণার্থা স্থার্ধবাঃ এব। স্বতঃ প্রাক্তেন স্বর্ধা স্থার্থিণ মুদ্ধনার্ধবানেবেতি ভাবঃ। ফলে ফলজননবিবয়ে, স্থানত্যতা সঞ্চবতা বর্ততে ॥২৭॥

শনিতামিতি। ফলম্ শনিতামিতি জানভোহণি বৃদ্দিসন্তঃ কর্মাণি কুর্বন্তি, তেবাঞ্ ফলানি কচিয়বন্তি কচিন্ন ভবন্তি চ। শ্রথ যে ফলাভাবশহরা কর্মাণি নৈব কুর্বন্তি, তে জাতু ক্লাচিদ্পি ফলবন্তো নৈব ভবন্তি ॥২৮॥

ঐকৈতি। কর্মণাম্ অনীহায়াম্ অচেটায়ামনারতে, অভাব: ফলালাভ এব ফলম্, ইত্যৈক-গুণ্যম্ একাবত্বা। অধ কর্মণাম্ ঈহায়াং চেটায়ামারতে তু ফলং ভবতি বা ন বা, ইতি দৈগুণাং বে অবস্থে। অভঃ ফলসম্ভাবনয়া কর্মারম্ভামেবেতি ভাব: ।২২।

ভারতভাবদীপঃ

॥২৬—২৬। অর্থা: ধর্মান্তা: বালিশৈরমর্বেণৈব .নারকব্যা: পণ্ডিভৈন্ত আদরেণ আরকব্যা
থাবেতি ভাব: ॥২৭॥ অনিভামিতি। জানস্কঃ পণ্ডিতা আরভ্যাণা ন ভবন্তি কদাচিদৈর্মব্যং
ন লভন্তে ভবন্তি চ কদাচিং সিদ্ধার্থা: ॥২৮॥ অকুর্বাণারিন্দতি অথেতি। অনীহারাং
চেষ্টায়া অভাবে একগুণাম্ একগুণাম্ একগুণমেব ফলং ফংকর্মণামীন্সিভিত্যমানামভাবোহপ্রাপ্তি:।
দিহারান্ত হৈগুণাং গুণম্বাং মংফলং ভবতি বা নবেতি অভাবনিক্যাপেক্ষয়া পাক্ষিকফলসম্ভাব-

অতিমূর্থেরাই ক্রোধপূর্বক কার্য্য আরম্ভ করিবে না। কিন্তু পণ্ডিতেরা ক্রোধপূর্বকও কার্য্য আবস্ত করিতে পারেন। সে যাহা হউক, বংস। সকল কার্য্যেরই যে ফল হইবে, এমন কোন নিয়ম নাই ॥২৭॥

তথাপি বৃদ্ধিমান্ লোকেবা কর্মফল অনিত্য ইহা জানিয়াও কর্ম করেন; তাহার ফল কখনও হয়, কখনও নাও হয়। আর ফল হইবে কি না এই আশক্ষায় যাহারা কর্ম করে না, তাহারা কখনও ফললাভ করে না ॥২৮॥

স্তরাং কর্ম না কবিলে একমাত্র ফলাভাবই চলিতে থাকে। আর কর্ম করিলে ফল হয়, নাও হয়; এই ছুইটা অবস্থা হইয়া থাকে ॥২৯॥ উত্থাতব্যং জাগৃতব্যং যোক্তব্যং ভূতিকর্মন্ত । ভবিশ্বতীত্যেব মনঃ কৃত্বা সতত্যব্যথৈঃ ॥৩১॥ মঙ্গলানি পুরস্কৃত্য ব্রাহ্মণাংশ্চেম্বরৈঃ সহ । প্রাজ্ঞস্থ নৃপতেরাশু বৃদ্ধির্ভবতি পুত্রক ! ॥৩২॥ অভিবর্ত্ততি লক্ষীস্তং প্রাচীমিব দিবাকরঃ । নিদর্শনান্যপায়াংশ্চ বহুন্যুদ্ধর্যণানি চ ॥৩৩॥

ভাৰতকোমূদী

নিবৃত্তিশার্গাবলম্বিনম্ভ ব্যাপাবমাহ যক্ষেতি। হে নৃপাক্মম । প্রাণেব যক্ষ সর্কার্থানাং সর্কবিষয়াণামনিত্যতা বিদিতা, স সন্মাসী, প্রতিক্লে স্বকর্ত্তব্যবিবোধিক্তৌ, বৃদ্ধির্বলোন্নতিঃ সমৃদ্ধির্বনোন্নতিশ্চ তে উভে অপি, স্থান্থ প্রেবমেং দূবে পবিহ্বেদেব ॥০০॥

প্রবৃত্তিমার্গাবলম্বিনঃ প্রনঃ কর্ত্তব্যং নির্দিশতি উপাতব্যমিতি। বলং ভবিশ্বত্যেব ইতি মনঃ ক্বা, সততম্, অব্যথৈস্বচ্ছীকৃতপীড়ৈঃ সন্তিঃ, ভৃতিকর্মস্থ সম্পৎসাধককার্য্যের্, উথাতব্যম্ উদ্বমঃ কর্ত্তব্যং, জাগৃতব্যং জাগরিতব্যং সতর্কৈর্ভবিতব্যম্, যোক্তব্যং সক্ষীভবিতব্যক্ষ ॥৩১॥

মদলানীতি। ঈথবৈর্দে বৈ: সহ বাদ্যণান্ পৃষ্ণনিবেতি শেষ: অপবাণি চ নদলানি প্রস্থৃত্য প্রবৃত্ত প্রাক্তন্ত নূপতে:, আখেব বৃদ্ধিতি বিত । ব্যুপি তথা কুর্বিতি ভাব: ॥৩২॥

তক্স বৃদ্ধেন্যত্যমাহ অভীতি। দিবাকবং প্রাচীমিব, লস্নীং, নিদর্শনানি ভেতৃদৃষ্টান্তান্ উপায়ান্ জয়সাধনানি, বহুনি উদ্ধর্ধণানি প্রোৎসাহকবচনানি চ, আশ্রয়ন্তমিতি শেষং, তং প্রাজ্ঞং নুপতিম্, অভিবর্ত্ততি অভিবর্ত্ততে অভিমুখীভবতি ॥৩৩॥

ভাবতভাবদীপঃ

বতী প্রবৃত্তিবেব শ্রেষ্টেতার্প: ॥২৯। বৃদ্ধি: পীড়া বৃধু হিংসায়।মিত্যশ্র রূপম্। সমৃদ্ধিবৈশ্বণ্যং তে উভে ছদেং দ্বীকুর্যাং আরুনঃ পীড়াং প্রশ্বৈর্যঞ্চ হদেদিতার্থ: ॥৩০॥ যোক্তব্যং সঙ্গীভবি-

বাজপুত্র! যিনি পূর্বেই সমস্ত বিষযের অনিত্যতা জানিয়াছেন, সেই সন্ন্যাসী—বলেব উন্নতি ওধনেব উন্নতি এই তুইটাকেই নিজেব কর্ত্তব্যের প্রতিকূল মনে কবিয়া পবিত্যাগ কবিবেন ॥৩০॥

আব সাংসাবিক লোক 'দল হইবেই' এইবাপ ধাবণা কবিয়া, সর্বাদা সকল অসুবিধা ভুচ্ছ কবিয়া উন্নতিসাধক কার্ষ্যেব প্রতি উত্তম কবিবে, সতর্ক থাকিবে এবং সজ্জীভূত হইবে ॥৩১॥

পুত্র। বৃদ্ধিমান্ বাজা দেবতাদেব সহিত ব্রাহ্মণদেব পূজা ও অস্থাস্থ মাঙ্গলিক কার্য্য কবিয়া কার্য্যে প্রবৃত্ত হন বলিয়া সম্বই তাঁহাব উন্নতি হয় ॥৩২॥

বুদ্ধিমান্ বাজা বিজয়ীব দৃষ্টান্ত, উপায় ও বহুতব উৎসাহবাক্য অবলম্বন কবিয়া কার্য্যে প্রবৃত্ত হন বলিয়া, সুর্য্য যেমন অবশ্যই পূর্ব্বদিক্ আশ্রয় কবেন, সেইক্লপ লক্ষ্মীও সেই বাজাকে আশ্রয় কবেন ॥৩৩॥

অনুদর্শিতরপোহসি পশ্যামি কুরু পৌরুষম্।
পুরুষার্থমভিপ্রেতং সমাহর্ত্ত্ব মিহার্হসি ॥৩৪॥
কুন্ধান্ লুব্ধান্ পরিক্ষীণানবলিপ্তান্ বিমানিতান্।
স্পর্দ্ধিনশ্চেব যে কেচিত্তান্ যুক্ত উপধারয় ॥৩৫॥
এতেন ত্বং প্রকারেণ মহতো ভেৎস্থেসে গণান্।
মহাবেগ ইবোদ্ভূতো মাতরিশ্বা বলাহকান্ ॥৩৬॥
তেষামগ্রপ্রদায়ী স্থাঃ কল্যোখায়ী প্রিয়ংবদঃ।
তে ত্বাং প্রিয়ং করিয়্যন্তি পুরো ধাস্তন্তি চ গ্রুবম্॥৩৭॥

ভাবতকোমুদী

অন্বিতি। অনুদর্শিতং পূর্ববৃদ্ধে প্রদর্শিতং কপং বীবৃদ্ধ যেন সং। পুক্ষার্থং বাজ্যম্ ॥৩৪॥ ইদানীম্ "অকোৰজাসহায়ক্ত" ইতি প্রাগুক্তক্ত উত্তবত্যা সহায়লাভপ্রকাবমাহ কুদানিতি। শক্তং সিন্ধুবাঙ্গং প্রতি কুদ্ধান্, সভাবতো পূর্বান্, সিন্ধুবাঙ্গেন বিষয়গ্রহণাৎ পবিক্ষীণান্, অবলিপ্তান্ সভাবতো গর্বিতান্, সিন্ধুবাঙ্গেন বিমানিতান্, যে চ কেচিং সিন্ধুবাঙ্গং প্রতি স্পিদ্বিন, তান্ সর্বান্, যুক্তো মনোযোগী সন্, উপধাব্য সামদানাদিভিবাসাদ্য ॥৩৫॥

এতেনেতি। গণান্ শক্রসমূহান্। উছুত আবিভূতিং, মাতবিশা বাযুং, বশাহকান্ মেঘান্ ॥৩৬॥

তেষানিতি। ত্বং তেষাং ক্রুদ্ধাদীনাং সম্বন্ধে, অগ্রপ্রদাষী উত্তমবস্থদাতা, কল্যায় নিবা-ভাবতভাবদীপঃ

ভব্যম্ ॥৩-॥ ঈ ববৈর্দেবৈ: ॥৩১—৩২॥ উন্ধর্ণানি প্রোৎসাহকানি অফুদর্শিতং রূপং লোক-বুরাস্তো যদ্মৈ স তথা ॥৩৩—৩৬॥ তেষাং ক্রুদ্ধাদীনাম্ অগ্রপ্রদায়ী ভক্তং বেতনঞ্চ সর্ব্বেডাঃ

বংস! তুমি পূর্বযুদ্ধে নিজেব বীবৰ দেখাইযাছ; স্মৃতবাং আবাবও সেই-কাপ পুক্ষকার প্রকাশ কব, আমি দেখিব। তুমি অভীষ্ট বাজ্য উদ্ধাব কবিবাব পক্ষে সম্পূর্ণ সমর্থ ॥৩৪॥

যাহাবা সিশ্ব্বাজেব প্রতি ক্রুদ্ধ, যাহাব। লোভী, যাহাব। সিদ্বাজেব আক্র-মণে পবিক্ষীণ হইযাছে, যাহাবা গর্বিত, যাহাবা সিদ্বাজকর্তৃক অপনানিত হইযাছে এবং যাহাবা সিশ্ব্বাজেব সহিত স্পদ্ধা কবিষা থাকে, তাহাদিগকে তুমি সাম ও দানদ্বাবা মনোযোগপূর্বক হস্তগত কব ॥৩৫॥

সমাগত মহাবেগশালী বায় যেমন মেঘসমূহকে বিভিন্ন কবে, ভূমিও তেমন এই প্রকাবে সেই বিশাল শক্রসমূহকে বিভিন্ন কবিবে ॥৩৬॥

⁽৩৭) কল্লোখায়ী বাববানি।

যদৈব শত্ৰুজানীয়াৎ সপত্নং ত্যক্তজীবিতম্ ।
তদৈবাশ্মাছ্ছিজেত সৰ্পাৰেশ্মগতাদিব ॥৩৮॥
তং বিদিম্বা পরাক্রান্তং বশে ন কুরুতে যদি ।
নির্বাদৈনির্বদেদেনমন্তত্যন্তবিশ্বতি ॥৩৯॥
নির্বাদাদাস্পদং লব্ধ্বা ধনর্দ্ধির্তবিশ্বতি ।
ধনবন্তং হি মিত্রাণি ভজন্তে চাপ্রয়ন্তি চ ॥৪০॥

ভারতকোমূদী

ময়ায় সর্বোপদ্রবনাশাযেত্যর্থ: উথায়ী উদ্যোগী, প্রিয়ংবদক্ষ ক্রা:। তদা চ তে ডাং প্রিয়ং স্থলং কবিয়ন্তি, ধ্রুবং পুরো ধাশুন্তি স্বপ্রাধান্তে স্থাপয়িয়ন্তি চ ৫০০।

যদেভি। সপত্নং শক্রম, তাক্তজীবিতং স্বার্থসাধনায় জীবনত্যাগোগ্যতম্ ॥৩৮॥ ভমিতি। তং শক্রম্।, বংশ ন কুক্তে সামদানাত্যামিতি শেষঃ। তদা নির্বাদে-বিশ্বন্তদ্তৈঃ, এনং পবাক্রান্তং শক্রম্, নির্বাদেং পবিনিষ্ঠাপয়েং স্বাহ্নক্র্যা এব স্থাপরেং। অন্ততঃ শেবকল্পে তব জ্বাতাবে ইত্যর্থঃ, সিদ্ধুবাদ্বেংশি তব ভয়বিন্ততি ॥৩৯॥

নিবিতি। নির্কাদাত্ককণেণ পবিনিষ্ঠাপণাৎ, আম্পদ' প্রতিষ্ঠাং লক্ষ্য ॥৪০॥ ভাবতভাবদীপঃ

প্রথমং দেয়ং ন চেং সন্থঃ কৃণিভান্তে ত্যন্তেম্বিভার্থ: ॥৩१॥ ত্যক্তমীবিভং যুদ্ধে জীবিভনিবাকাজ্যং শক্রজীবিভাকাজ্যী উদ্বিদ্ধতে ॥৩৮॥ তমিতি। তং শক্রং পবাক্রান্তং পবাক্রমবন্তং
বিদিন্ধা অশক্ত্যা বশে স্বাঞ্জায়াং বদি ন কবোতি তহি এনং নির্মাদেং পবিনিষ্টিতেদ্ তৈর্নির্বদেং
পবিনিষ্ঠাং প্রাপবেং। সায়া দানেন বা তং পর্যাবস্থাপয়েদিত্যর্থং। "নির্মাদঃ স্থাং পবীবাদে
পবিনিষ্টিতবাদয়ো"রিভি বিশ্বং। অন্ততঃ ফলতঃ তং শক্রোর্ম্বীকবণং তবিশ্বতি ॥৩৯॥
তক্রোপায়্মাহ—নির্মাদাদিতি। এবং পবিনিষ্টিতত্রা আম্পদং স্থানং প্রাপ্তং চেং শক্রণা-

তা'ব পর তুমি তাহাদিগকে উত্তম বস্তু দান করিবে, তাহাদেব সমস্ত উপদ্রব দুর কবিবাব জন্ম উদ্যোগী থাকিবে এবং তাহাদের প্রিয় বাক্য বলিবে। এই-রূপ কবিলেই তাহারা তোমাকে স্কৃত্তং কবিয়া লইবে এবং নিশ্চয়ই প্রধানপদে স্থাপন কবিবে ॥৩৭॥

শক্র যথনই জানিতে পারে যে, শক্র স্বার্থসাধনের জন্ম জীবনত্যাগে উন্নত হইয়াছে, তথনই সে, পৃহণত দর্পের ন্থায় তাহা হইতে উদ্বিগ্ন হয় ॥৩৮॥

শক্রকে পবাক্রাম্ব জানিয়া যদি সাম ও দানদারা তাহাকে বশীভূত করা না যায়, তবে বিশ্বস্ত দূতদারা তাহাকে নিজেব অমুকূল কবিবে। হয় ত শেষে তোমাবও এইরপই কবিতে হইবে ॥৩৯॥

শক্রকে অনুকূলে স্থাপন করার পর প্রতিষ্ঠা লাভ করিলে ধনবৃদ্ধি হয়। ধন-বৃদ্ধি হইলে মিত্রেরা আসিয়া সেবা কবে ও আগ্রয় করে ॥৪০॥ শ্বলিভার্থং পুনস্তানি সম্ভাজন্তি চ বান্ধবাঃ।
নহাশ্মিনাঞ্রন্তে চ জ্ঞুন্সন্তে চ তাদৃশম্ ॥৪১॥
শক্রং কৃত্বা যঃ সহায়ং বিশ্বাসমূপগচ্ছতি।
স ন সম্ভাব্যমেবৈতদ্যদ্রাজ্যং প্রাপ্তা ॥৪২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্রাং সংহিতায়াং বৈয়াসিক্যামূদ্যোগপর্বনি
ভগবদ্যানে বিদ্বলাপুত্রানুশাসনে যড়্বিংশত্যধিকশততমোহধ্যায়ঃ॥০॥ ক

----;•;-----

সপ্তবিংশত্যধিকশতত্যোহধ্যায়ঃ।

যাতোবাচ।

নৈব রাজ্ঞা দরঃ কার্য্যো জাতু কম্মাঞ্চিদাপদি। অথ চেদপি দীর্ণঃ স্মানৈব বর্ত্তেত দীর্ণবৎ ॥>॥

ভারতকোমুদী

খনিতেতি। খনিতার্থং নির্গতধনম্, তানি মিত্রাণি। জ্গুলান্তে নিন্দন্তি ॥৪১॥ উক্তরণেণ সামদানাভ্যাং সংগৃহীতেহিণ তিন্ধিংখ্যা বিশ্বাসো ন কর্ত্তব্য ইত্যাহ শক্রমিতি। যঃ শক্রং সামাদিনা সহায়ং ক্বতা তত্র বিখাসম্পগচ্ছতি কবোতি, স যথ বাজ্যং প্রাপ্নুয়াৎ, ইতি তদেতথ ন সম্ভাব্যমেব, অবসবে তেনৈব তদ্গ্রহণাদিত্যাশয়ঃ ॥৪২॥

ইতি মহামহোপাধ্যান-শ্রহিবিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্ঘ্যবিবচিতায়াং মহাভারতটীকায়াং ভাবতকৌম্দীসমাধ্যামামৃদ্যোগপর্কণি ভগবদ্যানে বড্বিংশতাধিকশততমোহধ্যায়ঃ ॥৽॥ ভারতভাবদীপঃ

ইম্পক্ষকন্ত ধনবৃদ্যাদিং সর্বাং সেংস্থাতীতার্থ: ১০৯–৪০॥ শ্বলিতার্থ: চ্যুতধনং ন আখসতে ইতি চ্ছেদ:। বিশাসং ন কুর্বান্তীতার্থ: ১৪১॥ সম্ভাবামেবৈতদিত্যুপহাস: অসম্ভাবিতমেতং বন্ধ ত্রৌ বিশাসং ক্ষরাহপি বাদ্যাং প্রাপু মাদিতি ১৪২॥

ইতি উদ্যোগপর্বণি নৈলক্ষ্ঠীয়ে ভাবতভাবদীপে ষড্বিংশত্যধিকশততমোহধ্যায়: ॥১২৬॥

আবার নির্ধন হইয়া পড়িলে, সেই মিত্রেরাই তাহাকে ত্যাগ করে এবং বান্ধবেরা আঞ্রয় কবে না, বরং তাদৃশ নির্ধনেব নিন্দাই করে ॥৪১॥

যে রাজা শত্রুকে সহায় কবিয়া তাহাব উপরে বিশ্বাস স্থাপন করেন, তিনি যে রাজ্য হাতে রাখিবেন, সে সম্ভাবনা কবা যায় না'॥৪২॥

⁽৪২) --- অতঃ সম্ভাব্যমেবৈতং --- পি বা ব বা। * '--- পঞ্জিংশদ্ধিকশতভদোইধ্যায়ঃ'
বা ব বা নি।

मीर्गः हि मृथ्ने। तांकानः मर्वरमवाकृमीर्याट ।
तांद्वेः वनममांजाम्ह शृथक् क्वंखि एक मजीः ॥२॥
गांकात्मक প्रभारत প्रकाशिक्ष क्वंखि एक मजीः ॥२॥
मांकात्मक প्रभारत श्रक्षांत्रिमानिजाः ॥थ॥
म ध्वांकारुक्षकार धनः श्रम् अभारत ।
क्वांकारुक्षकार धनः श्रम् अभारत ।
क्वांकार्यकार्याक्षि शिक्कांनिव वांक्षवान् ।
क्वांकार्यकार्याक्षि शिक्कांनिव वांक्षवान् ।
क्वांकार्यकार्याक्षकार त्रांकां वांकां मांकाः ॥६॥
य त्रांद्वेमिक्यार त्रांकां वांकां वांकांन् ।
मा नीमत्रकः स्कार्यां मांकाः नीर्गः थहांनित्रः ॥६॥ (यूथक्म्)

ভারতকৌমূদী

নেতি। দবো ভবন, "দবোহজিয়াং ভরে খভে" ইত্যাবং। দীর্ণো ভীতং য়ায়
দীর্ণনিতি। হি বসাং। অহুদীর্যতে বিভেতি। পৃথক বিভিন্নপ্রকারাঃ য়য়
শক্রনিতি। প্রপঞ্জতে আশ্রয়ন্তি, প্রভৃতি ভাজন্তি। প্রস্থিতি প্রভৃত্তি শক্রনিতি প্রভৃত্তি বালানামান্ত্রিভৃত্তি
অসমর্থাং, অতিকামা নম্বনিধিণঃ। ইলা গাবং, "গোভ্বাচন্তিড়া ইলাঃ" ইভামরঃ য়য়য়
শোচন্ত্রনিতি। বে জ্বনাং, বাসনং বিপদ্ম, স্থাইং প্রাপ্তজাপি রাজাং, বাইং রাজাম্, শভিভারতভাবদীপঃ

নেতি ৷ দরো ভরম্, ভাতৃ কদাচিৎ, দীর্ণো ভীত: II মহীমিতি পাঠে মহীস্থান্ লোকান্ Iথা অপবে স্বীয়া: প্রভিহীর্ষস্থি প্রহর্তৃং তাডিত্মিচ্ছস্থি IVI ইলা: ধেনবং, "ইলাবেয়ঃ সহবংসা ন আগা"দিতি মন্ত্রবর্ণাৎ IBI তে তবাপি স্ক্রবং সন্তি ICI বে রাষ্ট্রন্ অস্মনীয়নিলন্ অস্থাভী বন্ধণীয়ং

মাতা (বিছুলা) বলিলেন—'রাঞ্চা কখনও কোন বিপদেই ভয় করিবেন না; যদি ভীত হনও, ডথাপি ভীতেব স্থায় চলিবেন না ॥১॥

কারণ, রাজাকে ভীত দেখিয়া সকলেই ভীত হইয়া পড়ে এবং সেই বাজ্য, সৈয়া ও অসাভ্যেনা ভিন্ন ভিন্নপ্রকার বৃদ্ধি করিতে থাকে ॥২॥

একপ্রেণীর লোকেরা শত্রুপক্ষই অবলম্বন কবে, সাবাব অন্তর্যেণীব লোকেরা রাজাকে পরিত্যাগ করিয়া উদাদীন থাকে; আর যাহাবা পূর্বের অপমানিত হইয়াছিল, তাহারা ত প্রহার কবিবারই ইচ্ছা কবে ॥ ॥

তবে যাহারা অত্যম্ভস্তং, তাহারাই বাজ্ঞাকে আগ্রন্থ করিয়া থাকে; কিন্তু আগ্রন্থ করিয়া থাকিলেও তাহারা অসমর্থ বলিয়া বন্ধবংসা ধেনুদিগেব ভায় মনে মনে কেবল মদল কামনাই কবিতে থাকে ॥৪॥

বাজা বিপন্ন হইলেও যাহারা তাঁহার রাজ্য কফা করিবার ইচ্ছা করে,

প্রভাবং পৌরুষং বৃদ্ধিং জিজাসন্ত্যা সন্ধা তব।
বিদধত্যা সমাশ্বাসমূক্তং তেজোবিবৃদ্ধয়ে ॥৭॥
যতেতৎ সংবিজানাসি যদি সম্যপ্ত্রবীম্যহম্।
কৃষা সৈন্সমিবাত্মানং জয়ায়োতির্চ সঞ্জয়!॥৮॥
অন্তি নঃ কোষনিচয়ো মহানবিদিতত্তব।
তমহং বেদ নাম্যস্তমুপসম্পাদয়ামি তে॥৯॥
সন্তি নৈকতমা ভূয়ঃ হুছদন্তব সঞ্জয়!।
হুখতুঃখসহা বীর! সংগ্রামাদনিবর্তিনঃ॥১০॥

ভারতকোমুদী

মশ্তন্তে অভিনততয়। রক্ষিত্মিচ্ছন্তি, তে পূর্বং পূব্বিতা দানাদিভি: দন্মানিতা অপি তদানীমপি পূব্বনীয়া ইত্যর্থ:, যেন হি ত এব প্রকৃতাঃ স্থস্তদো মতাঃ। তে চ পতিতান্ হতান্ বান্ধবান্ আতাদীনিব, শোচন্তং বান্ধানমন্থশোচন্তি। অতএব হে সন্ধা। তং মা দীদবঃ ন বিভীহি, স্থস্বদশ্চ দীর্ণং ভীতং তাং মা প্রহাসিষ্: ন ত্যন্ত ॥৫—৬॥

প্রভাবমিতি। স্বিজ্ঞাসন্ত্যা জ্ঞাতৃমিচ্ছন্ত্যা। সমাধাসং ভ্যাবসাদাপনাদনম্ ॥ । যদীতি। সংবিজ্ঞানাসি সম্যগ্র্ধ্যসে। সৈক্তমিব উৎসাহিনমিভার্থ: ॥ ৮॥

"অকোষস্থাসহাযক্ত" ইত্যাদে: পুনন্ধত্তবমাহ ত্রিভি: অন্তীতি। বেদ জানামি। তং কোষ-নিচয়ম্, উপসম্পাদয়ামি যুদ্ধব্যয়নির্বাহার্থং দদামি ॥२।

তাহাবাই প্রকৃত স্কৃত্রং। স্ত্রাং পূর্বে তাহাদেব সন্মান কবিয়া থাকিলেও তখনও তাহাদের সন্মান করা উচিত। রাজা বিপন্ন হইষা শোক কবিতে লাগিলে, সেই স্কুল্গণ নিপতিত বান্ধবগণেরই ন্থায় সেই বাজাকে লক্ষ্য কবিয়া শোক কবিতে থাকে। অতএব সঞ্জয়। তুমি কখনও ভীত হইও না এবং স্কুদেবাও যেন ভীত অবস্থায় তোমাকে পরিত্যাগ কবে না ॥৫—৬॥

বংস! আমি তোমাব প্রভাব, পুক্ষকাব ও বৃদ্ধি জানিবাব ইচ্ছা কবিয়া আমাস দিতে থাকিয়া ভোমাব তেজ বৃদ্ধি কবিবাব জন্মই এই সকল কথা বিলিলাম ॥৭॥

সঞ্জয়! আমি যদি এই সকল কথা সম্যক্ বলিয়া থাকি এবং তুমিও যদি এই সকল কথা সম্যক্ ব্ৰিয়া থাক, তবে আপনাকে সৈত্যেব ভায় করিযা জয়ের জন্ম গাত্যোখান কব ॥৮॥

তোমাব অবিদিত আমাদেব বিশাল কোষসমূহ আছে, আমিই তাহা ভানি, অ্য কেহ জানে না ; সেই কোষসমূহই আমি তোমাকে দান কবিব ॥৯॥

⁽৮) যদেত সংবিজানাসি বা নি, · ক্বনা সৌন্যানিবাত্মানন্ বা ব রা নি। (১০) সন্তি চৈক্মতীভূয় · গতার্বা হুনিবর্ত্তিন:—গি, সন্তি নৈক্শতা ভূয়· · · নি।

তাদৃশা হি সহায়া বৈ পুরুষশু বুড়ুষতঃ । ইফং জিহীর্ষতঃ কিঞ্চিৎ সচিবাঃ শত্রুকর্ষণ ! ॥১১॥ তস্থাস্থীদৃশকং বাক্যং গ্রুত্থাপি সম্প্রচেতসঃ । তমস্বপাগমন্তস্থ স্পচিত্রার্থপদাক্ষরম্ ॥১২॥

পুত্ৰ উবাচ।

উদকে নৌরিয়ং ধার্য্যা বক্তব্যং প্রবণে ময়া। যস্ত মে ভবতী নেত্রী ভবিশ্বস্ভূতিদর্শিনী ॥১৩॥

ভারতকৌযুদী

সম্ভীতি। ভূম: পূনা, নৈকতমা অনেকতমা:, স্বহ্নণ: সহায়া: ।>।।
তাদৃশা ইতি। বুভ্ৰত: ভবিতৃমুয়তিং লকু মিচ্ছত:। কিঞ্চিনিটং রাজ্যাদিকন্, স্বিহীত: অক্সমাৎ হর্ত্ত মিচ্ছত: প্রুষস্ত, সচিবা মন্ত্রিণ এব ভবেমুবিতি শেষ: ।>>।

কুন্তী ব্রবীতি শ তত্যা ইতি। স্থাচিত্রাণি : অতীবাদ্য্যাণি অর্থপদাক্ষরাণি যত্ত তৎ, তত্যা বিজ্লায়া:, ঈদৃশকং বাক্যং প্রস্থা তু, স্বল্পচেত্রে। তুর্বলচিত্রস্থাপি, তত্ম সঞ্চয়ত্ম, তমঃ তমো-গুণক্ষনিতৌ ভয়াবসাদৌ অপাগমং ।১২॥

উদক ইতি। উদকে নৌরিব, ইয়ং তে বাক্ অশুাং বিপদি ময়া ধার্ঘ্যা অবলঘনীয়া। অতএব প্রবণে প্রবণোংস্থকে ময়ি ভবতাপি ঈদৃশমেব বক্তব্যম্। যশু মে ভবতী নেত্রী পরিচালয়িত্রী, ভবিশ্বভূতিদশিনী ভাবিসম্পদ্শয়িত্রী চ ॥১৩॥

ভাবভভাবদীপঃ

রাজা চ ব্যাসনাত্ত্রত্বরা ইতি অভিনক্তরে অভিমানবস্তঃ যা দীদরঃ যা বিদারয় । আ সমাখাসং বৈধ্যম্ ॥৭-১১॥ অলচেতসোহিপি ততা ডমোহপাগ্যদিতি সম্বন্ধঃ ॥১২॥ উদকে মজ্জীব তৃঃ পিত্রাং রাজ্যম্। ধ্রিতি পাঠেহপি স এবার্থঃ। ইয়ং ময়া ধার্য্যা য়য়ং বাজ্যং বা উদ্বর্ভব্যম্। প্রবণে প্রপাতে বা ম্বাথ্যে বা মর্ত্তব্যং ন তু এবমেব নির্ব্যাপাবেণ স্কেয়ম্। নেত্রী শিক্ষয়িত্রী ॥১৩॥

আর সঞ্চয়। তোমাব অনেক সহায় আছে; বীর। তাহাবা স্থুও ছঃথ সহা কবিতে পাবে এবং যুদ্ধ হইতেও পলায়ন করে না॥১০॥

শক্রদমন ৷ উন্নতিকামী পুক্ষ অন্তেব নিকট হইতে অভীষ্ট কোন বস্তু হরণ করিবার ইচ্ছা করিলে, সেইকপ সহায়ই তাঁহার মন্ত্রিস্থানপাতী হইতে পারে' ॥১১॥

কৃষণ বিছ্লাব কথাগুলিব অর্থ, পদ ও অক্ষবগুলি অতি আদ্বর্যা ইইযা-ছিল; স্বতরাং সঞ্জয় ছুর্বলিচত্ত ইইলেও বিছ্লার সেইনাপ কথাগুলি শুনিবার পবেই সেই সঞ্চয়েব ভয় ও অবসাদ দূব হইল ॥১২॥

⁽১৩) উদকে ধ্রিয়ং ধার্যা স্পর্ভব্যং প্রেরণে ময়া · পি, উদকে ধ্রিয়ং ধ্যার্যা মর্ভব্যং প্রবণে ময়া···বা ব রা।

ष्यहः हि बहनः ष्रखः स्थान्त्रम् श्रविकः । किकिः किकिः व्यक्तित्रमः सृक्ष्मे स्थान्य । व्यक्तिकः विक्रान्य किक्ष्य किक्ष्य विक्रां । व्यक्तिकः । व्यकः

কুন্তাবাচ।

সদশ্ব ইব স ক্ষিপ্তঃ প্রণুদ্ধো বাক্যসায়কৈঃ। তচ্চকার তথা সর্বং যথাবদকুণাসনম্ ॥১৬॥

ভারতকৌমুদী

অহমিতি। অহং হি বাদ্যবাৎ ছন্তঃ, ক্বন্ত হি এতৎপরাজ্যকটবশাদেব লক্ষ্য ঈদৃশক্ষ বাক্যন্ত, অযুতন্তেব, অতৃপান্ ভৃপ্তিমলভমানঃ, পূর্ব্বিৎ করণে ষটা, অতএব ছন্তন্তব সকাশাৎ অপরাপরমীদৃশং বচনং ভক্রব্য শ্রোভূমিছ্যু: সন্, মৃত্যু হ্বাবং বারং কিঞ্চিৎ কিঞ্চিৎ প্রতিবদন্ "কিন্নু তে মামপশ্রক্তাঃ" ইত্যাদিনা মধ্যে মধ্যে প্রতিবাদং কুর্বন্, ভৃষ্ণীং নীরব আসম্। ইত্যাত্মনঃ কাপুক্ষতা পরিহাতা। ইদানীমেবোহহুম্, শুক্রণাং নিরমার্থং নিগ্রহার্থং জয়ায় চ, উদ্বচ্ছামি উভামং করোমি ॥১৪—১৫॥

সদিতি। স সময়, ক্ষিপ্ততিরস্থতঃ, প্রব্যক্তাভিতঃ। অহশাসনম্পদেশঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

অপরাপরম্ অপরমপরম্ উত্তরোত্তরমিতি যাবং, প্রতিবদন্ প্রতিকূলং বদন্ আয়সং হৃদয়ং তবেতি পুত্রে নিঃস্নেহাসীত্যাদি ॥>৪। বাদ্ধবাং বদ্ধুতঃ উদ্যক্তামি উত্তমং করোমি। নিয়মার্থং

পুত্র (সঞ্জয়) বলিলেন—'জননি! মামুষ ষেমন জলে নৌকা অবলম্বন করে, আমিও তেমন এই বিপদে আপনার এই উপদেশ অবলম্বন করিব। আর আমি এইরূপ উপদেশশ্রবণে উৎস্কুক থাকিব, আপনিও এইরূপই উপদেশ দিবেন। কেন না, আপনিই আমার পরিচালিকা এবং ভাবী সম্পদের উপায়প্রদর্শিক। ॥১৩॥

আমার এইরূপ বিপদ্ হইয়াছে বলিয়াই আপনাব নিকট হইতে এইকপ উপদেশ পাইলাম। স্কুতরাং অমুত্রপানদারা যেমন আকাজ্ঞা মিটে না, তেমন আপনাব এই উপদেশ-শ্রবণদাবাও আমাব আকাজ্ঞা মিটে নাই। ভাই আমি আপনার নিকট হইতে অক্যান্ত উপদেশ শুনিবাব ইচ্ছা করিয়াই বার বাব কিছু কিছু প্রতিবাদ কবিয়া নীরব হইয়াছি। সে যাহা হউক, এখন আমি শক্রদমনেব জন্ম এবং জয়ের নিমিত্ত এই উভাম করিতেছি' ॥১৪—১৫॥

কুন্তী বলিলেন—'কৃষ্ণ! উত্তম অশ্বের স্থায় সঞ্লয় তিরস্কৃত ও বাক্যবাণে ভাড়িত হইয়া মাভার উপদেশ অনুসাবে সমস্ত কার্য্য করিয়াছিলেন ॥১৬॥ ইন্মুদ্ধর্বণং ভীমং তেজাবর্দ্ধনমূত্তমন্।
রাজানং আবয়েমন্ত্রী সীদন্তং শক্রপীড়িতম্ ॥১৭॥
জয়ো নামেতিহাসোহয়ং শ্রোতব্যা বিজিগীয়ুণা।
মহীং বিজয়তে ক্ষিপ্রং শ্রুত্বা শক্রংশ্চ মর্দ্দতি ॥১৮॥
ইদং পুংসবনকৈব বীরাজননমেব চ।
অভীক্ষং গর্ভিণী শ্রুত্বা প্রবং বীরং প্রজায়তে ॥১৯॥
বিভাশুরং তপঃশুরং দমশুরং তপস্বিনম্।
বাক্ষ্যা শ্রিয়া দীপ্যমানং সাধুবাদে চ সম্মতম্ ॥২০॥
অভিস্থত্তং বলোপেতং মহাভাগং মহারথম্।
ধৃতিমন্তমনাধৃয়াং জেতারমপরাজিতম্ ॥২১॥

ভাবতকোমুদী

हेनगि । উद्भर्यनम् छे शाहकन कम्, जीमः छग्रस्यम्। नीन छः कजी खरस्यम् ॥ ১ १॥

জয় ইতি। জয়ত্যনেন শক্রমিতি জয়:। বিজিগীযুণা শক্রং বিজেত্মিচ্ছুনা ॥১৮॥

ইদমিতি। গভিণী স্ত্রী, অভীক্ষং পুনঃ পুনা, পুমান্ ত্যতে অনেনেতি পুংসবদম্, বীর আজ্ঞতে স্মাগুংপাততে অনেনেতি বীবাজননমেব চ, ইদম্পাখ্যানং শ্রুষা, গ্রুষং নিশ্চিতমেব, বীরং পুত্রম্, প্রজায়তে প্রজনয়তি। সকর্মকত্মার্থম্ ॥১৯॥

ক্ষত্রিয়াপকে বিশেষমাহ বিশ্বেতি। শ্রুজ্যত্ত দক্ষমূ। তপঃশ্রুং চাদ্রায়ণাদিরতদক্ষমৃ, "তপশ্চাদ্রায়ণাদৌ আদ্ধর্মে লোকান্তবেহপি চ। তপা মাঘে চ শিশিরে" ইতি বিশং। দম ভারতভাবদীপঃ

নিগ্রহার্থে। বান্ধবানিতি পাঠে উদ্যক্ষামি খাবয়ামি ॥১৫—১৮॥ পুংসবনং পুত্রপ্রসবকরং বীরাণাম্ আজননং যেন ভদ্বীবান্ধননং প্রজায়তে জনয়তি ॥১৯—২২॥

ইতি উদ্যোগপর্কণি নৈলক্ষ্মীয়ে ভারতভাবদীপে সপ্তবিংশতাধিকশতভমোহধ্যায়: ॥১২৭॥

রাজা শত্রুপীর্ড়নে অবসর হইয়া পড়িলে, মন্ত্রী এই ভয়ঙ্কর উৎসাহজনক ও ডেজোবর্দ্ধিক উপাখ্যানটা তাঁহাকে শ্রবণ কবাইবেন ॥১৭॥

বিজয়াভিলাষী বাজ। 'জয়-'নামক এই ইভিহাস শ্রবণ করিবেন। কারণ, ডিনি ইহা শ্রবণ করিয়া সম্বর্হ পৃথিবীজয় ও শক্রদমন কবিতে পাবিবেন ॥১৮॥

গর্ভবতী নারী এই বীবপুত্রজনক উপাখ্যানটীকে বাব বাব শুনিয়া নিশ্চযই বীবপুত্র প্রসব কবিতে পাবেন ॥১৯॥

আব বিদ্বান্, ব্রতনিপুণ, জিতেন্দ্রিয়, তপস্বী, বাদ্মী শোভায় শোভিও, সকলের সাধুবাদেব যোগ্য, ভেজস্বী, বলবান্, অসাধাবণ ভাগ্যবান্, মহাবথ,

⁽১৭) ইদমুদ্ধণং ভীদ্মম - शि। (२०)--- मानगुतः जनविनम् --वा व ता नि।

নিয়ন্তারমসাধুনাং গোপ্তারং ধর্মচারিণাম্। উদৃশং ক্ষত্রিয়া সূতে বীরং সত্যপরাক্রমম্ ॥২২॥ (বিশেষকম্) ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্বাণি ভগবদ্যানে বিজ্লাপুত্রান্মশাসনং নাম সপ্তবিংশত্যধিক-

শততমোহধ্যায়ঃ॥০॥ #

অষ্টাবিংশত্যধিকশততমোহধ্যায়ঃ।

g- o-g----

কুন্ত্যবাচ।

অর্জ্বনং কেশব! জয়ান্ত্রি জাতে স্ম সূতকে।
উপোপবিষ্টা নারীভিরাশ্রমে পরিবারিতা ॥১॥
অথান্তরীক্ষে বাগাসীদ্দিব্যরূপা মনোরমা।
সহস্রাক্ষসমঃ কুন্তি। ভবিশ্যত্যেয় তে হুতঃ ॥২॥

ভাবতকোমুদী

ই জ্রিষদমনম্। ব্রাক্ষ্যা শৌচাদিনিবক্ষনষা। সম্মতং সর্বৈধ্বভিপ্রেতম্। অচ্চিমন্তং তেজ-স্থিনম্। ধৃতিমন্তং ধৈর্যাশালিনম্, অনাধৃষ্যং সর্বেধামেব হর্দ্ধর্ম্। নিবন্তাবং নিগ্রহীতাবম্, গোপ্তাবং বক্ষিতাবম্। স্পত্রিষা স্ত্রী, বীবং পুত্রম্॥২০—২০॥

ইতি মহামহোপাধ্যায-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্ঘ্যবিবচিতাষাং বহাভাবতটাকায়াং ভাবতকোম্দীসমাধ্যাযামৃদ্যোগপর্বাণি ভগবদ্যানে সপ্তবিংশত্যধিকশততমোহধ্যায়ঃ ॥•॥

অর্জুনমিতি। কিং ব্রবীনীত্যাহ ঘনীতি। স্ততকে স্তিকাগৃহস্ত, উপ দমীপে। আশ্রমে তন্মিন্ শতশৃঙ্গপর্বতন্ততপোবনে, পবিবাবিতা পবিবেটিতা। স্মেতি পাদপ্রণে ঃ১ঃ

-(::)-

অথেতি। দিব্যক্ষা স্বর্গীয়ক্ষা। তাং বাচ্মস্থকতি দহস্রাক্ষেত্যাদিনা হথা ধৈর্য্যশীল, তুর্দ্ধর্ম, বিজয়ী, অপবাজিত, তুর্জনশাসক, ধার্ম্মিকবক্ষক এবং যথার্থপবা-ক্রমশালী এইক্স বীবপুত্র ক্ষত্রিয়বমণী প্রস্ব কবিয়া থাকেন ॥২০—২২॥

কুন্তী বলিলেন—'কৃষ্ণ! তুমি অর্জুনকে বলিও যে, তুমি জন্মিলে পব আমি সেই স্তিকাগৃহেব নিকটে আশ্রমস্ত নাবীগণে পবিবেটিত হইয়া উপবিষ্ট বহিয়াছিলাম ॥১॥

 ^{&#}x27;·· ষট্তিংশদধিকশতভ্মোহধ্যায়' বা ব বা নি । '(২) · ভবিহত্যেব তে হত:—পি ।

এব জেয়তি সংগ্রামে ক্রন্ সর্বান্ সমাগতান্।
ভীমসেনদ্বিতীয়শ্চ লোকমুদ্বর্ত্তিয়য়তি ॥৩॥
পুত্রস্তে পৃথিবীং জেতা যশশ্চাস্ত দিবং স্পৃশেৎ।
হত্বা ক্রংশ্চ সংগ্রামে বাহ্মদেবসহায়বান্ ॥৪॥
পিত্রামংশং প্রনন্তঞ্চ পুনরপুদ্ধরিয়তি।
লাভ্ভিঃ সহিতঃ জ্রীমাংস্ত্রীন্ মেধানাহরিয়তি ॥৫॥ (য়ুগ্মকম্)
স সত্যসন্ধো বীভৎম্বঃ সব্যসাচী যথাহচ্যুত!।
তথা জমেন জানাসি বলবন্তং ছ্রাসদম্ ॥৬॥
তথা তদস্ত দাশাহি! যথা বাগভ্যভাষত।
ধর্মশেচদন্তি বাফের! তথা সতাং ভবিয়তি॥৭॥
তথাপি তত্তথা কৃষ্ণ! সর্বং সম্পাদয়িয়য়িস।
নাহং তদভ্যসুয়ামি যথা বাগভ্যভাষত॥৮॥

ভাবতকোমূদী

এব ইতি। ভীমসেনো বিভীষো ষস্ত সং, উবর্ত্তবিশ্বতি উবেদ্বিশ্বতি ॥৩॥
পুত্র ইতি। জেতা দেশ্বতি। প্রনষ্টং 'দ্র্য্যোধনেনায়ন্তীকৃত্তবাং লুপ্তম্। শ্রীমান্
বীবণোভাবান্। মেধান্ অখমেধান্, আহবিশ্বতি অমুষ্ঠাশ্বতি ॥৪—৫॥
অ্যমাহ স ইতি। সত্যসদ্ধং সত্যপ্রতিজ্ঞাং, স্ব্যসাচী হস্তব্বেনবাল্মকেপী ॥৬॥
ভবেতি। তং কৌববদ্বাদিকম্। সত্যং ভবিশ্বতি, ত্বাণ্যা ধর্মপ্রফ্রাং ॥৭॥

সেই সমযে আকাশে একটা স্বৰ্গীয় মনোহৰ দৈববাণী হইয়াছিল—'কুস্তি। ভোমাব এই পুত্ৰটী ইন্দ্ৰেব ভূল্য হইবে ॥২॥

এ, যুদ্ধে সমাগত সমস্ত কৌৰবকে জয় কৰিবে এবং ভীমেৰ সহিত মিলিত হইয়া সকল লোককে ভীত কৰিবে ॥৩॥

তোমাব এই পুত্র পৃথিবী জয় কবিবে এবং ইহাব যদ স্বর্গ স্পর্শ কবিবে;
আব তোমাব এই পুত্র কৃষ্ণেব সহিত মিলিত হইয়া যুদ্ধে কৌববগণকে সংহাব
কবিয়া বিলুপ্ত পৈতৃক বাজ্যেব অংশ পুনবায উদ্ধাব কবিবে এবং ভাতাদেব সহিত মিলিত ও বীবশোভায় শোভিত হইয়া তিনটা অশ্বমেধ্যজ্ঞ কবিবে' ॥৪—৫॥

কৃষ্ণ সেই সত্যপ্ৰতিজ্ঞ ও সব্যসাচী অৰ্জুন যেকপ বলবান্ ও ছৰ্দ্ধ, তাহা ত তুমি জানই ॥৬॥

কৃষ্ণ। সেই দৈৰবাণী যে ভাবে যাহা বলিযাছিল, সেইভাবেই ভাহা হউক।
বৃষ্ণিনন্দন। ধর্মা যদি থাকেন, তবে তাহা সত্য হইবেই ॥৭॥

মাজীপুর্ত্তো চ বক্তব্যে ক্ষত্তধর্মরতাবুর্তো।
বিক্রমোর্ধিকান্ ভোগান্ র্ণীতং জীবিতাদপি ॥১৪॥
বিক্রমার্ধিগতা হুর্থাঃ ক্ষত্তধর্মেণ জীবতঃ।
মনো মনুষ্যস্ত সদা প্রীণন্তি পুরুষোত্তম!॥১৫॥
যচ্চ বঃ প্রেক্ষমাণানাং সর্বধর্মোপচায়িনাম্।
পাঞ্চালী পরুষাণুক্তা কো মু তৎ ক্ষন্তমর্হতি ॥১৬॥
ন রাজ্যহরণং তুঃখং দ্যুতে চাপি পরাজয়ঃ।
প্রোজনং হুতানাং বা ন মে তদ্তুঃখকারণম্॥১৭॥
যচ্চ সা বৃহতী শ্যামা সভায়াং রুদতী তদা।
অল্রোধীৎ পরুষা বাচস্তম্যে তুঃখতরং মহৎ ॥১৮॥ (যুগাকম্)

ভাবতকোঁমূদী

যুক্তমিতি। কুলে সন্ধংশে। অবর্ত্তিথা আচবিতবত্যসি ॥১৩॥
মাদ্রীতি। জীবিতাদপি জীবনত্যাগোভমং কুছাপি ॥১৪॥
বিক্রমেতি। বিক্রমেণ অধিগতা লকাঃ, অর্থা দ্রব্যাণি ॥১৫॥
বিদিতি। বো বুমাননাদৃত্য। সর্বান্ ধর্মাহপচিষ্বতি বর্দ্ধয়ন্ত্রীতি তেবাম্ ॥১৬॥
নেতি। ছঃখং তাদৃশং মহদিত্যর্থঃ। সা দ্রৌপদী, শ্রামা সর্বাদ্ধক্ষনবী ॥১৭—১৮॥

মহাভাগে। তুমি যে আমাব সকল পুত্রেব উপবেই যথাযথ ব্যবহাব কবিতেছ, তাহা সঙ্গতই হইতেছে। কাবণ, তুমি সংকুলে জন্মিয়া যশস্বিনী হইয়াছ ॥১৩॥

তা'ব পব ক্ষত্রিযধর্শ্যে নিবত নকুল ও সহদেবকে বলিবে যে, ভোমঁবা জীবন-ত্যাগেব উপক্রম কবিয়াও বিক্রমার্জিত ভোগেব ববণ কব ॥১৪॥

কেন না, পুৰুষশ্ৰেষ্ঠ ! বিক্ৰমলন্ধ জব্যই ক্ষত্ৰধৰ্মজীবী মানুষেব মন সৰ্বদ। আনন্দিত কৰে ॥১৫॥

তা'ব পৰ সৰ্ব্বপ্ৰকাৰ-ধৰ্মবৃদ্ধিকাৰী তোমাদেৰ সমক্ষেই ছঃশাসনপ্ৰভৃতি যে জৌপদীকে নিৰ্চুব কথা সকল বলিয়াছিল, তাহ। কে সহ্য কবিতে পাবে ? ॥১৬॥

পুত্রগণের বাজ্যহবণ, দ্যুতক্রীড়ায় পরাজয়, কিংবা বনে নির্বাসনও আমাব তত গুৰুতব ছংখের কাবণ হয় নাই; কিন্তু তখন সভাব মধ্যে মহনীয়চবিত্রা, সর্ব্বাঙ্গস্থলবী ও বোৰুভ্যমানা জৌপদী যে নিষ্ঠুব কথা সকল শুনিয়াছিলেন, তাহা যত গুৰুতর ছংখেব কাবণ হইয়া বহিষাছে ॥১৭—১৮॥

⁽১৮) ষত্ৰ সা বৃহতী…ৰা ব বা নি।

দ্রীধর্মিণী বরারোহা ক্ষত্রধর্মরতা সদা।
নাধ্যপচ্ছত্তদা নাথং কুষ্ণা নাথবতী সতী ॥১৯॥
তং বৈ জ্রয়া মহাবাহো! সর্বধর্মভূতাং বরম্।
অর্চ্ছনং পুরুষব্যান্তং দ্রোপড়াঃ পদবীং চর ॥২০॥
বিদিতং হি তবাত্যন্তং ক্রুদ্ধাবিব যমান্তকো।
ভীমার্চ্ছনো নয়েতাং হি দেবানপি পরাং গতিম্ ॥২১॥
তয়োশ্চেতদবজ্ঞানং যৎ সা কৃষ্ণা সভাগতা।
ছঃশাসনশ্চ যন্ত্রীমং কটুকান্যভ্যভাষত ॥২২॥
পশ্যতাং কুরুবীরাণাং তচ্চ সংস্মারয়েঃ পুনঃ।
পাণ্ডবান্ কুশলং পুচেছঃ সপুত্রান্ সহ কৃষ্ণয়া ॥২০॥ (যুগ্মকম্)

ভাবতকোমুদী

জীতি। জীধদিণী ব্ৰস্থলা, ববাবোহা স্থনিতথা। নাথং বক্ষকম্ ॥১৯॥
তমিতি। পদবীং পদ্মানং চব, স্তোপত্যা মতাস্থসারেণ যুধ্যস্বেত্যর্থ: ॥২০॥
বিদিতমিতি। বমৌ যমজৌ অন্তকৌ কুতান্তাবিব। প্রাং গতিং মৃত্যুম্ ॥২১॥
তরোবিতি। কুঞা স্তোপদী। পশুতাং কুক্বীবাণাং ভীমাদীনাং সমকে, কটুকাক্তভাবতেতি সম্বন্ধঃ। তচ্চ ত্বং ভীমাৰ্জ্নৌ সংস্থাবয়েং, তবোক্তেজ্বনার্থমিত্যাশয়ং ॥২২—২৩॥

ভারতভাবদীপঃ

অর্কুনমিতি ॥১—२॥ উদ্বর্ডবিশ্বতি আকুলীকবিশ্বতি, লোকং শত্রুজনম্ ॥৩—৪॥ মেধান্
অপমেধান্ ॥৫—১৫॥ ধর্মোপচাযিনাং ধর্মবর্জনশীলানাম্ ॥১৬—১৯॥ পদবীং চব মার্গমন্ত্রসব

হায়। বজন্ত্রলা, ববাবোহা ও সর্বদা ক্ষত্রধর্মনিবতা জৌপদী নাথবতী হইয়াও তখন নাথ (বক্ষক) পাইলেন না। ॥১৯॥

মহাবান্ত কৃষণ। তুমি যাইয়া সর্বধার্দ্মিকশ্রেষ্ঠ ও পুরুষপ্রধান সেই অর্জুনকে বলিও যে, 'তুমি জৌপদীব পথে গমন কব' ॥২০॥

কৃষ্ণ। তোমাব বিশেষ জানা আছে যে, ক্রুদ্ধ যমজ ছই জন যমেব স্থায ভীম ও অর্জুন দেবগণকেও যমালয়ে প্রেবণ কবিতে পাবেন ॥২১॥

জৌপদী যে সভাষ গিয়াছিলেন, এইটাই ভীম ও অর্জুনেব অবজ্ঞার হইযা-ছিল। তা'ব পব ভীষ্মপ্রভৃতি কুক্বীবগণেব সমক্ষে তৃঃশাসন যে ভীমকে কটু কথাগুলি বলিয়াছিল, তাহাও তুমি ভীম ও অর্জুনকে স্ববণ কবাইযা দিও। তাহাব পব জৌপদী ও পুত্রগণেব সহিত পাণ্ডবগণেব মফল ভিজাস। কবিও॥২২—২৩॥

⁽२०) जः देव अवि वाववानि। (२७) -क्रक्शामरु—वाववानि।

মাঞ্চ কুশলিনীং ক্রয়াস্তেয়ু ভূয়ো জনার্দ্দন !। অরিষ্টং গচ্ছ পন্থানং পুত্রান্ মে প্রতিপালয় ॥২৪॥ বৈশম্পায়ন উবাচ।

অভিবাছাথ তাং কৃষ্ণঃ কৃষা চাপি প্রদক্ষিণম্।
নিশ্চক্রাম মহাবাহুঃ সিংহথেলগতিস্ততঃ ॥২৫॥
ততো বিসর্জয়ামাদ ভীম্মাদীন্ কুরুপুঙ্গবান্।
আরোপ্যাথ রথে কর্ণং প্রায়াৎ সাত্যকিনা দহ ॥২৬॥
ততঃ প্রয়াতে দাশার্হে কুরবঃ সঙ্গতা মিথঃ।
জজল্প মহদাশ্চর্যাং কেশবে পরমান্ত্তম্ ॥২৭॥
প্রমৃঢ়া পৃথিবী দর্বা মৃত্যুপাশবশীকৃতা।
ছর্ব্যোধনস্থ বালিশ্যানৈতদন্তীতি চাক্রবন্ ॥২৮॥

ভারতকোমূদী

মামিতি। ভূয়ো বহুলম্। অবিষ্টং নির্বিল্লং যথা স্থান্তথা গচ্ছ ॥২৪। অভীতি। সিংহস্থ সিংহগতেবিব খেলা ভদির্যস্থাং সা তাদৃশী গতির্যস্থ সং ॥২৫॥

তত ইতি। প্রায়াৎ কৃষ্ণ ইত্যন্ত্রি । অত্র বথে কর্ণস্থাবোপণে কৃষ্ণসায়মভিপ্রায়:—
য়দাত্মনা বিবরণেন কর্ণে বিদিতনিজঙ্গমবৃত্তান্তে তহ্ম চ পাণ্ডবপক্ষপাতসম্ভবেন দুর্ব্যোধনো
নিজ্ঞবিজ্ঞানৈবাস্থাদবশ্যমেব সন্ধিমস্পীক্র্যাদিতি। তচ্চ সর্বং প্রস্তাৎ স্ফুটভবিশ্বতি ।
দুর্ব্যোধনাদিভিশ্ব কর্ণং প্রত্যত্যস্তবিশ্বাসাদেব চ বথে তদাবোপণং ন ব্যাহ্তম্ ॥২৬॥

ডত ইতি। দাশার্হে ক্ষে। সঙ্গতা মিলিতাং, নিগং পবস্পবম্। পবমাত্তং সভায়াং ছ্যোখনাদীন্ প্রতি এক্তকালিকব্যাপাবপ্রদর্শনং নহদাশ্চর্যং জ্জন্ন: ॥२ १॥

প্রেভি। সর্বা পৃথিবী তম্বর্ভিনী বীবসংহতিঃ, প্রমূচা কর্ত্তব্যাবর্ত্তব্যনির্ণয়ানহা, যুদায় দয়োঃ পক্ষয়োবাগততাদিতি ভাবঃ। বালিখানোর্খ্যাং। এতদ্রাজ্যম্। অক্রবন্ ক্ববঃ ॥২৮॥

আব তাহাদেব নিকটে আমাব মঙ্গলেব কথা বলিও। বংস কৃষ্ণ। এখন তুমি নিৰ্বিশ্নে গমন কব; আমাব পুত্ৰগণকে বন্ধা কবিও' ॥২৪॥

বৈশম্পায়ন বলিলেন—তাহাব পব মহাবাহু কৃষ্ণ কুম্ভীদেবীকে অভিবাদন ও প্রদক্ষিণ করিয়া সিংহের গতিভঙ্গীতে সে স্থান হইতে নির্গত হইলেন ॥২৫॥

ভাহার পর তিনি ভীমপ্রভৃতি কৌববশ্রেষ্ঠগণকে বিদায় দিলেন এবং কর্ণকে দিজেব রথে তুলিয়া লইয়া সাত্যকির সহিত প্রস্থান করিলেন ॥২৬॥

কৃষ্ণ সে স্থান হইতে প্রস্থান কবিলে, কৌববেরা মিলিভ হইযা কৃষ্ণেব প্রদর্শিত সেই পরম অস্তুত বৃত্তাস্তুটাকে গুরুতব আশ্চর্য্য বলিয়াই প্রস্পাব আলোচনা কবিতে লাগিলেন ॥২৭॥

⁽२४)…गाः देव क्रगनिनीय - नि।

ততো নির্যায় নগরাৎ প্রথমো পুরুষোত্তমঃ।
মন্ত্রয়ামাস চ তদা কর্ণেন স্থচিরং সহ ॥২৯॥
বিসর্জয়িত্বা রাধেয়ং সর্বযাদবনন্দনঃ।
ততো জবেন মহতা ভূর্ণম্বানচোদয়ৎ ॥৩০॥
তে পিবস্ত ইবাকাশং দারুকেণ প্রচোদিতাঃ।
হয়া জগ্ম র্মহাবেগা মনোমারুতরংহসঃ॥৩১॥
তে ব্যতীত্য মহাধ্বানং ক্ষিপ্রং শ্যেনা ইবাস্ডগাঃ।
উচ্চৈর্জগ্ম রুপপ্লব্যং শার্স ধ্রান্যাবহন্ ॥৩২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈযাসিক্যামূদ্যোগপর্বাণি ভগবদ্যানে কুন্তীবাক্তো অন্টাবিংশত্যধিকশততযোহধ্যায়ঃ ॥০॥ গ

ভাবতকোমূদী

তত ইতি। নিষায় নির্গত্য, নগবাং হস্তিনাতঃ, পুরুষোত্তনঃ রুফঃ ১২৯।
বীতি। বাধেয়ং কর্ণমূ। জবেন বেগেন। অচোদয়ং প্রৈবয়ং ॥৩০॥
ত ইতি। প্রচোদিতাঃ প্রেবিতাঃ। মনোমায়তয়োবিব বংহো বেগো দেয়াং তে ১৯।
ত ইতি। শ্রেনাঃ পঙ্গিণ ইব, আশুগা ফ্রতগামিনঃ, তে হয়াঃ, দিপ্রং নহাদানং ব্যতীত্য
ভাবতভাবদীপঃ

শক্ষমীণাং বৈধব্যার্থ: যৃত্তস্বেত্যর্থ: ॥২০॥ পবাং গতিং ন্বণন্ ২ে১—২৭ঃ নৈত্রতি বাটু-মিতি শেষ: ॥২৯॥ নির্ঘায় নির্গত্য ॥২৯—৩১॥ উপপ্লব্যং বিবাটনগ্রন্ ৩০। ইতি উন্যোগপর্কণি নৈলক্ষ্মীয়ে ভারতভাবদীপে মুটারিংশত্যনিবশত্তনোহ্যায়: ১১৮:

এবং তাঁহারা একপণ্ড বলিলেন যে, 'সমগ্র পৃথিবীটাই নোহে আচ্চন্ন হই-য়াছে এবং মৃত্যুব পাশে আবদ্ধ হইয়া পড়িয়াছে। হায়। চুর্হ্যোবনের মুর্যতাবশতঃ এ বাজ্য আব থাবিল না'॥২৮॥

তাহাব পব কৃষ্ণ হস্তিনানগৰ হইতে নিৰ্গত হইযা গমন বলিতে বালিতেন এবং ডংকালে কৰ্ণেৰ সহিত দীৰ্ঘকাল মন্ত্ৰণা ববিলেন।২৯%

তদনস্তর সমস্ত যছ্বংশেব আনন্দকানী রক্ত বর্ণরে বিদান দিয়া সংগ্রের অধ্বংশের আনন্দকানী রক্ত বর্ণরে বিদান দিয়া সংগ্রের

মন ও বাযুক ছায় বেগবান্ দেই অধ্যতি দাসকক্তি গেলিছ ছবল আবাশটাকে যেন পাস কবিতে থাকিবা সহাবেগে গমন কলিছে হা⁶০০ ৩০ মেনপদীর ছায় ভাতগামী দেই অধ্যতি স্বাক্তি চিক্ত ১০ তালিজ

प्रशिक्षितिक्षण्डलाहिन्। द्वाराजितः

উনত্রিংশদধিকশততমোহধ্যায়ঃ।

বৈশাপায়ন উবাচ।
কুন্ত্যান্ত বচনং শ্রেণ্ডা ভীম্মদ্রোণো মহারথো।
ছর্য্যোধনমিদং বাক্যমূচভুঃ শাসনাতিগম্॥১॥
শ্রেণ্ডাং তে পুরুষব্যান্ত! কুন্ত্যাঃ কুষ্ণস্থ সন্নিধো।
বাক্যমর্থবদভূগ্রেমুক্তং ধর্ম্ম্যমুক্তমম্॥২॥
তৎ করিয়ন্তি কোন্তেয়া বাহ্মদেবস্থ সম্মতম্।
ন হি তে জাতু শাম্যেরন্ন তে রাজ্যেন কোরব!॥৩॥
ক্লেশিতা হি ত্বয়া পার্থা ধর্ম্মপাশসিতান্তদা।
সভাষাং দ্রোপদী চিব তৈশ্চ তম্মর্যিতং তব॥৪॥

ভাবতকোসুদী

অতিক্রম্য, উচ্চৈবত্যন্তং জগা; , তথা শান্ধবানং কৃষ-ম্, উপপ্লব্যং যত্ত পাওবা আসন্ তত্প-প্লব্যাখ্যং বিবাটবাজ্যন্থং নগ্রম্, আবহন্ অন্যন্। বহতির্দ্তিকর্মকঃ ॥৩২॥

ইতি মহামহোপাধ্যাধ-শ্রীহবিদানসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাবাং মহাভাবতটীকায়াং ভাবতকৌমূদীসমাধ্যাধামূদ্যোগপর্বাণি ভগবদ্ধানে অষ্টাবিংশত্যবিকশততমোহধ্যায়ঃ॥•॥

কুন্তা ইতি। শাসনাতিগং সর্বেষাসেবোপদেশাতিবর্ত্তিনম্ ॥১॥
শ্রুত্তিমিতি। তে ত্বয়। অর্থবং যুক্তিযুক্তম্, ধর্মাং ধর্মাদনপেতম্ ॥২॥
তদিতি। জাতু কদাচিং। ঋতে বিনা, বাজ্যেন বাজ্যার্জনাভেন ॥৩॥
ক্লেশিতা ইতি। ধর্মপাশেন সিতা বন্ধাঃ, "বিঞ্ বন্ধনে" ইভাস্থ প্রয়োগঃ ॥৪॥
কবিয়া অধিক দূব গমন কবিল, এবং ক্রুমে কৃষ্ণকৈ নিয়া উপপ্লব্যনগবে উপস্থিত
কবিল ॥৩২॥

বৈশম্পায়ন কহিলেন—কুন্তীব কথাগুলি শুনিয়া মহাবথ ভীষা ও জোণ উপদেশাতিবৰ্ত্তী ছুৰ্য্যোধনকে এই কথা বলিলেন—॥১॥

'নবশ্রেষ্ঠ ! কুন্তীদেবী কৃষ্ণেব নিকটে যুক্তিযুক্ত, ধর্মসঙ্গত, অতিভীষণ ও অতি উত্তম যে সকল কথা বলিয়াছেন, তাহা তুমি শুনিয়াছ ত ? ॥২॥

সে বিষয়টা কৃষ্ণেবও অভিপ্রেত। স্কুতবাং পাণ্ডবেবা অবশ্যই তাহা কবি-বেন। কাবণ, তাহারা অর্দ্ধবাদ্য ব্যতীত কং'নও শাস্ত হইবেন না॥খা কৃতান্তাং হার্জুনং প্রাপ্য ভীমঞ্চ কৃতনিশ্চয়ম্।
গাণ্ডীবঞ্চের্বাই চিব রথঞ্চ ধ্বজমেব চ ॥৫॥
নকুলং সহদেবঞ্চ বলবীর্ষ্যসমন্বিতোঁ।
সহায়ং বাহ্বদেবঞ্চ ন ক্ষংস্থাতি যুধিন্তিরঃ ॥৬॥ (যুগ্মকম্)
প্রত্যক্ষং তে মহাবাহো! যথা পার্থেন ধীমতা।
বিরাটনগরে পূর্বং সর্বে স্ম যুধি নির্জিতাঃ ॥৭॥
দানবা ঘোরকর্মাণো নিবাতকবচা যুধি।
ক্যোক্রমন্ত্রং সমাদায় দয়া বানরকেতুনা ॥৮॥
কর্ণপ্রভুতয়শ্চেমে স্বঞ্চাপি কবচী রথী।
মোক্ষিতো ঘোষযাত্রায়াং পর্য্যপ্তং তন্নিদর্শনম্ ॥৯॥
প্রশাম্য ভরতপ্রেষ্ঠ । প্রাভৃতিঃ সহ পাণ্ডবৈঃ।
রক্ষেমাং পৃথিবীং সর্বাং মৃত্যোদ প্রাভ্ররং গতাম্ ॥১০॥

ভাবতকোমুদী

ক্তেতি। ইষ্ধী অক্ষযত্ণদ্বম্। ন ক্ষংশ্বতি ক্ষমাং ন কবিয়তি ॥৫—৬॥
নত্ম ক্ষমায়া অভাবেহপি তে কিং কবিয়ন্তীত্যাহ্ব প্রত্যক্ষমিতি। পার্থেনার্জুনেন ॥৭॥
দানবা ইতি। বৌদ্রং পাশুপত্ম্। বানবকেতুনা অর্জুনেন ॥৮॥
কর্ণেতি। মোক্ষিতো গদ্ধর্বভাঃ। পর্যাপ্তং যথেষ্টং জাতম্, নিদর্শনং বীবত্ম ॥২॥

কেন না, তুমি তখন ধর্মপাশবদ্ধ পাগুবগণকে ও জ্বোপদীকে সভাব মধ্যেই কষ্ট দিয়াছিলে, তাহাও তাহাবা সহা কবিয়াছিলেন ॥৪॥

(কিন্তু এখনে বাজ্য না দিলে) অস্ত্রে স্থানিকত অর্জ্বন, যুদ্ধে কৃতনিশ্চয ভীম, গাণ্ডীবধনু, অক্ষয় তৃণ, মায়াময় বথ ও ধ্বজ, বলবীর্ঘ্যশালী নকুল ও সহ-দেব এবং কৃষণ, ইহাদিগকে সহায পাইয়া যুধিষ্ঠিব কিছুতেই ক্ষমা কবিবেন না ॥৫——৬॥

মহাবাহু। পূর্বে বিবাটনগবে বৃদ্ধিমান্ অর্জুন (একাকী) যুদ্ধে আমাদেব সকলকেই যে জয় কবিযাছিলেন, তাহা তুমি প্রত্যক্ষ কবিযাছিলে॥१॥

অৰ্জুন যুদ্ধে পাশুপত অস্ত্ৰ নিক্ষেপ কবিষা 'নিবাতকবচ-'নামক ভীমকৰ্মা দানবগণকে দগ্ধ কবিয়াছিলেন ॥৮॥

তা'ব পব ঘোষযাত্রাব সমযে কর্ণপ্রভৃতি এই সকল বীব এবং তুমিও ব্রচ-ধাবী ও বথাবোহী ছিলে; সেই অবস্থাতেই তোমাদিগকে (গন্ধর্কেবা গ্রহণ কবিযাছিল, আবাব) পাণ্ডবেবা মুক্ত কবিযাছিলেন ॥১॥

অতএব ভবতশ্রেষ্ঠ। তুমি—ভাতা পাওবগণেব সহিত শান্তি স্থাপন কব এবং মৃত্যুব দম্ভশ্রেণীব ভিতবে প্রবিষ্ঠ এই সমগ্র পৃথিবীটাকে বন্ধা কব ॥১০॥ জ্যেষ্ঠো ভ্রাভা ধর্মনীলো বংসলঃ শ্লক্ষবাক্ কবিঃ। তং গচ্ছ পুরুষব্যাত্রং ব্যপনীয়েহ কিবিষম্ ॥১১॥ দৃষ্টশেচবং পাগুবেন ব্যপনীতশরাসনঃ। প্রশান্তভ্রুক্টিঃ শ্রীমান্ কৃতা শান্তিঃ কুলস্থা নঃ॥১২॥ তমভ্যেত্য সহামাত্যঃ পরিষজ্য নৃপাত্মজ্ঞম্। ভ্রতিবাদয় রাজানং যথাপূর্বমবিন্দম।॥১৩॥ ভ্রতিবাদয়মানং ছাং পাণিভ্যাং ভীমপূর্বজঃ। প্রতিগৃহ্লাতু সোহার্দাৎ কৃত্তীপুত্রো যুধিষ্ঠিরঃ॥১৪॥ সিংহসকোরুবাহুন্তাং বৃত্তায়তমহাভূজঃ। পরিষজ্যু বাহুভ্যাং ভীমঃ প্রহ্বতাং বরঃ॥১৫॥

ভাবতকোমুদী

প্রেতি। প্রশামা সর্কাথা শান্তো ভব। দংট্রান্তবং গতাম, যুদ্দে মৃত্যোববখন্তাবাং ॥>৽॥
স্পেষ্ঠ ইতি। প্রান্তবন বৃধিষ্ঠিবেণ। শ্রীমান্ অন্তগ্রমূর্ত্তি:। ক্রতা কবৈব ॥>২॥
তনিতি। অমাত্যৈ: কর্ণাদিভি: সহেতি সহামাত্য:, অল্লখা প্রত্তিক্তেজনাসম্ভবাং ॥>৩॥
অভীতি। বৃধিষ্টিবম্বভাবপবিচয়াদয়ং সিম্ববির্দেশ ইত্যবনেয়ম্ ॥>৪॥
সিংহেতি। সিংহস্থেব স্থামৌ যক্ত স চাসৌ উক মহান্তৌ বাহু যক্ত স চেতি সং, বুজে
গোলো আযতে দীর্ঘো মহা হুজো যক্ত সঃ। অন্ত বাহুকপবিদেশঃ ভূজক তদধোভাগ ইতি

যুধিছিব ভোমাব জ্যেষ্ঠভ্রাভা, ধার্ম্মিক, স্নেহপবাষণ, কোমলভাষী ও স্থবক্তা।
স্মৃতবাং ভূমি পক্তভা পবিত্যাগ কবিয়া এখনই সেই পুরুষঞ্জেতিব নিকট
যাও ৪১১॥

যুষিন্তিব যদি দেখিতে পান যে, তৃমি অস্ত্র ত্যাগ কবিয়াছ এবং তোমাব জ্রকুটী ও উপ্রযূর্ত্তি নাই, তবে তৃমিই মামাদের বংশেব শান্তি কবিলে ॥১২॥

অরিন্দম! তুমি পূর্বে যেমন কবিতে, তেমনই মন্ত্রিগণেব সহিত যাইযা সেই বাজপুত্র ও বাজা যুধিষ্টিবকে জালিঙ্গন কবিয়া সভিবাদন কব ॥১৩॥

তুমি অভিবাদনে প্রবৃত্ত হইলে, ভীমজ্যেষ্ঠ কুম্ভীনন্দন যুধিষ্ঠিব সৌহার্দ্দবশতঃ বাহ্যুগলদাবা তোমাকে ধাবণ ককন ॥১৪॥

সিংহেব স্থায় উন্নতত্ত্বন্ধ, প্রণস্তবাহু, গোল ওদীর্ঘভূদ এবং বীবভার্চ ভীমসেন বাহুযুগলদ্বারা তোমাকে আলিঙ্গন ককন ॥১৫॥

বিবক্ষা ন পৌনজ্জাম্। পবিষ্জতু সম্বয়দ্বাং ॥১৫॥

⁽১০) তমভ্যেত্য সহা**ষাত্যম্** · পি।

কন্থুগ্রীবো গুড়াকেশস্ততম্বাং পুক্ষরেকণঃ।
অভিবাদয়তাং পাগঃ কুন্তীপুত্রো ধনপ্রয়ঃ ॥১৬॥
আধিনেয়ে নরব্যাছো রূপেণাপ্রতিমো ভুবি।
তৌ চ ত্বাং গুরুবৎ প্রেম্ণা পূজ্য়া প্রভ্যুদীয়তাম্ ॥১৭॥
মুক্ষম্বানন্দজাশ্রুণি দাশার্হপ্রম্থা নূপাঃ।
সঙ্গছ ল্রাভৃভিঃ সার্দ্ধং মানং সন্তাজ্য পার্থিব ! ॥১৮॥
প্রশাধি পৃথিবীং কুৎসাং ততন্তং ল্রাভৃভিঃ সহ।
সমালিঙ্গ্য চ হর্ষেণ নূপা যাস্ত্র পবস্পবম্ ॥১৯॥
অলং যুদ্ধেন রাজেন্দ্র ! স্কুদাং শৃণু বাবণম্।
গ্রুবং বিনাশো যুদ্ধে হি ক্ষত্রিয়াণাং প্রদৃশ্যতে ॥২০॥
জ্যোতীংবি প্রতিকূলানি দারুণা মূপপ্র্যুণিঃ।
উৎপাতা বিবিধা বীর! দৃশ্যন্তে ক্রনাশনাঃ ॥২১॥

ভাবতকোসুদী

কষ্থীৰ ইতি। গুডাকা নিস্ৰা ডক্তা ইণো নিয়তা জিতনিত্ৰ ইত্যৰ্থা, পুদৰেশণা পদ্দন্যনা। অভিবাদযতাম্, অৱং কনিষ্ঠতাদিতি ভাবং ॥১৬ঃ

আবীতি। আখিনেধৌ অখিনীকুমাবছমপুত্রৌ নকুলসহদেবৌ। ওরমির ওর বং, ৫০ লা ভক্তা, প্রত্যুদীযতাং প্রত্যুদ্গচ্ছতাম্ ॥১ १॥

মৃঞ্জিতি। দাশার্হপ্রম্পা: ক্রফপ্রত্য:। সবচ্ছ নিলিতো তব ।১৮। প্রেতি। হর্বেণ আনন্দেন, যুদ্দির্ত্তা মৃত্যুনির্তিভানাদিতি তাব: ১৯: অলমিতি। স্বদান্দাকম্, বাবণং নিষেধম্। হি মনাং ১৯:

তাহাব পৰ কমুগ্রীব, নিজাজ্যী ও পদ্মন্যন কুণ্টানন্দন অৰ্জুন তোনাকে অভিবাদন কফন ॥১৬॥

তংপবে নবশ্রেষ্ঠ এবং জগতে অতুলনীযরপশালী সেই নতুর ও সংচেত্র গুৰুব স্থায় ভক্তিসহকাবে ও সসম্মানে তোমাব প্রত্যুদ্গনন বরন।: '

আৰ কৃষ্ণপ্ৰভৃতি রাজাৰা সকলে আনলাই মোচন কৰে। বাছে । তুলি অভিমান পৰিত্যাগ কৰিয়া ভাতাদেৰ সঙ্গে নিধিত হও '১০'

ত্মি ভাতাদের সহিত মিলিত হইয়। সমগ্র গুনিরী বাসন কলিছে বাক বেই স্মাগত রাজাবা আন্দের প্রস্পাব আলিজন বরিষ। এতান কলে ১১১

বাজন্তেষ্ঠ ! ভূমি বন্ধুগণের নিষেধ শোন, মুন্দ এনেশান নাটা । মুদ্দ হইলে নিশ্চয়ই ফান্তিমগণের জনস লেখা নাটার ।

⁽३०) स्मार लाक्कान्य नि।

বিশেষত ইহাস্মাকং নিমিন্তানি বিনাশনে।
উল্পাভিহি প্রদীপ্তাভির্বাধ্যতে পৃতনা তব ॥২২॥
বাহনান্যপ্রহুটানি রুদন্তীর বিশাংপতে!।
গৃপ্তান্তে পযু পোসন্তে সৈন্যানি চ সমন্ততঃ ॥২৩॥
নগরং ন যথা পূর্বং তথা রাজনিবেশনম্।
শিবাশ্চাশিবনির্ঘোষা দীপ্তাং সেবন্তি বৈ দিশম্॥২৪॥
কুরু বাক্যং পিতুর্মাতুরস্মাকঞ্চ হিতৈষিণাম্।
ভ্যায়তো মহাবাহো! শমো ব্যায়াম এব চ ॥২৫॥

ভারতকোসুদী

জ্যোতীংবীতি। জ্যোতীংবি গ্রহনক্তাণি, দাকণা দাকণববকাবিণঃ ॥২১॥
নম্বেভিত্ব নিমিটেরকভয়পক্ষতৈব বিনাশস্চনেতাহ বিশেষত ইতি। নিমিতানি লক্ষণানি
বর্ত্তমে। প্রদীপ্তাভিকজ্জনাভিঃ, বাধ্যতে পীভ্যতে, পুতনা সেনা ॥২২॥

বাহনানীতি। বাহনানি হন্তাখানীনি। গৃঙাং পশিবিশেষাং, উপাসম্ভে আশ্রামন্তি। নগবং বাজে নিবেশনং ভবনঞ্চ, পূর্বং যথা, তথা ন শোভত ইতি শেষং।
শিবাং শৃগালাং, অশিবনির্ঘোষ। অমঙ্গলস্চকশ্বাং, দীপ্তাং দাহেনোজ্জনাম্ ॥২৪॥

कूर्विछि। आंब्रहः अशीनः, नमः नीखिः, वावित्मा गुक्रम् ॥२९॥

ভাবতভাবদীপঃ

কুন্তা ইতি ॥১-৮॥ প্রশাস্য প্রশাসং কুক ॥২-১১॥ আখিনেথে অখিনোঃ পুরৌ নকুনসহদেবৌ ॥১৭-১৯। বাবণং প্রতিবেবস্ ॥২০-২০। দীপ্তাং দিশমিতি দিলাহাণ্য

বীর! গ্রহ-নক্ষত্র সকল প্রতিকৃল হইযাছে, পশু-পক্ষীবা ভযঙ্কব বব কবিতেছে এবং ক্ষত্রিযনাশক নানাবিধ উৎপাত দেখা যাইতেছে ॥২১॥

এখন বিশেষতঃ আমাদেব বিনাশেব পক্ষেই ছুর্লকণ সকল দেখা যাইতেছে। উজ্জ্বল উকা সকল তোমাব সৈত্যেব পীড়া জন্মাইতেছে ॥২২॥

নবনাথ! তোমাব বাহনগুলি বিষয় হইয়া যেন বোদন কবিতেছে এবং গৃঙ্গ সকল তোমাব সৈত্যেব সমস্ত দিকে উড়িয়া বেড়াইতেছে ॥২৩॥ -

হস্তিনানগৰ ও বাজভবন পূর্বে যেমন শোভা পাইত, এখন আব তেমন শোভা পাইতেছে না, দিগ্দাহ হইতেছে এবং অমঙ্গলসূচক-বৰকাৰী শৃগালগণ সেই উজ্জ্ব দিক্ অবলম্বন কৰিতেছে ॥২৪॥

অতএব মহাবাহু। তুমি—পিতা, মাতা ও আমাদেব হিতৈষিবর্গেব বাব্য রক্ষা কব। কাবণ, শান্তিহাপন ও যুদ্ধ উভযই তোমাব অবীন ॥২৫॥

⁽२२) - निमिश्रानि निर्वयता - थि।

ন চেৎ করিয়সি বচঃ স্থহ্নদামরিকর্ষণ !।
তপ্স্যসে বাহিনীং দৃষ্ট্রা পার্থবাণপ্রপীড়িতাম্ ॥২৬॥
ভীমস্ম চ মহানাদং নদতঃ শুদ্মিণো রণে।
শ্রুত্বা স্মর্ত্তাসি মে বাক্যং গাণ্ডীবস্ম চ নিম্বনম্।
যত্যেতদপসব্যং তে বচো মম ভবিয়তি ॥২৭॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগণ

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্বাণি ভগবদ্যানে ভীষ্মদ্রোণবাক্যে উনত্রিংশদধিকশততমোহধ্যায়ঃ ॥ ।॥ #

ত্রিংশদধিকশততমোহধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ। এবমুক্তস্ত বিমনান্তির্য্যগৃদৃষ্টিরধোমুখঃ। সংহত্য চ ভ্রুবোর্মধ্যং ন কিঞ্চিদ্যাজহার হ॥১॥

ভাবতকোমুদী

নেতি। বাহিনীং স্বকীয়দেনাম্, পার্থস্থ অর্জ্জ্নস্থ বাণেন প্রপীডিভাম্ ।২৬॥
ভীমস্তেতি। শুদ্মিণন্ডেজস্বিন:। স্বর্তাসি স্ববিশ্বসি। বদি মম এতদ্বচ:, তে অপসব্যং
বিপবীতং বিপবীতত্বেনাবগতং ভবিশ্বতি, তদা ভীমস্থেত্যাদি যোজ্যম্। ষট্পাদোহয়ং
লোক: ॥২৭॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্যবিবচিতায়াং সহাভারতটীকায়াং ভারতকৌম্দীসমাখ্যায়াম্দ্যোগপর্কণি ভগবদ্যানে উনত্রিংশদ্ধিকশততমোহধ্যায়ঃ ঃ৽॥
ভারতভাবদীপঃ

উৎপাত উক্ত: ॥২৪—২৬॥ শুদ্মিণ: বলিন: অগসব্যং বিপৰীতং বদি। নিৰ্বাতসদৃশমিতি পাঠে নিৰ্বাতসদৃশং বছ্ৰপাততুল্যম্ ॥২৭॥

ইতি উদ্যোগপর্কণি নৈলক্ষ্পীয়ে ভাবতভাবদীপে উনত্তিংশদধিকশততমোহধ্যায়ঃ ॥১২৯॥

শক্রদমন ৷ তুমি যদি বন্ধুবর্গেব কথা বন্ধা না কব, ভবে নিজের সৈশ্রগণকে অর্জুনের বাণে নিপীড়িভ দেখিয়া পবে সম্ভগু হইবে ॥২৬॥

আমার এই কথাগুলি যদি তোমাব বিপবীত বলিয়া মনে হয়, তবে যুদ্ধে তেজস্বী ভীমসেনের মহাগর্জন ও অর্জুনের গাণ্ডীবেব ধানি শুনিয়া আমার এই কথাগুলি স্মবণ কবিবে' ॥২৭॥

 ^{&#}x27;- অইত্রিংশদ্ধিকশতভ্যোইধ্যয়ঃ' বা ব বা নি ।

তং বৈ বিমনসং দৃষ্ট্রা সংপ্রেক্ষ্যান্তোন্সমন্তিকাৎ । পুনরেবোত্তরং বাক্যমুক্তবন্তো নরর্ষতো ॥২॥ ভীষ্ম উবাচ।

শুজারুমনসূরঞ্ধ ব্রহ্মণ্যং সত্যবাদিনম্। প্রতিযোৎস্থামছে পার্থমতো ত্বঃথতরং মু কিম্॥৩॥ দ্রোণ উবাচ।

জারখান্নি যথা পুত্রে ভূয়ো মম ধনপ্তরে। বহুমানঃ পরো রাজন্। সন্নতিশ্চ কপিথকে ॥৪॥ ভারতকোমূদী

এবমিতি। সংহত্য সন্ধৃচ্য। ব্যাজহাব উবাচ দুর্ঘ্যোধন ইত্যর্থাৎ ॥১॥
তমিতি। নবর্গভৌ প্রস্তাত ভীষদ্রোণৌ, তং দুর্ঘ্যোধনম্, বিমনসং বোপদেশাদ্বিপরীতচিত্তবৃত্তিং দৃষ্ট্রা, অন্তিকাদজোক্তং সংপ্রেক্ষ্য, পুনবেব উত্তবং পববক্তবাং বাক্যম্করস্তৌ।
আক্সনোর্ফ্বিম্থাস্চনেন দুর্ঘ্যোধনস্থ মুদ্ধপ্রবৃত্তিনিবর্ত্তনামেতি ভাবঃ ॥২॥

শুক্রব্যতি। শুক্রব্য আজন এব শুক্রবাকারিণম্, অনস্থম্ আজান্ প্রত্যস্যাশ্রুম্, ব্রহ্মণ্যং বেদসাধ্ মহাধাশিক্ষিত্যর্থঃ, সত্যবাদিনঞ্, পার্থমর্জ্জনম্, প্রতিযোৎস্থামহে, অভঃ কিং মু চুঃধতব্যতি। পার্থবৈঃ সহ যোজুং নেচ্ছামীতি ভাবঃ । পা

অখেতি। হে বাদন্। দুর্ব্যোধন ! পুত্রে অখখারি যথা মম পবঃ অধিকো বছমান আদরঃ, ততোহণি ভূয়োহধিকং যথা স্থাতথা ধনম্বয়ে পবো বছমানো বর্ততে। মাং প্রতি অখথায়ো যথা সম্বতিরবনতিঃ, ততঃ পরা সম্নতিঃ কণিধ্বজে অজুর্নস্রান্তি 181

বৈশস্পায়ন কহিলেন—ভীম ও জ্রোণ এইকপ বলিলে, ছর্ব্যোধন বিমনা, ভির্যাগ্দৃষ্টি ও অধোম্থ হইয়া এবং ভ্রায়্গলের মধ্যদেশটাকে সঙ্ক্চিভ কবিয়া কোন কথাই বলিলেন না ॥১॥

তখন নবশ্রেষ্ঠ ভীম্ম ও জ্রোণ ছর্য্যোধনকে বিমনা দেখিয়া প্রস্পাবের প্রতি দৃষ্টিপাভ কবিষা ছর্য্যোধনের নিকটেই পুনবায় প্রবক্তব্য বাক্য বলিতে লাগিলেন ॥২॥

ভীদ্ম বলিলেন--'অর্জুন আমাব পবিচর্য্যাই কবে, কিন্তু আমাব প্রতি কখনও অস্থা কবে না, বিশেষতঃ সে মহাধার্দ্মিক ও সভ্যবাদী; এই অবস্থাতেও আমি যদি ভাহাব সহিত যুদ্ধ কবি, তবে ইহা অপেক্ষা অধিক ছঃখেব কাবণ কি হইতে পাবে ?' ॥ ॥

জোণ বলিলেন—'বাজা! পুত্র অশ্বত্থামান উপবে আমান যতটুকু স্নেহ আছে, তদপেক্ষা আমার অধিক স্নেহ অর্জুনেব উপরে বহিয়াছে; আবার অশ্বত্থামা আমার নিবট যতটুকু অবনত থাকে, তদপেকা অধিক অবনত থাকে অর্জুন ॥৪॥ তক্ষেৎ পূর্ত্তাৎ প্রিয়তমং প্রতিষোৎস্তে ধনঞ্জয়য় ।
কার্তং ধর্মমনুষ্ঠায় ধিগস্ত ক্ষত্রজীবিকাম্ ॥৫॥
যক্ত লোকে সমো নাস্তি কন্চিদক্তো ধনুর্দ্ধরঃ ।
মৎপ্রসাদাৎ স বীভৎস্থঃ জ্রেয়ানলৈর্য মুর্দ্ধরৈঃ ॥৬॥
মিত্রগ্রুফভাবন্দ নাস্তিকোহথানৃজ্যু শঠঃ ।
ন সৎস্থ লভতে পূজাং যজ্ঞে মূর্য ইবাগতঃ ॥৭॥
বার্যমাণোহিশি পাপেভ্যঃ পাপাত্মা পাপমিচ্ছতি ।
চোল্তমানোহিশি পাপেন শুভাত্মা শুভমিচ্ছতি ॥৮॥
মিথ্যোপচরিতা ভেতে বর্তমানা হুনুপ্রিয়ে ।
অহিতত্বায় কল্পন্তে দোষা ভরতসত্তম ! ॥৯॥

ভাবতকোমূদী

ভমিভি। অহঠায বিধাষ। স্বত্তমীবিকাং স্বতিয়বৃত্ত্যবলম্বনেন জীবনধাবণম্। অহ-মশি পাগুবৈঃ সহ যোজুং নেচ্ছামীত্যাশয়ঃ ॥৫॥

যভেতি। অতৈথ হুর্ন্ধবৈ: অন্তেভ্যো ধহর্দ্ধবেভ্য:। অতএবাদৌ মে মিত্রমিতি ভাবা ॥৬॥ বিত্রেতি। ছুইভাবা ধলা। অনুস্কৃ কুটিলা। মিত্রফোহী ভবিতৃৎ নেজামীত্যাশমঃ॥१॥ বার্যোতি। পাপমিছতি, যথা তৃষ্ । শুভমিছতি, যথা যুখিষ্টিব ইত্যভিপ্রায়ং॥৮॥

মিথ্যেতি। হে ভবতসত্তম ! এতে পাঙ্বাং, মিথ্যোপচবিতা হি ছয়া প্রতাবিতা এব তথাপি তে তব অন্প্রপ্রেহে হি বর্ত্তমানাঃ। অথ চ দোমান্তেম্বের তব বিদ্বোদয়ঃ তবৈব অহিতমায় কল্পন্তে প্রভবিশ্বন্তি। অত ইদানীমপি তান্ দোষান্ পবিহবেতি ভাবঃ ॥>॥

স্তবাং ক্ষত্রিয়ধর্শেব অনুষ্ঠান কবিয়া পুত্রাপেকাও প্রিয়তম অর্জুনেব সহিতই যদি আমার যুদ্ধ কবিতে হয়, তবে আমি ক্ষত্রিয়বৃত্তি অবলম্বনপূর্বেক জীবিকানির্বাহকে ধিকাব দিব ॥৫॥

জগতে যাহাব তুল্য কোন ধনুর্দ্ধব নাই, সেই অজুনি যে অগু ধনুর্দ্ধব ইইতে শ্রেষ্ঠ হইয়াছে, সে কেবল আমাব অনুগ্রহেই হইযাছে ১৬॥

মিত্রজোহী, খল, নান্তিক, কুটিল ও শঠ লোক, যজ্ঞে সমাগত মূর্থেব স্থায় সজ্জনমধ্যে সম্মান লাভ কবে না ॥৭॥

পাপ হইতে নিবারণ কবিলেও পাপিষ্ঠ লোক পাপ করিবাবই ইচ্ছা কবে; আবাব পাপে প্রবোচনা দিলেও ধার্মিক লোক ধর্ম কবিবাবই ইচ্ছা করেন ॥৮॥

ভবতশ্রেষ্ঠ। তুমি পাওবগণকে বঞ্চিতই কবিয়াছ; তথাপি তাঁহারা তোমার প্রিয়কার্য্যেই প্রবৃত্ত হইয়াছেন।। সে যাহা হউক, তোমাব দোবওলি তোমার অহিতই কবিবে ॥১॥ ষমুক্তঃ কুরুর্দ্ধেন ময়া চ বিত্নরেণ চ।
বাহ্নদেবেন চ তথা শ্রেমা নৈবাভিমন্তদে ॥১০॥
অস্তি মে বলমিত্যেব সাহসাত্তং তিতীর্ষদি।
সগ্রাহনক্রমকরং গঙ্গাবেগমিবোক্ষগে ॥১১॥
বাস এব যথা ত্যক্তং প্রার্থানোহভিমন্তদে।
স্ক্রজং ত্যক্তামিব প্রাপ্য লোভাদ্যোধিষ্ঠিরীং প্রিয়ম্ ॥১২॥
ক্রোপদীসহিতং পার্থং সাযুধৈত্র ভিভর্ব তম্।
বনস্থমপি রাজ্যন্তঃ পাত্তবং কো বিজেয়তি ॥১০॥

ভাবতকোমুদী

দ্মিতি। ক্ষবুদ্ধেন ভীমেণ। শ্রেষ্য, স্মাক্য বচনমিতি শেষা ॥১০॥
স্বান্তীতি। তিতীর্বনি পাগুবসৈক্তম্। উষ্ণং গছতি অতিক্রামতীতি উষ্ণগো বর্বপ্র্র ॥১১॥
বাস ইতি। প্রাব্ধানা পবিদ্ধানো জনা, পবেণ ত্যক্তং বাসো ঘধা প্রাণ্য স্বদীয়মভিমক্ততে, ইব যথা বা পবেণ ত্যক্তাং শ্রদ্ধং প্রাণ্য আগ্রীয়ামভিমক্ততে, তথা স্বমণি ঘৌধিন্তিরীং
মুধিন্তিবত্যক্তাং শ্রিষ্য প্রাণ্য, লোভাত্তাং স্বকীয়ামভিমক্তনে ॥১২॥

দ্রোপদীতি। তপস্থিন্তা ক্রোপদ্যা ক্রতায়াং পাগুবঙ্গধাণায়া অব্যর্থ্যাদিত্যাশয়ং ॥১৩॥
ভাবতভাবদীপঃ

এবমিতি ॥>—া পৃক্ষাং ন লভতে হে ছ্র্যোধন। দ্বং ॥৭—৮। এতে পাগুবাৰ্যা মিঝ্যোপচবিতা অপি অন্থ পশ্চাং প্রিয়ে বর্ত্ত্বদানা হি প্রসিদ্ধং তব তু লোষাঃ দ্বেষাদয়ঃ অহিতত্বায় বৈবভাবায় কল্পন্তে ॥>—>। উষ্ণগে উষ্ণাতিগমে বর্ষাকালে ॥>১॥ বাস এবেতি পাঠে বাস-

ভীম, আমি, বিহুব ও কৃষ্ণ আমবা তোমার মঙ্গলেব কথাই বলিলাম, কিন্তু ভূমি ভাহা মঙ্গল বলিয়া মনে কবিভেছ না ॥১০॥

নির্বোধ লোক যেমন বর্ধাকালে বাহুযুগলদ্বারা কুম্ভীব, মকব ও অক্সন্ধন্ধপূর্ণ গঙ্গার বেগ উত্তীর্ণ হইবাব ইচ্ছা কবে, তুমিও সেইরূপ 'আমার শক্তি আছে'
এই সাহসেব বলেই পাণ্ডবসৈত উত্তীর্ণ হইবাব ইচ্ছা কবিতেছ ! ॥১১॥

মুর্থ লোক যেমন পবেব পবিত্যক্ত বস্ত্র বা মালা পাইয়া আপনাব বলিয়া মনে কবে, তুমিও সেইবাপ যুধিষ্ঠিবেব বাজ্য পাইয়া লোভবশতঃ আপনাব বলিয়া মনে করিতেছ ॥১২॥

যুধিষ্ঠিব দ্রৌপদীর সঙ্গে মিলিত এবং অস্ত্রধাবী ভাতৃগণে পবিবেষ্টিত হইয়া বনে থাকিলেও, কোন্ ব্যক্তি বাজ্যে থাকিয়াও তাঁহাকে জয় কবিতে পারে ? ॥১০॥

⁽১১) • সহসা অমৃ • বা ব বা নি। (১২) বাদদৈব যথা হি অমৃ • বা ব রা নি। (১৩) বনস্থমিব বাজ্যস্থম্ • পি।

নিদেশে যক্ত রাজানঃ সর্বে তিন্ঠন্তি কিন্ধরাঃ।
তবৈলবিলমাসাত ধর্মরাজা ব্যরাজত ॥১৪॥
কুবেরসদনং প্রাপ্য ততো রম্বাভ্যবাপ্য চ।
ক্ষীতমাক্রম্য তে রাষ্ট্রং রাজ্যমিচ্ছন্তি পাণ্ডবাঃ ॥১৫॥
দত্তং হুতমধীতঞ্চ ব্রাক্ষণান্তর্পিতা ধনৈঃ।
আবয়োর্গতমাযুশ্চ কুতকুত্যো চ বিদ্ধি নো ॥১৬॥
দত্ত হিদ্বা স্থং রাজ্যং মিক্রাণি চ ধনানি চ।
বিগ্রহং পাণ্ডবৈঃ কৃত্বা মহদ্যসনমাশ্যাদি ॥১৭॥
দ্রোপদী যক্ত চাশান্তে বিজয়ং সত্যবাদিনী।
তপোঘোরব্রতা দেবী কথং জেয়দি পাণ্ডবম্ ॥১৮॥

ভাবতকোমুদী

নিদেশ ইতি। বাজানো ষকা:। ঐশবিশং কুবেবম্। ব্যবাদ্ধত গদ্ধমাদনগিবৌ ॥১৪॥ কুবেবেতি। স্থীতং বিস্তৃতং তে বাষ্ট্ৰমাক্ৰম্য স্থং বাজাং বিস্তাবয়িত্মিছস্তীত্যৰ্থ: ॥১৫॥ দত্তমিতি। আব্যোতীশ্বদোশয়ো:। কৃতকৃত্যৌ, ততো জ্যেন বশোলিক্ষা নান্তীতি ভাব: ॥১৬॥

ত্বনিতি। তার পাওবৈ: সহ বিগ্রহং কৃতা ত্থাদিকং হিতা মহদাসনমাপ্যাসীতি সম্বন্ধঃ ॥১৭॥

ভাবতভাবদীপঃ

গৃহে পাঠান্তবে ত্যক্তং বাদো বন্ধং প্ৰকীষং স্বীযমিতি মন্ত্ৰদে ইতি ঘোষ্যম্ ॥১২—১৩॥ ঐলবিলং কুবেবম্, আদাভ বণে প্ৰাণ্য ॥১৪—২২॥

ইতি উদ্যোগপর্বণি নৈলক্ষ্ঠীয়ে ভাৰতভাবদীপে ত্রিংশদধিকশততমোহধ্যায়ঃ ॥১৩০॥

যক্ষেবা সকলে ভূত্য হইয়া যাঁহাব আদেশেৰ অধীন থাকে, সেই কুবেবেৰ নিকটে যাইয়াও যুধিষ্ঠিব (বীবেৰ স্থায়) বিবাদ কবিয়াছিলেন ॥১৪॥

ভাহার পব পাণ্ডবেবা কুবেবভবনে যাইয়া তাঁহাব নিবট হইতে ধন লাভ কবিয়া এখন ভোমাব বিস্তৃত রাজ্য আক্রমণপূর্বক আপনাদেব বাজ্যবিস্তাব কবিবাব ইচ্ছা কবিতেছেন ॥১৫॥

আমবা (ভীশ্ব ও জোন) দান কবিয়াছি, হোম কবিয়াছি, অধ্যয়ন ক্বিযাছি এবং ধনদ্বাবা ব্ৰাহ্মণদিগকে সম্ভষ্টই কবিয়াছি; আৰ আমাদেব আয়ুও কমিয়া গিয়াছে। স্মৃতবাং তুমি এখন আমাদিগকে কৃতকাৰ্য্য বলিয়াই মনে কবিতে পাব ॥১৬॥

আব ভুমি পাণ্ডবগণেৰ সহিত যুদ্ধ কবিষা সুখ, বাজ্য, মিত্ৰ ও ধন হাবাইযা গুৰুতৰ বিপদাপন্ন হইতে বসিয়াছ ॥১৭॥ মন্ত্রী জনার্দনো যস্ত ভ্রাতা যস্ত ধনঞ্জয়ঃ।
সর্বশন্ত্রভূতাং শ্রেষ্ঠঃ কথং জেয়দি পাণ্ডবম্ ॥১৯॥
সহায়া ব্রাহ্মণা যস্ত প্রতিমন্ত্রো জিতেন্দ্রিয়াঃ।
তম্প্রতপদং বীরং কথং জেয়দি পাণ্ডবম্ ॥২০॥
প্নক্রক্তঞ্চ বক্ষ্যামি যৎ কার্য্যং ভূতিমিচ্ছতা।
হছদা মজ্জমানেয় হছৎহু ব্যসনার্ণবে ॥২১॥
তলং মুদ্ধেন তৈবীবিঃ শাম্য হুং কুরুর্দ্ধয়ে।
মা গমঃ সহতামাত্যঃ সমিত্রশ্চ যমক্ষয়ম্ ॥২২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্রাং সংহিতাযাং বৈয়াদিক্যামুদ্যোগপর্বনি
ভগবদ্যানে ভীম্মজোণবাক্যে ত্রিংশদধিকশততমোহধ্যায়ঃ ॥০॥ #

ভাবতকোমুদী

ক্রোপদীতি। আশান্তে আকাক্ষতি। তপোযোবত্রতন্ত্রেম স্ভাসকল্পমিত্যাশয়: ॥১৮॥
মন্ত্রীতি। সর্পশন্ত্রভাং শ্রেটো ধনম্বর ইতি সম্বন্ধ:। পাশুবং মৃথিটিবম্ ॥১৯॥
সহারা ইতি। মৃতিমন্তো বোগিন:। তেবামাশিবাপ্যক্রেয়া মুধিটিব ইত্যাশয়: ॥২০॥
পুনবিতি। কার্য্যং বক্তব্যম্, ভৃতিং তেবাং স্বন্ধামেব সম্পদ্ম্ ॥২১॥
কিং বক্তাসীত্যাহ অলমিতি। শাম্য শান্তো তব। যমক্ষরং ম্মাল্যম্ ॥২২॥
ইতি মহামহোপাধ্যায়-প্রাহ্বিদাসনিকান্তবাগীশভটাচার্য্যবিব্চিতাবাং মহাভাবতটীকারাং
ভাবতকৌমুদীসমাখ্যায়াম্দ্বোগপর্কবি ভগবদ্যানে ত্রিংশদ্ধিকশতত্যমাহধ্যায়: ॥০॥

সত্যবাদিনী এবং ভয়ন্ধব-তপোত্রতশালিনী জৌপদীদেবী যাঁহাব জয় কামন। কবেন, তুমি কি করিয়া সেই যুধিষ্ঠিরকে জয় কবিবে ॥১৮॥

স্বয়ং কৃষ্ণ যাঁহাব মন্ত্ৰী এবং সকলশন্ত্ৰবাবিশ্ৰেষ্ঠ অৰ্জুন যাঁহাব ভাতা, সেই যুধিষ্ঠিবকে তুমি কি প্ৰকাবে জয় কৰিবে ॥১৯॥

আব, যোগী ও জিতেন্দ্রিয় ব্রাহ্মণেবা বাঁহাব সহায় এবং যিনি নিজে ভয়ন্কর তপস্তা কবেন অথ চ বীব, সেই যুধিষ্ঠিবকে তুমি কি কবিয়া জয় কবিবে ॥২০॥

বন্ধু বিপৎসাগবে মগ্ন হইতে লাগিলে, ভাহাব উন্নতিকামী বন্ধুব যাহা বক্তব্য, ভাহা আমি তোমাকে পুনরায় বলিব—॥২১॥

মহাবীৰ পাণ্ডৰগণেৰ সহিত যুদ্ধে প্ৰযোজন নাই, কৌৰবগণেৰ উন্নতিৰ জন্ম তুমি শাস্ত হও এবং পুত্ৰ, মন্ত্ৰী ও মিত্ৰগণেৰ সহিত যমালযে যাইও না' ॥২২॥

⁽২২) সম্বতামাত্য: সগণক পৰাভবম্—পি, সম্বতামাত্য: স্বলক্ষ্ণ পৰাভব্ম্--বা ব বা।

* '…একোন্চ্বাবিংশদ্ধিকশ্ভতমোহধাায়' বা ব বা নি।

একত্রিংশদধিকশততমোহধ্যায়ঃ। *

262

জনমেজয় উবাচ। গৃ
রাজপুত্রৈঃ পরিরতন্তথা ভূতৈ্যান্চ সভম ! ।
উপারোপ্য রথে কর্ণং নির্যাতো মধুসূদনঃ ॥১॥
কিমত্রবীদ্রথোপন্থে রাধেয়ং পরবীরহা।
কানি সান্থানি গোবিন্দঃ সূতপুত্রে প্রযুক্তবান্ ॥২॥
উভ্যমেঘন্থনঃ কালে যৎ কৃষ্ণঃ কর্ণমত্রবীৎ।
মুত্র বা যদি বা তীক্ষং তন্মমাচক্ষ্য সর্বশঃ ॥৩॥
বৈশম্পায়ন উবাচ। য়
আনুপূর্ব্যেণ বাক্যানি ভাক্ষানি চ মুদুনি চ।
প্রিয়াণি ধর্মার্ক্রানি সত্যানি চ হিতানি চ ॥৪॥

ভারতকোমুদী

বাজেতি। নির্বাতো মধুস্দন ইতি ভবান্ প্রাপ্তক্রবানিতার্থ: ॥১॥ কিমিতি। বথস্থ উপস্থে উপবি, বাধেয়ং কর্ণম্। সান্ধানি মধ্ববচনানি ॥২॥ উন্নদিতি। উন্নত উদয়মানস্থ মেঘস্থেব স্বনো গন্তীব্ধনির্বস্থ সঃ॥৩॥

জনমেজয় বলিলেন—'সাধুশ্রেষ্ঠ ! (আপনি পূর্বে বলিয়াছেন যে,) কৃষ্ণ রাজপুত্রগণ ও ভৃত্যগণে পবিবেষ্টিত হইয়া কর্ণকৈ বথে আবোহণ কবাইয়া হস্তিনানগৰ হইতে নির্গত হইলেন ॥১॥

(তাহাতে আমি জিজ্ঞাসা কবি—) বিপক্ষবীবহস্তা কৃষ্ণ রথেব উপবে থাকিয়া কর্ণকৈ কি বলিয়াছিলেন এবং কর্ণেব প্রতি কিন্দপ সাম্ববাক্য প্রয়োগ ক্বিয়াছিলেন ? ॥২॥

এবং সেই সময়ে নবীনমেঘেব স্থায় গম্ভীরধ্বনি কৃষ্ণ কর্ণকৈ যে কোমল বা তীক্ষ বাক্য বলিয়াছিলেন, সে সর্কল আপনি আমার নিকট বলুন' ॥৩॥

रियम्भाग्नन विनालन- छ्वजनमन! অফ্রেয়ায়া রুফ যে সকল তীক্ষ,

- (১) छथा ভৃতিজ্ঞ : गुङ्ग्य । ... भि वा व वा। (२) किमबवीस्यमाचा भि वा व ना।
- (७) अवस्यवयनः । नि, । उत्त्रमाठकः मञ्जय !-- नि वा व वा । 🛊 मङ्गव छेवाठ-- नि वा व वा ।
- (8) আহুপূর্ব্বোণ বন্যাযি···গি।

হৃদয়গ্রহণীয়ানি রাধেয়ং মধুসূদনঃ। যাম্মত্রবীদমেয়াত্মা তানি মে শৃণু ভারত। ॥৫॥ (যুগ্মকম্) বাহ্মদেব উবাচ।

উপাদিতান্তে রাধেয়! ব্রাহ্মণা বেদপারগাঃ।
তত্ত্বার্থং পরিপুন্টাশ্চ নিয়তেনানসূয়য়া ॥৬॥
ছমেব কর্ণ! জ্ঞানাসি বেদবাদান্ সনাতনান্।
ছমেব ধর্মশাস্ত্রেয়ু সূক্ষেয়ু পবিনিষ্ঠিতঃ॥৭॥
কানীনশ্চ সহোঢ়শ্চ কন্সায়াং যশ্চ জাযতে।
বোঢ়ারং পিতরং তস্ম প্রান্থং শাস্ত্রবিদো জনাঃ॥৮॥
সোহসি কর্ণ! তথা জাতঃ পাণ্ডোঃ পুত্রোহসি ধর্মতঃ।
নিশ্চয়াদ্ধর্মশাস্ত্রাণামেহি রাজা ভবিয়সি॥৯॥

ভাবতকোসুদী

আন্তি। আন্তপ্রেণ পূর্ববিধিনা। ক্রদ্যগ্রহণীয়ানি মনোবমাণি ॥৪—৫॥
উপেতি। তে তথা। তথার্থং তব্জানলাভার্থন্। পবিপ্রা দানেন ॥৬॥
ত্বমিতি। তং জানাস্তেবেতি সম্বন্ধঃ। পবিনিষ্ঠিতে। বিদিতবিধ্যঃ ॥৭॥
কানীন ইতি। পবিণয়াং পূর্বং কল্লয়া গর্ভে গ্রন্থ প্রত্তক পূত্রং কানীনঃ, সগর্ভায়াঃ
কল্লায়াঃ পবিণয়াং পবং তথা প্রস্তুত সহোতঃ। বোতাবং পবিণেতাবম্। মহ্বপের্যম্ ॥৮॥
স ইতি। তথা জাতঃ ক্স্তাা পবিণয়াং পূর্বমেব প্রস্তঃ ॥১॥

ভারতভাবদীপঃ

বাজপুত্রৈরিতি ॥১—१॥ কানীনো দিবিব:—সহোচ: বিবাহাদ্র্র: ছাত: বিবাহাৎ প্রাগ্জাতক তন্মাতুর্কোচাবং তক্স পিতবং প্রান্থ: ॥৮—২२॥ ইতি উদ্যোগপর্কণি নৈলক্ষ্মীয়ে ভাবতভাবদীপে একত্রিংশদিবকশতভমোহগ্যায়: ॥১৩১॥

কোমল, প্রীতিকব, ধর্শ্বযুক্ত, সত্য, হিতজনক ও মনোহব বাক্য কর্ণকে বলিযা-ছিলেন, তাহা আপনি আমাব নিকট আত্নপূর্বীক শ্রবণ ককন ॥৪—৫॥

কৃষ্ণ (কর্ণকে বথেব উপবে তুলিষা লইযা) বলিলেন—'কর্ণ। আপনি তত্ত্ত্তানলাভের জন্ম বেদপাবদর্শী ব্রাহ্মণগণেব উপাসনা ক্বিয়াছেন, আব সংযত থাকিযা এবং অস্থা না ক্বিয়া ভাঁহাদেব ভবণ-পোষণও ক্বিয়াছেন ॥৬॥

অতএব কর্ব! আপনি অবশ্যই সনাতন বেদবাক্য সকল অবগত হইয়াছেন এবং স্কল্প ধর্মশাস্ত্রসমূহেবও মর্ম জানিয়াছেন ॥৭॥

'কানীন' ও 'সহোঢ়-'নামে ক্যাব গর্ভে যে ত্ইপ্রকাব পুত্র জন্মিয়। থাকে, শাস্ত্রজ্ঞ লোকেবা সেই ক্যাব পবিণেতাকেই তাহাদেব পিত। বলিয়া থাকেন ॥৮॥ পিতৃপক্ষে চ তে পার্থা মাতৃপক্ষে চ র্ফয়ঃ।
বৌ পক্ষাবভিজানীহি স্বমেতো পুরুষর্যভ ! ॥১০॥
ময়া সার্দ্ধমিতো যাতমগ্র স্থাং তাত ! পাগুবাঃ।
অভিজানস্ত কোন্ডেয়ং পূর্বজাতং যুর্ধিষ্ঠিরাৎ ॥১১॥
পাদো তব গ্রহীয়ন্তি ভাতরঃ পঞ্চ পাগুবাঃ।
দ্রোপদেয়াস্তথা পঞ্চ সোভদ্রন্দাপরাজিতঃ ॥১২॥
রাজানো রাজপুত্রান্দ্র পাগুবার্থে সমাগতাঃ।
পাদো তব গ্রহীয়ন্তি সর্বে চান্ধকর্ফয়ঃ ॥১০॥
হিরগ্রয়ংশ্চ তে কুম্ভান্ রাজতান্ পার্থিবাংস্তথা।
ওমধ্যঃ সর্ববীজানি সর্বর্গনি বীরুধঃ ॥১৪॥
রাজন্যা রাজকন্যান্চাপ্যানয়ন্তাভিষ্কেনম্।
যর্গে স্বাঞ্চ তথা কালে দ্রোপত্যপগমিয়তি ॥১৫॥ (যুগ্মকম্)

ভাবতকোমুদী

পিত্রিতি। পার্থা: পাগুবা:। পক্ষো সহায়ো ॥>০॥
ময়েতি। যাতং গত্ম। কৌল্ডেখং ক্স্তীপূত্রম্॥>১॥
পাদাবিতি। পাদো গ্রহীয়স্তি তব জ্যেষ্ঠহাং। ক্রোপদেয়া ক্রোপালা: পূত্রা: ॥>২॥
বাজান ইতি। পাগুবার্থে মৃক্ষেন পাগুবসাহায্যার্থে ॥>৩॥
হিবক্ষানিতি। হিবক্সান্ স্বর্ণময়ান্, পার্থিবান্ মুম্মধান্। বীক্ষধো লতা:। আভি-

কর্ণ। আপনি সেই অবস্থায় জন্মিয়াছেন বলিয়া কানীনপুত্রই বটেন। স্তবাং আপনি ধর্মশাস্ত্রেব নিয়ম ও ধর্ম অমুসাবে পাণ্ড্রই পুত্র। অতএব চলুন, আপনিই রাজা হইবেন ॥১॥

পুক্ষশ্রেষ্ঠ ! আপনাব পিতৃপক্ষে পাশুবেরা এবং মাতৃপক্ষে বৃঞ্চিবংশীযেবা, এই ছুই পক্ষকেই আপনি আপনাব সহায বলিয়া মনে ক্কন ॥১০॥

মাননীয় কর্ণ ! আপনি আত্ব এস্থান হইতে উপপ্লব্যনগবে উপস্থিত হইলে, পাশুবেবা আপনাকে কুন্তীব পুত্র এবং যুখিন্ঠিবেব অগ্রন্ধ বলিয়া অবগত _ ইউন ॥১১॥

পাণ্ডবেনা পঞ্চ ভ্রাভা, দ্রোপদীৰ পঞ্চপুত্র এবং অপবাজিত অভিনন্ত্য ইহানা আপনাব চৰণযুগল ধাৰণ কৰিবেন ॥১২॥

পাণ্ডবগণেব সাহায্যেব জন্ম সমাগত বাজগণ, বাজপুত্রগণ এবং সমস্ত বৃঞ্চি ও অন্ধববংশীয় লোক আপনাব পদযুগল গ্রহণ কবিবেন ॥১৩॥

বাজাবা ও বাজক্সাবা আপনাব বাজ্যাভিষেকেব জন্ম বর্ণময়, বৌপ্যময় ও

অগ্নিং জুহোতু বৈ ধোন্যঃ শংসিতাত্মা দিজোত্তনঃ।
অন্ত ত্বানভিষিঞ্চ চাতুর্বিতা দিজাতয়ঃ॥১৬॥
পুরোহিতঃ পাগুবানাং ব্রহ্মকর্মণ্যবস্থিতঃ।
তথৈব ভাতরঃ পঞ্চ পাগুবাঃ পুরুষর্যভাঃ॥১৭॥
দ্রোপদেয়ান্তথা পঞ্চ পাঞ্চালাশ্চেদয়ন্তথা।
অহঞ্চ দ্বাভিষেক্যামি রাজানং পৃথিবীপতিয়্॥১৮॥ (যুগ্মকম্)
যুবরাজোহস্ত তে রাজা ধর্মপুত্রো যুধিন্তিরঃ।
গৃহীদ্বা ব্যজনং শ্বতং ধর্মাত্মা সংশিতব্রতঃ॥১৯॥
উপান্বারোহতু রথং কৃতীপুত্রো যুধিন্তিরঃ।
ছত্রঞ্চ তে মহাশ্বেতং ভীমসেনো মহাবলঃ॥২০॥
অভিবিক্তপ্ত কোন্তেয়ো ধারয়িক্যতি মুর্জনি।
কিঙ্কিণীশতনির্ঘোহং বৈয়াত্রপরিবারণম্॥২১॥

ভাবতকোমূদী

বেচনম্ অভিবেকত্রবাম্। ষঠে কাল ইতি প্রাতিলোম্যেনোক্তাা প্রথমে কাল ইত্যর্থঃ। নাবদকৃতনিয়মাৎ যুখিটিবাদীন্ পঞ্চ পঞ্চয়্ব কালেম্, তংগ্রথমে আম্, ফ্রৌপছাঃ পাওবোপগমনিয়মাৎ
উক্তশাম্বেণ ভবাপি পাওবছাদিতি ভাবঃ ৪১৪—১৫৪

অগ্নিমিতি। শংসিতাঝা প্রশন্তচিক্তঃ। চাতুর্বৈভাঃ চতুর্বেদবিদঃ ॥১৬। পুরোহিত ইতি। বন্ধকর্মণি বঞ্জীয়ব্রহ্মকার্যো। তা তাম্ ॥১৭—১৮॥ যুবেতি। বেতং ব্যম্ভনং চামরুম্। উপ সমীপে, অন্থ পশ্চাং। কিছিণীশতক্ত নির্ণোবে৷

মৃদ্ময় কুন্ত এবং ওষধি, সমস্ত বীজ, সকল রত্ন ও লতা আনয়ন করুন। আর জৌপদীদেবী ষষ্ঠ সময়ে (প্রথম সময়ে) আপনাব সহিত মিলিত হইবেন ॥১৪-১৫॥

প্রশস্তচিত্ত ও ব্রাহ্মণশ্রেষ্ঠ খৌম্য অগ্নিডে হোম করুন এবং চতুর্বেদবিৎ ব্রাহ্মণেবা আৰু আপনাকে রাজ্যে অভিষিক্ত ককন #১৬#

পাণ্ডবগণেৰ অপর পুরোহিত ব্রহ্মকার্য্যে প্রবৃত্ত হউন, আর পুরুষশ্রেষ্ঠ পাণ্ডবেবা পঞ্চ প্রাতা, জৌপদীৰ পঞ্চ পুত্র, পাঞ্চালগণ, চেদিদেশীয়গণ এবং আমি, আমবা আপনাকে পৃথিবীর বাজ্যে অভিষিক্ত করিব ॥১৭—১৮॥

বর্ত্তমান রাজা ধর্মপুত্র যুধিষ্টির আপনার যুবরাজ হউন এবং ধর্মান্মা, দূঢ়ব্রত ও কুন্তীনন্দন সেই যুধিষ্টির চামর ধারণ করিয়া আপনার রণের পশ্চান্তাগে নিকটে অপব রথে আরোহণ করুন; কুন্তীনন্দন মহাবল ভীমসেন অভিযেকের

⁽১৬)
 সংশিতাখা ছিজোত্তম:
ব বা নি .

রথং ষেতহয়ৈর ক্রমর্জনো বাহয়িয়তি।

অভিমন্ত শ্বন্ধ তে নিত্যং প্রত্যাসনো ভবিয়তি ॥২২॥ (কলাপকম্)
নকুলঃ সহদেবশ্ব দ্রৌপদেয়াশ্ব পঞ্চ যে।
পাঞ্চালাশ্বাস্থান্তি শিখন্তী চ মহারথঃ ॥২০॥
অহঞ্চ ত্বাসুযাস্থামি সর্বে চান্ধকর্ষয়ঃ।
দাশাহাঃ পরিবারান্তে দাশার্ণাশ্ব বিশাংপতে। ॥২৪॥
ভূজ্জ্ব রাজ্যং মহাবাহো। ভাতৃভিঃ সহ পান্তবৈঃ।
জপৈহোঁনেশ্ব সংযুক্তো মঙ্গলৈশ্ব পৃথমিধিঃ ॥২৫॥
পুরোগমাশ্ব তে সন্ত দ্রবিড়াঃ সহ কৃত্তলৈঃ।
আন্ধ্রান্তালব্রাশ্বের চুচুপা বেণুপান্তথা ॥২৬॥
স্তবন্ত ত্বাঞ্চ বহুভিঃ স্তিভিঃ সূত্মাগধাঃ।
বিজয়ং বহুষেণস্থ ঘোষয়স্ত চ পাশুবাঃ ॥২৭॥

ভাবতকৌমূদী

